আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৬ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৭ || সংখ্যা ৪৪ || সোমবার || শ্রাবন ২৩ || ১৪৩০ || মুহর্‌রম ২০ || ১৪৪৫ || Vol. 27 || Issue 44 || August 7 || 2023 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বিশ্বকাপ ফুটবল: শেষ ১৬'য় ছিটকে পড়লো যুক্তরাষ্ট্র নারী দল

বাংলা পত্রিকা ডেস্কঃ বিশ্বকাপ ফুটবলের নকআউট পর্বে ঢুকেই ছিটকে পড়েছে পরপর দুই বারের চ্যাম্পিয়ন যুক্তরাষ্ট্রের নারী ফুটবল দল। সুইডেনের **(বাকি অংশ ১৮ পাতায়)**


নিউইয়র্কে গৃহ সহিংসতা : বাংলাদেশিসহ দক্ষিণএশীয়রা শীর্ষে

বাংলা পত্রিকা ডেস্কঃ গরম বাড়ার সাথে সাথে নিউইয়র্ক সিটিতে বাড়ছে গৃহ অভ্যন্তরীণ সহিংসতা। এ বিষয়ে সতর্কতার কথা জানিয়েছেন বিভিন্ন সার্ভাইভারস গ্রুপ। তারা বলছেন বিশেষ করে দক্ষিণ এশীয় কমিউনিটির মধ্যেই এই ধরনে সহিংসতা বাড়ার প্রবণতা দেখা দিয়েছে। তারা বলছেন, গ্রীস্মকাল এলেই এইসব পরিবারগুলোতে গৃহঅভ্যন্তরীণ সহিংসতা বাড়তে থাকে। সাউথ এশিয়ান উইমেনদের একটি সংগঠন সখি এ ধরনের সংহিসতা প্রতিরোধে কাজ করে। নিউইয়র্ক সিটিভিত্তিক সংগঠনটি একটি হেল্প-লাইন চালু করে দক্ষিণ এশীয় পরিবারগুলোকে সহায়তা দিয়ে আসছে। সখির ডেভেলপমেন্ট অ্যান্ড কমিউনিকেশনস সিনিয়র অ্যাসোসিয়েট ডিরেক্টর জয়নব মোজাফ্‌ফর বলছিলেন, গত বছরে তাদের কাছে হেল্পলাইনে কল আসার সংখ্যা অনেক বেড়েছে। ২০২১ ও ২০২২ সালে শীত মৌসুমে যতটা কল আসে গ্রীস্মে তার চেয়ে দ্বিগুন আসে বলেও জানান তিনি।
১৯৮৯ সালে প্রতিষ্ঠার পর থেকে সখির সদস্যরা গৃহ সহিংসতার শিকার নারীদের সহায়তায় কাজ করে আসছে। দক্ষিণ এশীয় কমিউনিটিতে এই সহিংসতার ভিন্ন ভিন্ন রূপ রয়েছে বলেও **(বাকি অংশ ১৮ পাতায়)**

ইঁদুরের উৎপাত, ট্র্যাশ কনটেইনার সমাধান খুঁজছে নিউইয়র্ক

বাংলা পত্রিকা ডেস্কঃ গেলো এপ্রিলে নিউইয়র্ক সিটির জন্য একজন র‍্যাট জার নিয়োগ করেছিলেন মেয়র এরিক অ্যাডামস। এখন তার পরবর্তী পদক্ষেপ হিসেবে নতুন নিয়ম। সে নিয়ম মানতে হবে নগরের খাদ্য ব্যবসায় জড়িত সকলকে। রেস্টুরেন্ট, সুপারমার্কেট থেকে শুরু করে **(বাকি অংশ ১৮ পাতায়)**

নিউইয়র্কে ফের বাড়ছে কোভিড-১৯



বাংলা পত্রিকা ডেস্কঃ নিউইয়র্ক সিটির হেলথ অফিসিয়ালসরা জানাচ্ছেন, তারা দেখেছেন নগর জুড়ে কোভিড-১৯ এর মাত্রা আবারও বাড়তে শুরু করেছে। নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ বলেছে, মাত্র এক সপ্তাহে কোভিড-১৯ এর আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তির সংখ্যা ২২% বেড়েছে। গরম আবহাওয়া আর একই সঙ্গে বাতাসের মান কমে যাওয়ার কারণেই এমনটা হতে পারে বলে আশঙ্কা বিশেষজ্ঞদের। তারা বলছেন, নগরবাসীকে মনে রাখতে হবে, কোভিড শেষ হয়ে যায়নি। এখনো বিস্তার ঘটিয়েই চলেছে। বাতাসের মান কমে যাওয়া ও প্রচণ্ড গরমের কারণে অনেকেই ঘরে থাকা কিংবা এক স্থানে বেশি জড়ো হওয়ার কারণে এই সংক্রমণের হার বাড়তে পারে এম-নটাই **(বাকি অংশ ১৫ পাতায়)**

বিশ্বে পরমাণু যুদ্ধের দামামা হুঁশিয়ারি জাতিসংঘ মহাসচিবের



বাংলা পত্রিকা ডেস্কঃ বিশ্বে আবারও পারমাণবিক যুদ্ধের আশঙ্কার কথা জানিয়ে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। রোববার জাপানের হিরোশিমায় যুক্তরাষ্ট্রের আণবিক বোমা নিক্ষেপের ৭৮তম বার্ষিকী উপলক্ষে দেওয়া এক বিবৃতিতে তিনি এই হুঁশিয়ারি উচ্চারণ করেন। জাতিসংঘের **(বাকি অংশ ১৮ পাতায়)**



পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান গ্রেফতার

ঢাকা ডেস্ক, ৬ আগস্ট : পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ও পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) পার্টির চেয়ারম্যান ইমরান খানকে শনিবার তিন বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত। এর আধা ঘণ্টার মধ্যেই তাকে গ্রেফতার করে কারাগারে পাঠিয়েছে (বাকি অংশ ১৮ পাতায়)

বাসের ভাড়া ফাঁকি, অপরাধীদের ধরবে এনওয়াইপিডি

বাংলা পত্রিকা ডেস্কঃ বাসের ভাড়া যারা না দিয়ে চড়তে চায় তাদের জন্য দুর্দিন আসছে। মেট্রো ট্রানজিট অথরিটি-এমটিএ বলছে তারা বিনে ভাড়ায় চড়তে যাওয়া যাত্রীদের ধরতে পুলিশের সহায়তা চেয়েছে। এবং এনওয়াই-পিডি এই লক্ষ্যে শিগগিরই বাসরুটগুলোতে **(বাকি অংশ ১৮ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

WIN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Assoricate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public
- Bookkeeping - Business Formation
- Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে


কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 intuit Company

AUTHORIZED IRS e-file PROVIDER



Steven M. Levy, CPA



আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকা
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
Phone: 646-464-5944
718-487-4507

ব্রংক্স
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেষ্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

email: usa.bd54@gmail.com

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
৩-এর পৃষ্ঠা

নিউইয়র্কে বন্দুক হামলা কমেছে ৩১%, গ্রেফতার বেড়েছে ১৫%

বাংলা পত্রিকা ডেস্কঃ এনওয়াইপিডির তথ্য বলছে, নিউইয়র্কে বন্দুক হামলা কিংবা আগ্নেয়াস্ত্রের ব্যবহার এক বছরে ৩১% কমেছে। গত বছরের জুলাইয়ের তুলনায় এ বছরের জুলাই মাসে নিউইয়র্কে গুলিতে হত্যা এবং গোলাগুলির ঘটনা অনেক কম বলে এনওয়াইপিডি জানিয়েছে। গত বছরের জুলাইতে গোলাগুলির ঘটনা ছিল ১৫৩। এ বছর তা ১০৪ এ নেমেছে। গুলিবিদ্ধ হবার সংখ্যাও কমেছে ৩৩% অর্থাৎ এ বছরের জুলাই মাসে গুলিবিদ্ধ ১৩১ জনকে হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে। গত বছর এ সংখ্যা ছিল ১৯৫। এনওয়াইপিডি প্রকাশিত প্রতিবেদনে দেখা যায় যে, রেকর্ড সৃষ্টিকারি তাপদাহের জুলাই মাসে নিউইয়র্ক সিটিতে গুরুতর অপরাধের মাত্রা সামান্য বেড়েছে, তা ১% এরও কম অর্থাৎ এবারের জুলাইতে ২৩৭৮টি গুরুতর অপরাধের ঘটনায় পুলিশ স্টেশনে মামলা হয়েছে। গত বছর ছিল ২৩৭৬টি। গাড়ি চুরির ঘটনাও বেড়েছে ২১% এবং এ বছরের জুলাইতে ১৩৭৫টি গাড়ি চুরি হয়েছে এই সিটি থেকে।

আসফিফাকুর রহমান পিতাঃ মোঃ মতিউর রহমান, মাতাঃ মোছাঃ সাজেদা রহমান এর সহিত ফাব্বিয়া বখ্‌ত, পিতা মিঃ শোহেব বখত ও মাতা মেসার্স কহিনুর আহমেদ এর বিবাহ অনুষ্ঠান




MIJAN REAL ESTATE LTD.
Reg. No. C-187784
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
রাজউক অনুমোদিত পূর্বাচল, উত্তরা এবং বসুন্ধরা,ধানমন্ডি, বনানী ও গুলশান সহ ঢাকায় জায়গা, বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন। 917-631-5050
USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419
EXIT
EXIT REALTY PRIME
ThInkIng of BUYING-
SELLING, INVEST, RENT
Houses, Co-op&Condo
Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
189-10 Hillside Ave, Suite E, NY 11423
Tel: 718-262-0205, Fax: 718-262-0254
www.EXITprmeNY.com
Mijanur Rahman (Mijan)
Chairman & CEO
917-631-5050
Email: RealtorMijan@gmail.com

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত
MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট
কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ কোনড্রিজ এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
১০৮১ কাডমেন প্লাজা, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

Only scammers say
you have to pay with
gift cards, cryptocurrency,
or wire transfers.

Learn to spot the scams:

ftc.gov/languages



FEDERAL TRADE
COMMISSION

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

দ্রব্যমূল্যের অব্যাহত উর্ধ্বগতি, নিয়ন্ত্রণ করা যাচ্ছে না কেন?

নানা পদক্ষেপ নেওয়া সত্ত্বেও দ্রব্যমূল্যের পাগলা ঘোড়া নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। বিষয়টি উদ্বেগজনক। নিত্যপণ্যের উর্ধ্বগতির কারণে মানুষ যখন দিশেহারা হয়ে পড়েছে, তখনো মূল্যবৃদ্ধি অব্যাহত রয়েছে।

দ্রব্যমূল্য স্বাভাবিক রাখতে কর্তৃপক্ষ নানা উদ্যোগ নিলেও তা কেন কাজে আসছে না, তা খতিয়ে দেখতে হবে। অসাধু ব্যবসায়ীদের কারসাজিতে এক বছরের ব্যবধানে প্রায় সব পণ্যের দাম দ্বিগুণ থেকে তিনগুণ হয়েছে। বছরের পর বছর অসাধু ব্যবসায়ীদের সিন্ডিকেট সক্রিয় থাকলেও তাদের বিরুদ্ধে কেন যথাযথ ব্যবস্থা নেওয়া হয় না, এটা এক প্রশ্ন।

অভিযোগ রয়েছে, বাজার পর্যবেক্ষণে জড়িত অসাধু কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে ব্যবসায়ী সিন্ডিকেটের যোগসাজশের কারণেই অসাধু ব্যবসায়ীরা পার পেয়ে যাচ্ছে। ব্যবসায়ীরা নিত্যপণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে এবং ক্রেতাদের জিম্মি করে বিপুল অর্থ হাতিয়ে নিচ্ছে, এটাও বহুল আলোচিত। আয়ের সঙ্গে ব্যয়ের হিসাব মেলাতে না পেরে রীতিমতো দম বন্ধের উপক্রম হচ্ছে ক্রেতাদের।

গত বছর অস্বাভাবিক হারে জ্বালানি তেলের দাম বাড়ানো হয়েছিল। এর প্রভাবে পণ্য পরিবহণ, গণ-পরিবহণের ভাড়া এবং সব ধরনের সেবার দাম লাগামহীনভাবে বেড়েছে। এরপর দফায় দফায় বাড়ানো হয়ছে গ্যাস-বিদ্যুতের দাম।

এসব কারণেও অস্বাভাবিক হারে বেড়েছে নিত্যব্যবহার্য পণ্যসহ বিভিন্ন সেবার দাম। গত কয়েক মাসে গড় মূল্যস্ফীতির নতুন রেকর্ড সৃষ্টি হয়েছে, যা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর হালনাগাদ তথ্যেও উঠে এসেছে। ইতোমধ্যে অনেক পণ্যের দাম আকাশ ছুঁয়েছে। পণ্যের দামের উর্ধ্বগতির কারণে মানুষ হঁ-াসফাঁস করছে। এ অবস্থা কতদিন চলবে, তা ভেবে মানুষের উদ্বেগের শেষ নেই। সরকারকে অবিলম্বে এসব দিকে জোরালো দৃষ্টি দিতে হবে। খাদ্য তালিকা থেকে পুষ্টিকর খাবার বাদ দিলে মানুষ পুষ্টিহীনতার শিকার হবে। এর প্রভাব পড়বে জনশক্তির ওপর। অপুষ্টির কারণে যে মানের জনশক্তি তৈরি হবে, তা দিয়ে নতুন শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা করা কতটা সম্ভব হবে?

লক্ষ করা যায়, কোনো পণ্যের দাম আন্তর্জাতিক বাজারে বৃদ্ধি পেলে তখনই স্থানীয় বাজারে এর প্রভাব পড়ে। কিন্তু কোনো পণ্যের দাম আন্তর্জাতিক বাজারে হ্রাস পেলে স্থানীয় বাজারে এর প্রভাব পড়ে দেরিতে। শুধু তাই নয়, নিত্যপণ্যের দাম আন্তর্জাতিক বাজারে কমলেও দেশের বাজারে এর উলটো চিত্র লক্ষ করা যায়। বিশেষজ্ঞদের মতে, বিশ্ববাজারে খাদ্যপণ্যের দাম কমার প্রভাব দেশে না পড়ার মূল কারণ কার্যকর বাজার ব্যবস্থাপনার অভাব। নিত্যপণ্যের বাজারের অস্থিরতা অব্যাহত থাকলে স্বল্প ও সীমিত আয়ের মানুষের বেঁচে থাকার উপায় কী? বর্তমানে ধানকাটার মৌসুমেও চালের দামে অস্থিরতা লক্ষ করা যায়। এ থেকেই স্পষ্ট অসাধু ব্যবসায়ীদের সিন্ডিকেট কতটা বেপরোয়া হয়ে উঠেছে। বিভিন্ন পণ্য নিয়ে কারসাজি অব্যাহত থাকলেও অপরাধীদের চিহ্নিত করা হচ্ছে না। রাজধানীসহ সারা দেশের হাটবাজারে খুচরা পর্যায়ে প্রায় সব ধরনের পণ্য বেশি দামে বিক্রি হচ্ছে। গত কয়েক মাস ধরে মসলাসহ বিভিন্ন নিত্যপণ্যের বাজারে যে ধরনের অস্থিরতা চলছে, তা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। বাজার তদারকি সংস্থার দুর্নীতিবাজদের চিহ্নিত করাও জরুরি। পণ্য ও সেবার দাম যাতে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকে, সেজন্য সরকারকে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

রাজা-বাদশাহদের অমরত্ব লাভের বাসনা!

॥ গোলাম মাওলা রনি ॥

রাজা-বাদশাহদের বিরাট অংশ মরতে চান না। অনেকে অমরত্ব লাভের জন্য শেষ নিঃশ্বাস অবধি চেষ্টা-তদবির করে গেছেন। মহাচীনের প্রথম সম্রাট শি হুয়ান টি মরতে চাননি। আজ থেকে দুই হাজার ২০০ বছর আগে তিনি যখন মারা যান তখন বেঁচে থাকার জন্য তার যে আকুতি এবং মৃত্যুপরবর্তী জীবন সম্পর্কে তার যে আতঙ্ক তা আজ অবধি বিশ্ব ইতিহাসের কিংবদন্তির দলিল হয়ে আছে। সম্রাট শি হুয়ান-এর মতো কুব-লাই খানও মরতে চাননি। চেঙ্গিস খানের পৌত্র অর্থাৎ নাতি কুবলাই খান অমর হতে না পারলেও দীর্ঘ জীবন পেয়েছিলেন। ৮০ বছরের সুদীর্ঘ বর্ণাঢ্য জীবন এবং ৩০ বছরের গৌরবময় রাজত্বকালে পৃথিবীর মানচিত্রের বিশাল অংশে তিনি যে সুশাসন-ন্যায়বিচার এবং প্রজাদের কল্যাণে যেসব যুগান্তকারী বিপ্লব ঘটিয়েছিলেন তার দ্বিতীয় নজির মহাকালের ইতিহাসে নেই।

চীনের প্রথম সম্রাট শি হুয়ান টি সম্পর্কে বিস্তারিত জানা না গেলেও কুবলাই খানের ইতিহাস আজও জীবন্ত হয়ে আছে মূলত বিখ্যাত পর্যটক মার্কো পলোর কারণে। মার্কো পলোর লিখনী থেকেই আমরা জানতে পারি, মধ্য যুগের দুনিয়ার সর্বশ্রেষ্ঠ চিকিৎসকদের কুবলাই খান তার রাজধানীতে জড়ো করেছিলেন অমরত্ব লাভের উপায় উদ্ভাবনের জন্য। কুবলাই খানের মতো মিসরীয় ফেরাউ-নরাও চেষ্টা করেছিলেন অমরত্ব লাভের জন্য। কিন্তু তারা যখন দেখলেন, নশ্বর জীবনে দেহজাত অমরত্ব অসম্ভব তখন তারা মৃত্যুর পর নিজেদের দেহকে অমরত্ব দানের জন্য মমি তৈরির পদ্ধতি আবিষ্কার করেন এবং সেসব মমি সংরক্ষণ করে অনাগত দুনিয়াকে নিজেদের সুনাম-সুখ্যাতি-বল-বীর্য সম্পর্কে জানান দেয়ার জন্য একের পর এক পিরামিড নির্মাণ করতে থাকেন।

আদিকালের রাজা-বাদশাহদের মতো হালআমলের ক্ষমতাধর মন্ত্রী, এমপি, প্রধানমন্ত্রী কিংবা রাষ্ট্রপতিরা তাদের নশ্বর দেহ নিয়ে আজীবন বেঁচে থাকার স্বপ্ন দেখেন না। তবে ক্ষমতায় বসে তারা মৃত্যুর কথা বেমালুম ভুলে যান- এমনকি তাদেরকে যদি নিশ্চিত জান্নাত দেয়া হবে এমন প্রতিশ্রুতি দেয়া হয়, তবুও তারা মরতে চান না। এখন প্রশ্ন হলো- ক্ষমতাধর লোকদের মধ্যে পার্থিব জীবনের প্রতি কেন লোভ-লালসা প্রবল থাকে এবং কেনই বা তারা মৃত্যুর কথা ভুলে গিয়ে দুনিয়াকে জীবনের সব সফ-লতার চাবিকাঠি মনে করেন? বিষয়টি নিঃসন্দেহে জটিল এবং ক্ষমতাধরদের মন-মানসিকতা, শিক্ষা, জন্ম, ক্ষমতা লাভের প্রেক্ষাপট, কর্মচিন্তা ইত্যাদি বহুবিধ বিষয়ের ওপর নির্ভর করে। মানুষের দেহজাত ভোগ-বিলাস, আরাম-আয়েশ, ক্লান্তি, দুর্ভোগ, রোগ-শোকের মতো মন ও মস্তিষ্কের মাধ্যমেও মানুষ নিদারুণভাবে তাড়িত হয়। মানুষের পাঁচটি ইন্দ্রিয় দ্বারা যেমন মানুষ সুখ-শান্তি সন্তুষ্টি ভোগ করে তদ্রূপ ইন্দ্রিয়জাত জুলুম-অত্যাচার-রোগ-শোক ইত্যাদি দ্বারা মানুষের আত্মা-শান্তি পেতে থাকে। আমাদের স্বাভাবিক জীবনের প্রায় সব কিছুই অঙ্কের মতো। ভালো কাজের ভালো ফল- মন্দ কাজের মন্দ পরিণতি। অন্য দিকে মন ও মস্তিষ্ক সাধারণত অঙ্কের চেয়ে রসায়ন দ্বারা বেশি প্রভাবিত। মানুষের শুভ কর্ম দ্বারা মন ও মস্তিষ্কে এক ধরনের রস সৃষ্টি হয় যা তাকে সৃষ্টির সেরা জীবে পরিণত করে। অন্যদিকে, মন্দ কর্মের দ্বারা যে বিষ মন ও মস্তিষ্কে জমা হয় তা মানুষকে প্রকৃতির নিকৃষ্ট কীট-পতঙ্গ, জন্তু-জানোয়ার এবং ইবলিসে পরিণত করে ফেলে।

মানুষ যখন পরিশ্রমের কাজ করে তখন তার মধ্যে অঙ্ক এবং রসায়ন যেভাবে কাজ করে তা সম্পূর্ণ বিপরীত হয়ে যায় যখন সে অলসের জীবনযাপন করে। একইভাবে সফলতা এবং ব্যর্থতার কারণেও জীবনের অঙ্ক উলটপালট হয়ে যায়। ভোগের কারণে ভোগী এবং ত্যাগের কারণে যোগী প্রকৃতির মানুষ তৈরি হয়। মানুষের পেশা-শিক্ষা-দীক্ষা-বংশ ও আঞ্চলিকতার প্রভাবও তার জীবনে অনেক কিছুর নিয়ামক হিসেবে কাজ করে। মানুষ যখন তার নিজের প্রয়োজনে ব্যবসায়-বাণিজ্য কিংবা অন্য কোনো পেশায় নিয়োজিত থাকে তখন তার জীবনে উল্লিখিত বৈজ্ঞানিক সূত্রগুলো মোটামুটি প্রযোজ্য হয়। কিন্তু মানুষ যখন রাষ্ট্রক্ষমতা লাভ করে তখন তার জীবনে শরীরের ক্ষেত্রে কেবল জীববিদ্যা প্রযোজ্য হয় অর্থাৎ বেশি খেলে পেট খারপ- কম খেলে দুর্বল, পরিশ্রম করলে ক্লান্তি-অলস থাকলে নির্জীব ইত্যাদি ঘটনা ঘটতে থাকে। কিন্তু তার মন-মস্তিষ্ক ও ইন্দ্রিয়জাত কর্মকাণ্ড দুনিয়ার স্বাভাবিক নীতি-নৈতিকতা-বোধ, বুদ্ধি-বিজ্ঞান অথবা ধর্ম-কর্ম দ্বারা নিয়ন্ত্রিত হয় না। রাষ্ট্রক্ষমতায় আসীন রাজা-বাদশাহদের মন-মানসিকতায় এমন একটি অপার্থিব অলৌকিক ও অতিপ্রাকৃত বিষয় ভর করে যার কারণে তারা বেশির ভাগ সময় পৃথিবীর নির্মম বাস্তবতা ভুলে যান।



উল্লিখিত কারণে আমরা কোনো কোনো রাজা-বাদশাহকে দেখি চীনের মহাপ্রাচীর, আগ্রার দুর্গ, কুতুব মিনার অথবা ব্যাবিলনের ঝুলন্ত বাগান নির্মাণ করতে। কাউকে দেখি মানুষের খণ্ডিত মস্তক দিয়ে পিরামিড তৈরি করতে। কেউবা মানুষের রক্ত পান করেছেন- আবার কেউ কেউ মানুষের যকৃৎ বা কলিজা খেয়ে অমরত্ব লাভের চেষ্টা করেছেন। কারো কারো বাসনা অর্থের প্রতি এতটা প্রবল ছিল যে, তামাম দুনিয়ার ধন-সম্পদ লুণ্ঠন করে একত্রে জড়ো করার মধ্যে অমরত্ব খুঁজে বেড়িয়েছেন। কাম দ্বারা তাড়িত হয়ে হাজার হাজার তরুণীকে হেরেমে বন্দী করেছেন। যারা মদ-জুয়া-পাশায় আসক্ত ছিলেন তারা দুনিয়ার সব কিছু ভুলে কেবল ওসবে মত্ত থেকেছেন। আর যারা জুলুম-অত্যাচারে আসক্ত হয়েছিলেন তাদের কাছে মানুষের আর্তচিৎকারের চেয়ে চিত্তবিনোদনের অন্য কোনো উপায় অবশিষ্ট ছিল না। রাজা-বাদশাহদের উল্লিখিত মন্দ দিক ছাড়াও যেসব কল্যাণকর দিক রয়েছে তা নিয়ে আজকের নিবন্ধে বিস্তারিত আলোচনা করব না। রাজা-বাদশাহদের শুভ কর্মের কারণেই আজকের দুনিয়া আধুনিক সভ্যতার চূড়ান্ত শিখরে যেমন পৌঁছেছে তদ্রূপ তাদের কুর্মের জন্যই কখনো কখনো মানব সভ্যতা হাজার বছর পিছিয়ে গেছে। আবার কেউ কেউ সভ্যতার চাকাটিকেই উল্টো পথে ঘুরিয়ে দিয়েছেন। যারা ভালো কাজ করেছেন তারা সবাই অমরত্ব লাভের জন্যই করেছেন। অন্য দিকে, মন্দ রাজা-বাদশাহরাও অমরত্ব লাভের লালসায় সব কিছু তছনছ করেছেন। ভালো শাসকদের অমরত্ব এবং মন্দ শাসকদের অমরত্বের মৌলিক পার্থক্য হলো- ভালোরা মরে গিয়ে অমরত্ব লাভের চেষ্টা করে আর মন্দরা মরার কথা ভুলে গিয়ে আজীবন বেঁচে থাকার দুঃস্বপ্নের মধ্যে অমরত্ব খোঁজে।

আমরা আজকের আলোচনার শেষ পর্যায়ে চলে এসেছি। এবার শিরোনাম নিয়ে সংক্ষেপে আলোচনা করে নিবন্ধের ইতি টানব। রাজা-বাদশাহদের যে অংশটি মৃত্যুর কথা ভুলে যায় এবং পার্থিব জীবনকেই নিজের অমরত্বের চাবিকাঠি মনে করে তাদের মন-মানসিকতা, চিন্তা-চেতনা, পঞ্চ ইন্দ্রিয় এবং পরিবেশ প্রতিবেশের মধ্যে পৃথিবীর যা কিছু মন্দ, যা কিছু নিকৃষ্ট এবং যা কিছু নিন্দিত তার সব কিছুই স্বয়ংক্রিয়ভাবে সংযুক্ত হয়। মানবরূপী দানবরা এসে তাদের উজির নাজিরে পরিণত হয়। তারা নিজেদের জন্য এমন একটি বদ্ধ ঘর তৈরি করে যেখানে মহাশূন্যের মতো পরিস্থিতি বিরাজ করে। অর্থাৎ আলো-বাতাস মাধ্যাকর্ষণ-মহাকর্ষণের মতো পৃথিবীর কোনো মৌলিক বৈশিষ্ট্য সেখানে থাকে না। ফলে তারা শব্দহীন বায়ুহীন পরিবেশে ওজনহীন হয়ে ফোলানো ফাঁপানো বেলুনের মতো ভাসতে থাকে। সেখান থেকে তারা যেসব অবাস্তব নিষ্ঠুর নির্মম মৃত্যুপরোয়ানা জারি করে তা তাদের দোসরদের মাধ্যমে লোকালয়ে এসে যে বিপর্যয় সৃষ্টি করে তার কোনো শব্দ তারা শুনতে পায় না। কোনো দৃশ্য তারা দেখতে পায় না এবং তাদের তৈরি করা আয়নাঘরের বাইরের দুনিয়ার কোনো কিছুই তারা আন্দাজ করতে পারে না। ফলে তাদের চিন্তা-চেতনা থেকে মৃত্যুভয় রহিত হয়ে যায় এবং পার্থিব জীবনের মধ্যেই নিজেদের অমরত্ব খুঁজে বেড়ায়।

লেখক : সাবেক সংসদ সদস্য

নামাজের সময়-সূচী

আগস্ট	৭	৮	৯	১০	১১	১২	১৩
ফজর	৪.৩১	৪.৩২	৪.৩৪	৪.৩৫	৪.৩৬	৪.৩৮	৪.৩৯
সূর্যোদয়	৫.৫৬	৫.৫৭	৫.৫৮	৫.৫৯	৬.০০	৬.০১	৬.০২
জোহর	১.০২	১.০২	১.০২	১.০২	১.০২	১.০১	১.০১
আসর	৬.০১	৬.০০	৫.৫৯	৫.৫৮	৫.৫৮	৫.৫৭	৫.৫৬
মাগরিব	৮.০৬	৮.০৫	৮.০৪	৮.০৩	৮.০১	৮.০০	৭.৫৯
এশা	৯.৩৩	৯.৩২	৯.৩০	৯.২৮	৯.২৭	৯.২৫	৯.২৪

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

অদৃশ্য দৃশ্যাবলী

নিশ্চয়ই সেটা তারা করবে না

॥ সালাহউদ্দিন বাবর ॥

কোনো সংস্থা বা রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ ব্যক্তির দায়িত্ব পালনকালে কথাবার্তায়, বাচনভঙ্গিমায়, দেহশৈলীতে এমন কিছু বলা বা প্রদর্শন করা ঠিক নয়, যা তার পূর্ববর্তী বক্তব্য, আচার-আচরণের সাথে খাপ খায় না। যদি তারা কখনো এমন কিছু করে ফেলেন, সেটি তাদের পদমর্যাদার, দায়িত্বের বরখেলাপ হতে পারে। এই মুহূর্তে এর চেয়ে বেশি কিছু না বলে বক্ষ্যমাণ নিবন্ধ এগিয়ে নিয়ে যাই। সেখান থেকে বর্তমান পরিস্থিতি সম্পর্কে সমঝদাররা সব বুঝে নিতে সক্ষম হবেন বলে আশা করি।

আমাদের প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল সম্প্রতি একটি ইংরেজি জাতীয় দৈনিককে সাক্ষাৎকার দিয়েছেন। সেখানে এক প্রশ্নের জবাবে সিইসি বলেছেন, নির্দিষ্ট কয়েকটি রাজনৈতিক দল বর্তমান সরকার ও ইসির ব্যাপারে অনাস্থা প্রকাশ করেছে। তারা বলেছে, এক ধরনের অরাজনৈতিক সরকারের অধীনে নির্বাচন করতে হবে। অবশ্যই বিষয়টি রাজনৈতিক ইস্যু, তবে এখন এই বিষয়টি আসন্ন জাতীয় সংসদের নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে অংশগ্রহণমূলক শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে সঙ্কট সৃষ্টি করতে পারে। এই রাজনৈতিক বিষয়টি রাজনৈতিকভাবে নিষ্পত্তি করতে হবে। এ নিয়ে নির্বাচন কমিশনের কিছুই করার নেই। প্রশ্ন হতে পারে, ইসির কি সত্যিই কিছুই করার নেই! বোদ্ধা সমাজের কাছে এই প্রশ্ন রেখে দেয়া হলো।

এই বক্তব্যটি কিঞ্চিৎ ব্যবচ্ছেদ করা যেতে পারে। বিচার বিশ্লেষণ করে এমন সিদ্ধান্তে পৌঁছাটাই যৌক্তিক। প্রথমত সিইসি উল্লেখ করেছেন, বর্তমান সরকার ক্ষমতায় থাকাবস্থায় এবং এই ইসি বহাল থাকলে বিরোধী দলগুলো নির্বাচনে অংশ নেবে না। তারা তথা সেই দলগুলো যে কথাটি উল্লেখ করেনি, সেটি হলো, অতীতে জাতীয় সংসদের যে দুটো নির্বাচন বর্তমান সরকার ও তদানীন্তন দুই কমিশন করিয়েছিল, সেগুলোর স্বরূপ কেমন ছিল? তা ছাড়া আউয়াল কমিশনের অধীনে যে কয়টি উপনির্বাচন ও সিটির নির্বাচন হয়েছে সেগুলোর শুদ্ধতা ও মান নিয়ে কিন্তু প্রশ্নের অন্ত নেই। সে পরিপ্রেক্ষিতে এটি অনুমান করা নিশ্চয় কঠিন নয়- এই সরকার ও তাদের গঠন করা ইসি মিলেমিশে কী ধরনের নির্বাচন করতে পারে। সে জন্য তাদের ওপর আস্থা স্থাপনের জায়গা কোথায়! তাছাড়া বিরোধী দল অনেক দিন থেকেই বর্তমান সরকার-কমিশন এই দুই সত্তার ব্যাপারে তাদের 'নো কনফিডেন্স' দিয়ে আসছে। এখন নতুন করে প্রতিপক্ষ শক্তির আর কিছু বলার কি দরকার আছে?

বর্তমান ইসি গঠনের ইতিহাস সবারই জানা। তথাপি সামান্য একটু স্পর্শ করা হয়তো অযৌক্তিক হবে না। যেমন ইতিহাস সৃষ্টিকারী সাবেক মার্কিন প্রেসিডেন্ট আবরাহাম লিঙ্কন যে কথা বলেছিলেন, অব দ্যা পিপল, বাই দ্যা পিপল, ফর দ্যা পিপল'। এই ইসি বর্তমান সরকার দ্বারা গঠিত এবং কেবলই সরকারের জন্যই তারা নিবেদিত। আর কারো জন্যই কোনো স্থান ইসির হৃদয়ে নেই। তাছাড়া ইসি গঠনের যে বিধান তৈরি করা হয়েছিল সেটির জন্ম একান্তই আওয়ামী ঘরানায় এবং শুধু তাদের স্বার্থ সংরক্ষণের নিমিত্তেই বরাবর কাজ করেছে। আর কারো জন্য নয়। মাননীয় সিইসি মহোদয় আপনি দিব্যি দিয়ে বলতে পারেন কি, আপনার প্রতি সরকারের স্নেহদৃষ্টি না থাকলে আপনার পক্ষে ইসির মধ্যমণি হওয়া সম্ভব ছিল? সে জন্য আপনাকে তথা ইসিকে নিয়ে সরকারের সাথে সমান্তরালভাবে পথ চলাটাই স্বাভাবিক। আর আপনি সেটিই করছেন বলে সবার অনুমান। সরকারের ও আপনাদের আদর্শগত বন্ধন কি অবিচ্ছেদ্য নয়। সে জন্য কারোরই শাক দিয়ে মাছ ঢাকার কোনো সুযোগ নেই। যে কথা ইতোমধ্যেই বলে আসা হয়েছে। সেটি আবারো দ্বিরুক্তি করছি। আপনাদের দুই সত্তার এই অটুট বন্ধন কি আপনাদের পক্ষে ভালো নির্বাচন করানোর পক্ষে অন্তরায় নয়। এমন কিছু কল্পনা করাও কি মরীচিকার পেছনে ছোটার সমতুল্য নয়।



জিরো আলমকে শুধু হিরো আলম নয়, সরকারি প্রশাসন ও ইসির 'মদদে' কিভাবে সে একজন বিশ্ববরেণ্য ব্যক্তিত্বে পরিণত হয়েছে। অবশ্যই দুই সত্তার সম্মিলিত প্রয়াসের ফল এটি। হিরো আলমের মতো একজন দুর্বল ব্যক্তি আপনাদের নেতিবাচক কর্মকাণ্ডের কারণে এখন বিশ্বের অন্যতম শক্তিধর যুবক হিসেবে পরিচিতি লাভ করেছে। পক্ষান্তরে বিশ্ববরেণ্য এক মনীষী প্রফেসর ইউনূসকে অপদস্থের শেষ সীমায় নিয়ে যাওয়া হচ্ছে। সেলুকাস কি বিচিত্র এ দেশের প্রশাসন (!) বলা হয়, যে দেশে ঘি ও তেলের দাম এক হয় বা যেখানে সোনা আর তামার মূল্য বরাবর হয় সেখানে নাকি বাস করা খুবই দুঃসহ হয়ে ওঠে। আসলে এই জনপদের মানুষ এখন কোন সে ভূখণ্ডে বসবাস করছে- এ প্রশ্ন উঠতেই পারে।

জনাব সিইসি, দেশের মানুষ দেখছে আপনি ও আপনাদের পারিষদসহ সিসিটিভির সম্মুখে বসে অখণ্ড মনোযোগ দিয়ে অপলকনেত্রে দূরের এক নির্বাচন পর্যবেক্ষণ করেছেন। মানুষ তা দেখে আপনাদের সাধুবাদ জানিয়েছে। তবে ঘরের পাশে সেই আর্শিনগর ছিল গুলশান। কিন্তু তারপরও আপনারা 'চোখের আলোয় দেখেননি চোখের বাহিরে।' এর পরও যদি ইসি জনগণকে বলেন তাদের ওপর অটুট আস্থা রাখতে। সেটা 'ওভার টেক্সশেন' হয়ে যায় না। এ কথাটা যদি একটু ঘুরিয়ে বলা যায়, আপনারা জনগণের ওপর অটুট আস্থা রাখুন। সম্মিলিতভাবে জনগণের জন্য একটা ভালো পরিবেশ সৃষ্টি করুন। তাহলে দেখবেন নির্বাচনে ভোটারদের 'চমৎকার পার্টিশিপেশন'এর মাধ্যমে একটি স্মরণীয় নির্বাচন হয়ে যাবে বাংলাদেশে। এটা সত্য নয় কি গুলশানে যা যা দেখা গেছে, তাতে বিশ্ব দরবারে দেশের মানুষের মাথা হেঁট হয়ে যায়নি। বিরল দৃষ্টান্ত কেবল আপনারা এখনো মাথা উঁচু করে রেখেছেন। যেমন 'শৈবাল দীঘিরে বলে উচ্চ করি শির লিখে রেখ একটা ফোঁটা দিলেম শিশির।' ঠিক ইসি এখন যেমন বলছে, গুলশানের 'ক্ষত-বিক্ষত' নির্বাচনের পর একটা ফল তো পাওয়া গেল!

যাই হোক, সেই সাক্ষাৎকারে সিইসি কি অকপটে স্বীকার করে নেননি, সরকার ও ইসির প্রতি সব বিরোধী দল ও জনগণের কোনো আস্থা নেই। এ কথা বলে কি প্রকারান্তরে ইসি-সরকারকে ব্র্যাকেট বন্দী করে ফেলা হয়নি। এমন অভিযোগ এখন সবার মুখে মুখে ফিরছে। এ কথা সত্য যে, এই ইসির ইতিহাস তেমন দীর্ঘ নয়। এতটুকু সময়েই তারা কিন্তু পক্ষপাতিত্বের বহু রেকর্ডই ভেঙে ফেলেছেন বলে জনশ্রুতি রয়েছে। ক্ষমতাসীন দলের শীর্ষ ব্যক্তিদের নির্বাচনসহ অন্যান্য বিষয়ে দক্ষতা (!) পারঙ্গমতা (!) আসলেই তুলনাহীন। তাদের যে বিশেষণে ভূষিত করা হলো সেটা কি সত্য না অন্য কিছু! ২০১৪ ও ২০১৮ সালের নির্বাচনের যত সুকীর্তি সবই রেকর্ডভুক্ত আছে। সে ইতিহাস দেশবাসীর মুখস্থ। সে জন্য অতীত নিয়ে আর কথা না বাড়াই।

তবে সেই ইতিহাসের জের কিন্তু ক্রমাগতভাবে দেশ দশের সাথে একেবারে ঘনিষ্ঠভাবেই চলছে। সমস্যাটা এখানেই, সেই দুই 'নির্বাচনী প্রহসন' সামনে রেখে আগামীতে নতুন মোড়কে একই বা ভিন্ন ছাচে ফেলে একটা মকারির ভোট করার আয়োজন করার নির্ঘুম সময় কাটাচ্ছে কি সব কুশীলবরা। অতীতের সব নির্বাচনী প্রহসন নিয়ে যে স্মৃতিচারণ করা হয়েছে, সে অধ্যায়ে কেবল দেশের মানুষের অভিজ্ঞতা অনুভূতির বিষয়টি সংযুক্ত। কিন্তু দেশের বাইরেও যে এসব চাউর হয়ে গেছে সেটাও কারো অজানা নয়। উদাহরণ হিসেবে উল্লেখ করা যায়। কিছু দিন আগে সদ্য আগত নয়া জাপানি রাষ্ট্রদূত একটা কথা বলেছিলেন, আমি কখনো শুনিনি দিনের ভোট রাতে হয়। ঢাকায় এসে এমন কথা প্রথম শোনার দুর্ভাগ্য হলো। যাই হোক আমাদের নির্বাচনের সাথে সংশ্লিষ্ট সবাই এখন দিনের ভোট দিনেই আয়োজন করাকে দুঃস্বপ্ন বলে মনে করে। এই ভূখণ্ডে এমন হয়েছে যে, ভোটকেন্দ্রে জনধিক্যকে কেউ নির্বাচনের নিথর নিশ্চুপ পরিবেশকে খুবই উপযোগী বলে মনে করছেন। লোকসমাগম যাতে হতে না পারে তার অপূর্ব সে শৈলী অনুশীলন করা হয়েছিল। এখন সবারই শঙ্কা, আগামী নির্বাচনকে কোন কৌশলে হাস্যস্পদ করার ব্যবস্থা নেয়া হয় কি না!

অপর এক প্রশ্নের উত্তরে সিইসি বলেছেন, দেশের বিদ্যমান নির্বাচনী আইন অনুসরণ করা হবে। সেই সাথে মাঠ পর্যায়ে দায়িত্ব পালনরত পুলিশ ও সাধারণ প্রশাসনের কর্মকর্তা কর্মচারীদের কাছ থেকে এমন 'সততা-নিষ্ঠার সাথে নিরপেক্ষ আচরণ আশা করেন।' যাতে একটা স্বচ্ছ নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান করানো সম্ভব হয়। মাত্র কিছুকাল পূর্বে এক নির্বাচনের পর সিইসি কিছুটা হতাশার সুরে বলেছিলেন, সরকারের সহযোগিতা ব্যতিরেকে নির্বাচন অনুষ্ঠানের পরিবেশ তৈরি হতে পারে না। এখন পূর্ব পরিস্থিতির কি কোনো পরিবর্তন হয়েছে। ক্ষমতাসীন সরকারের অধীনস্থ সকল প্রশাসন কি ইসিকে তার কাঙ্ক্ষিত পরিবেশ তৈরি করে দেবে? সিইসির ১৫ মাসের অভিজ্ঞতাটা কেমন। তিনি সেটা ব্যক্ত করেছেন। কেউ যদি কোনো বিষয়ে মৌনতা অবলম্বন করে। সে ক্ষেত্রে কারো পক্ষেই তাকে ইতিবাচক বলে ধরে নেয়া যাবে কি। সর্বশেষ গুলশানে সব সরকারি প্রশাসনের যে ভূমিকা লক্ষ্য করা গেছে- সিইসির যদি সৎ নিয়তও থাকে, সে ক্ষেত্রে প্রশাসনের সহযোগিতায় কোনো প্রশ্নমুক্ত নির্বাচন অনুষ্ঠান কি সম্ভব? এ দিকে সরকারের প্রশাসন বিন্যাসের সর্বশেষ যে পদক্ষেপ সেটা লক্ষ করা হলে পরিষ্কার হয়ে উঠবে নির্বাচনের মাত্র কয়েক মাস আগে তাদের মনের মতো করে সর্বস্তরের প্রশাসনকে সাজিয়ে নিচ্ছে। কোনো সন্দেহ নেই, এমন বিন্যাস অবশ্যই নির্বাচনের ফলাফল প্রভাবিত করবে। এসব কর্মকর্তার সব তৎপরতা ক্ষমতাসীনদের অনুকূলেই যাবে। সে ক্ষেত্রে এমন পাতানো নির্বাচনে সরকারের প্রতিপক্ষ শক্তির অংশগ্রহণের অর্থ হচ্ছে নিছক স্বেচ্ছা মৃত্যুবরণ। নিশ্চয়ই সেটি তারা করবে না। বিশ্ব তাতে অবাক হবে নিশ্চিত।

আমাদের প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল সম্প্রতি একটি ইংরেজি জাতীয় দৈনিককে সাক্ষাৎকার দিয়েছেন। সেখানে এক প্রশ্নের জবাবে সিইসি বলেছেন, নির্দিষ্ট কয়েকটি রাজনৈতিক দল বর্তমান সরকার ও ইসির ব্যাপারে অনাস্থা প্রকাশ করেছে। তারা বলেছে, এক ধরনের অরাজনৈতিক সরকারের অধীনে নির্বাচন করতে হবে। অবশ্যই বিষয়টি রাজনৈতিক ইস্যু, তবে এখন এই বিষয়টি আসন্ন জাতীয় সংসদের নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে অংশগ্রহণমূলক শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে সঙ্কট সৃষ্টি করতে পারে। এই রাজনৈতিক বিষয়টি রাজনৈতিকভাবে নিষ্পত্তি করতে হবে। এ নিয়ে নির্বাচন কমিশনের কিছুই করার নেই। প্রশ্ন হতে পারে, ইসির কি সত্যিই কিছুই করার নেই! বোদ্ধা সমাজের কাছে এই প্রশ্ন রেখে দেয়া হলো।



ট্রুডো-সোফির ছাড়াছাড়ি নিয়ে কেন আমাদের এত মাতামাতি

॥ সারফুদ্দিন আহমেদ ॥

ট্রুডো ও সোফিকে হয়তো এভাবে আর দেখা যাবে না, কারণ তাঁদের মধ্যে আনুষ্ঠানিক বিচ্ছেদ হয়ে গেছে। কিন্তু এই ছাড়াছাড়ির মধ্যেও যে প্রেম নেই, তা কে বলতে পারে?

আমরা মুখে যতই বলি 'বিয়ে-ডিভোর্স ব্যক্তিগত বিষয়'; ঘটনা আসলে তা না। আদতে বিয়ে হয় ব্যক্তিতে-ব্যক্তিতে, ছাড়াছাড়িও ব্যক্তিতে ব্যক্তিতে; কিন্তু বিয়ে অথবা ছাড়াছাড়ির প্রভাব আর ব্যক্তিগত জায়গায় থাকে না।

ব্যক্তির পরিচিতির দৌড় যদি একটা গ্রাম বা মহল্লার সীমায় আটকা থাকে, তাহলে তার বিয়ে বা ছাড়াছাড়ির খবর সেই গ্রাম বা মহল্লার গরম খবর হয়ে ওঠে।

ব্যক্তি যখন জাতীয় পর্যায়ের সেলিব্রেটি হন, তখন তাঁর বিয়ে-ডিভোর্স 'জাতীয় আলোচনা'র বিষয় হয়ে ওঠে। আর সেই ব্যক্তি যদি হন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো, তখন তা 'টক অব দ্য ওয়ার্ল্ড' না হয়ে পারে না। ট্রুডো ও তাঁর স্ত্রী সোফি গ্রেগরি ছাড়াছাড়ির কাগজপত্রে সই করেছেন বলে খবর বের হওয়ার পর তাঁদের নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিস্তর চর্চা হচ্ছে।

পশ্চিমে বিবাহ বিচ্ছেদ 'জলভাত' হলেও দেড় যুগের বিবাহিত জীবনে ৩ সন্তানের জনক-জননী হওয়া ট্রুডো-সোফির বিচ্ছেদে বিশ্ববাসী যে খানিকটা ধাক্কা খেয়েছে, তাতে সন্দেহ নেই। সম্ভবত বিশ্ববাসীর কাছে এই জুটি 'মোরা আর জনমে হংসমিথুন ছিলাম' টাইপের প্রেমিক যুগল ও সুখী দম্পতির রোল মডেল হয়ে ওঠায় তাঁদের নিয়ে আলোচনা বেশি হচ্ছে।

আমাদের বাঙালি মানস শিক্ষিত ও পরিণত বয়সের দম্পতির ডিভোর্সকে কোনোকালে সহজভাবে নিতে পারেনি। আজও পারে না। আর তা পারে না বলেই ট্রুডো-সোফির ছাড়াছাড়ির মতো একান্ত ব্যক্তিগত বিষয়ে তাদের কৌতূহল মোটেও কম নয়।

বিশ্ব সংবাদমাধ্যম এই বিচ্ছেদের খবর বড় করে প্রচার করেছে। কারণ, এই ডিভোর্স কোনো 'একান্ত ব্যক্তিগত বিষয়' নয়। এই ছাড়াছাড়ির সঙ্গে ট্রুডোর রাজনৈতিক ভবিষ্যতের বিষয়ও জড়িয়ে আছে।

ইতিমধ্যে নিউইয়র্ক টাইমসসহ প্রভাবশালী সংবাদমাধ্যমে ট্রুডোর বিচ্ছেদ নিয়ে বিশ্লেষকেরা মতামত লিখেছেন। কেউ বলছেন, এটি তাঁর ব্যক্তিজীবনের ভাবমূর্তিতে নেতিবাচক প্রভাব ফেলবে যা তাঁর রাজনৈতিক ক্যারিয়ারকে ক্ষতিগ্রস্ত করবে। কেউ বলছেন, দিন শেষে এটি সে ধরনের কোনো প্রভাব ফেলবে না।

ট্রুডো ও সোফি—এই দুজন রক্ত-মাংসের মানুষের মধ্যে যে আবেগ-অনুভূতি ও মান-অভিমানের মতো অবৈষয়িক বিমূর্ত বিষয় থাকতে পারে, রুচির অতি সূক্ষ্ম পার্থক্য যে তাঁদের এই বিচ্ছেদের দিকে ঠেলে আনতে পারে, তা রাজনীতি ও অর্থের তুলাদণ্ডে মাপায় অভ্যস্ত সাধারণ জনমানস একেবারেই ভুলে বসে আছে।

বছর কয়েক আগে ভারতের পশ্চিমবঙ্গে 'বেলা শেষে' নামের একটি ছবি মুক্তি পেয়েছিল। শিবপ্রসাদ মুখার্জি ও নন্দিতা রায় পরিচালিত ওই ছবিতে দেখা যায় ছবির প্রধান চরিত্র মিস্টার মজুমদার (এই চরিত্রে অভিনয় করেছিলেন সৌমিত্র চট্টোপাধ্যায়) বিয়ের ৪৯ বছর পার করে এসে সিদ্ধান্ত নেন, তিনি আর তাঁর স্ত্রীর সঙ্গে (স্ত্রীর ভূমিকায় ছিলেন স্বাতীলেখা সেনগুপ্ত) সংসার করবেন না। মিস্টার মজুমদার ডিভোর্স চান। সংসারে তাঁর ছেলে মেয়ে-নাতি নাতনি আছে। সংসারে কোনো অশান্তি নেই। স্ত্রীকে তিনি ভালোবাসেনও; তারপরও এত বছর সংসার করার পর তিনি ডিভোর্স চান। এ নিয়ে মজুমদার দম্পতি আদালতে পর্যন্ত যান। মিস্টার মজুমদার কেন ডিভোর্স চাইছেন, সেই কৌতূহলই দর্শককে গল্পের পরিণতি দেখার আশায় টেনে রাখে।



ছবিটিতে অবশ্য শেষ পর্যন্ত মজুমদার দম্পতির বিচ্ছেদ হয় না। বাঙালি মানস বিবাহবিচ্ছেদকে বেদনার ও ব্যর্থতার নিরিখে দেখতে অভ্যস্ত। হয়তো এ কারণেই ছবির কাহিনিকার কেন্দ্রীয় চরিত্রকে একজন ব্যর্থ মানুষ হিসেবে দেখাতে চাননি; ফলে ছবির আনন্দসূচক পরিণতি হিসেবে মজুমদার দম্পতিকে পৃথক করা হয়নি।

কিন্তু দাম্পত্যে ছাড়াছাড়ি কি সব সময়ই বেদনার? পশ্চিমে হয়তো সর্বাংশে তা নয়। কারণ বার্ধক্যে এসে, এমনকি প্রৌঢ়ত্বে পৌঁছেও অনেক দম্পতি সেখানে ডিভোর্সের জন্য আদালতে যাচ্ছেন। দুই-তিন দশক পরস্পরের সান্নিধ্যে কাটিয়েও বিদ্যমান সম্পর্ককে তাঁরা আর বহন করতে পারছেন না। ছাড়াছাড়ি তাঁদের কাছে নিষ্কৃতি হয়ে ধরা দিচ্ছে।

হয়তো সেই সম্পর্ক উভয়ের কাছে আরোপিত ও জোর করে টিকিয়ে রাখা বলে প্রতিভাত হয়েছে। তাই সেই আরোপিত সম্পর্ককে নিষ্প্রাণ কর্তব্যের ভার হিসেবে বহন করতে করতে একটা পর্যায়ে এসে মুক্তির আকাঙ্ক্ষা প্রকাশ করে। সময় যত ফুরাতে থাকে, বয়স যত অস্তগামী হয়, 'জীবন মহার্ঘ'—এই বোধটি ততই তীব্র হতে থাকে।

ফলে বিয়ে এবং বিচ্ছেদ বিষয়ক প্রচলিত ধারণা বদলে যাচ্ছে। এ কারণেই হয়তো 'বেলা শেষে'র মিস্টার মজুমদার ছেলেমেয়েদের সামনে স্ত্রীকে ডিভোর্স দেওয়ার কথা জানানোর পর মিসেস মজুমদারের তাৎক্ষণিক প্রতিক্রিয়া ছিল, 'এত দিনে মুক্তি!'

অনেক পরিবারে স্বামী-স্ত্রীর ঘনিষ্ঠ সম্পর্কের আড়ালে রয়েছে একাকিত্বের এক অতি মিহি আবরণ। কখনো বা বাইরের দৃশ্যমান সত্যের তুলনায় আবডালে থাকা অন্তর্নিহিত সত্য ততোধিক করুণ। উপেক্ষানির্ভর অবমাননা, উদাসীনতা অগণিত দাম্পত্যকে অসহনীয় করেছে।

হয়তো সেই সম্পর্ক উভয়ের কাছে আরোপিত ও জোর করে টিকিয়ে রাখা বলে প্রতিভাত হয়েছে। তাই সেই আরোপিত সম্পর্ককে নিষ্প্রাণ কর্তব্যের ভার হিসেবে বহন করতে করতে একটা পর্যায়ে এসে মুক্তির আকাঙ্ক্ষা প্রকাশ করে। সময় যত ফুরাতে থাকে, বয়স যত অস্তগামী হয়, 'জীবন মহার্ঘ'—এই বোধটি ততই তীব্র হতে থাকে।

ট্রুডো ও সোফি বলেছেন, তাঁরা আলাদা হলেন বটে, কিন্তু তাঁদের মধ্যে বন্ধুত্ব থাকবে। তিন সন্তান যাতে নিরাপদে ও ভালোবাসা নিয়ে বড় হয়, সেটা নিশ্চিত করতে মনোযোগী হবেন তাঁরা।

তাই ট্রুডো ও সোফির এই ছাড়াছাড়ির মধ্যে যে প্রেম নেই, তা কে বলতে পারে? প্রেম নিয়েই বিচ্ছেদ হতে পারে।

আমাদের বাঙালি সমাজে 'ডিভোর্স' কথাটা যখন খুব একটা পরিচিত হয়ে উঠতে পারেনি, তখন সুবোধ ঘোষের কাহিনি থেকে তপন সিংহ বানিয়েছিলেন 'জতুগৃহ' ছবিটি।

সেখানে শতদল (উত্তম কুমার) ও মাধুরী (অরুন্ধতী দেবী) প্রধান দুই চরিত্র। তাঁরা স্বামী স্ত্রী। উভয়েই সফল মানুষ। সুন্দর মানুষ। কিন্তু জীবনের একটি পর্যায়ে এসে তাঁরা আবিষ্কার করলেন, ব্যক্তিত্বের সংঘাত, অন্তরের অতৃপ্তি, ছোটখাটো বিরক্তি ধীরে ধীরে তাঁদের দাম্পত্যকে অর্থহীন করে তুলেছে।

শতদল ও মাধুরী ভেতর থেকে বুঝতে পেরেছিলেন, ভালোবাসার জোরটা আগের মতো নেই। তাই পরস্পরের প্রতি শ্রদ্ধা রেখে তাঁরা সরে দাঁড়ান। পাঁচ বছর পর একটি রেল স্টেশনে যখন তাঁদের দেখা হয়, তখন তাঁরা উপলব্ধি করতে পারেন, তাঁদের একে অপরের প্রতি ভালোবাসা মরে যায়নি।

তাঁরা আবিষ্কার করেন, পরস্পরের প্রতি ভালোবাসা থাকা সত্ত্বেও তাঁরা জীবনের ভিন্ন যাত্রাপথ নির্বাচন করেছিলেন। যে সম্পর্কে দমন-পীড়ন নেই, প্রেমের অভাব ঘটেনি, সেখানেও সার্থকতর ও উন্নততর জীবনের আগ্রহ থেকে বিচ্ছেদ একটি সচেতন সিদ্ধান্ত হতে পারে। ট্রুডো ও সোফি হয়তো সেই উন্নততর পৃথক যাত্রাপথের পথিক হয়েছেন, যেখানে তাঁরা একজনের সঙ্গে আরেকজন না থেকেও থাকবেন।

সারফুদ্দিন আহমেদ প্রথম আলোর সহকারী সম্পাদক

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং ৫ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্ট্রাকচারাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

গয়েশ্বর আটককান্ড: পুলিশি আচরণের যে কথা না বললেই নয়

॥ মারুফ মল্লিক ॥

সম্প্রতি গোয়েন্দা পুলিশের হেফাজতে থাকা বিএনপি নেতা গয়েশ্বর চন্দ্র রায়ের একটি ছবি ও ভিডিও চিত্র নিয়ে বেশ হইচই হয়েছে। ওই ছবিতে দেখা যাচ্ছে, ঢাকা গোয়েন্দা পুলিশের প্রধান হারুন অর রশীদের সঙ্গে বসে গয়েশ্বর চন্দ্র রায় খাবার খাচ্ছেন। টেবিলে নানা পদের খাবার সাজানো রয়েছে। ছবিটি নিয়ে নানা মত রয়েছে। আওয়ামী লীগ ও এর সমর্থকেরা ছবিটি নিয়ে ইতিবাচক নিজেদের মতো করে বলার চেষ্টা করেছেন। তাঁরা মনে করছেন, এই ছবি প্রচার করে রাজনৈতিক সুবিধা অর্জন করেছে আওয়ামী লীগ।

স্বাধীনতার পরপরই আওয়ামী লীগ মাওলানা ভাসানীর এমন একটি ছবি প্রচার করে রাজনৈতিক সুবিধা অর্জনের চেষ্টা করেছিল। সেই ছবিও ওই দিন গয়েশ্বর চন্দ্র রায়ের ছবির সঙ্গে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপকভাবে প্রচারিত হয়েছে। সেবার মাওলানা ভাসানী খাবারের দাবিতে গণভবনের সামনে মিছিল নিয়ে গিয়েছিলেন। এরপর ছবি নিয়ে নানা কীর্তি। রাজনীতিবিদ হায়দার আকবর খান রনোর 'শতাব্দী পেরিয়ে' গ্রন্থের ৩১৭ নম্বর পাতায় এই ঘটনার উল্লেখ আছে।

এবার গয়েশ্বর চন্দ্র রায় ডিবি অফিসে স্বেচ্ছায় যাননি। তাঁকে ধরে নিয়ে যাওয়া হয়েছিল। এর আগে তাঁকে রাস্তায় ফেলে পেটানো হয়েছে। আচ্ছামতো পেটানোর পর তাঁকে ধরে নিয়ে ডিবিপ্রধান কথিত আপ্যায়ন করেছেন। গয়েশ্বর রায়কে ধরে নিয়ে যাওয়ার পর কী এমন হলো যে রীতিমতো বারো পদ



দিয়ে আপ্যায়ন করতে হবে? এ ঘটনা নিয়ে পক্ষে-বিপক্ষে বিস্তর আলোচনা হয়েছে দিনভর। বিএনপির সমর্থক অনেকে মনে করছেন, পুলিশের খাবার গ্রহণ করা গয়েশ্বর চন্দ্র রায়ের ঠিক হয়নি; বরং তা প্রত্যাখ্যান উচিত ছিল।পরে অবশ্য সংবাদ সম্মেলন করে গয়েশ্বর চন্দ্র রায় বিস্তারিত নিজস্ব বক্তব্য দিয়েছেন।

তবে আমরা এই ঘটনা থেকে একটি বিষয় পরিষ্কার বুঝতে পারি, তা হচ্ছে, পুলিশ গয়েশ্বর রায়কে ধরে নিলেও বেশিক্ষণ আটকে রাখতে পারেনি। এর পেছনে কোনো চাপ কাজ করেছে কিনা তা আমরা জানি না। তবে কিছুটা অনুমান করতে পারি। সম্ভবত মার্কিন ভিসা নীতি এ ক্ষেত্রে চাপ হিসেবে কাজ করতে পারে। আড়ালের ঘটনা যা হোক বা যে কারণেই হোক, পুলিশ যখন সিদ্ধান্ত নিয়েছিল গয়েশ্বর চন্দ্র রায়কে ছেড়ে দেওয়া হবে, তখনই সম্ভবত এই দুপুরের খাবারের পরিকল্পনা করা হয় এবং খাবার গ্রহণের দৃশ্য ধারণ করে ছড়িয়ে দেওয়া হয়।

গয়েশ্বর চন্দ্র রায়ের সঙ্গে যা করা হয়েছে, তা 'রেজিম পুলিশিং' বা শাসকগোষ্ঠীর পুলিশিং। এই ধরনের রেজিম পুলিশিং বিভিন্ন দেশে কর্তৃত্ববাদী শাসকদের আমলে আমরা দেখেছি। বিশেষ করে গত শতকের ৬০ ও ৭০-এর দশকে মার্কিন প্রভাবিত লাতিন দেশগুলোতে রেজিম পুলিশিংয়ের প্রভাব দেখা যায়। আবার সোভিয়েত ইউনিয়নঘেঁষা পূর্ব ইউরোপের দেশেও রেজিম পুলিশিং ছিল। ভিন্ন মতের দমন, পীড়ন, গুম, বিনা বিচারে হত্যা ওই সব দেশে তৎকালীন সময়ে নিত্যদিনের ঘটনা ছিল।

কিন্তু এই ছবি বা ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ল কীভাবে? পুলিশের হেফাজতে থাকা কারও ছবি বা ভিডিও পুলিশ এভাবে ছড়িয়ে দিতে পারে কি না। আমরা ধরে নিতে পারি, পুলিশ ইচ্ছাকৃতভাবে ছবি ও ভিডিও ছড়িয়েছে। পুলিশ ছাড়া অন্য কারও পক্ষে ওই সময় ওই কক্ষে খাওয়ার দৃশ্য ধারণ করা সম্ভব ছিল না। এটা সরাসরি ব্যক্তিগত গোপনীয়তার বরখেলাপ।

ওই দিন গয়েশ্বর চন্দ্র রায়ের সঙ্গে যা করা হয়েছে, তা 'রেজিম পুলিশিং' বা শাসকগোষ্ঠীর পুলিশিং। এই ধরনের রেজিম পুলিশিং বিভিন্ন দেশে কর্তৃত্ববাদী শাসকদের আমলে আমরা দেখেছি। বিশেষ করে গত শতকের ৬০ ও ৭০-এর দশকে মার্কিন প্রভাবিত লাতিন দেশগুলোতে রেজিম পুলিশিংয়ের প্রভাব দেখা যায়। আবার সোভিয়েত ইউনিয়নঘেঁষা পূর্ব ইউরোপের দেশেও রেজিম পুলিশিং ছিল। ভিন্ন মতের দমন, পীড়ন, গুম, বিনা বিচারে হত্যা ওই সব দেশে তৎকালীন সময়ে নিত্যদিনের ঘটনা ছিল।

এর বাইরে সাদ্দাম হোসেনের ইরাক, মুয়াম্মার গাদ্দাফির লিবিয়া, হোসেন মোবারকের মিসর, রেজা শাহ পাহলভীর ইরানে ভয়ংকর রেজিম পুলিশিংয়ের কথা জানি। এই ধরনের পুলিশি ব্যবস্থা রাষ্ট্র বা জনগণের প্রতি অনুগত না থেকে শাসকের প্রতি বেশি অনুগত থাকে। শাসকের নির্দেশকে তারা অমোঘ বাণী বলে মনে করে। বিনিময়ে শাসকগোষ্ঠী পুলিশের অন্যায় অনিয়মকে প্রশ্রয় দেয়। ফলে পুলিশ বাহিনী শাসকের ইচ্ছেমতো চলে ও নিয়ন্ত্রিত হয়। এ ক্ষেত্রে পেশাদারির কোনো বালাই থাকে না। আইনের শাসক না, শাসকের ইচ্ছাই সব ক্ষেত্রে শেষ কথা বলে বিবেচিত হয়। এ ধরনের পুলিশে নিয়োগ, পদোন্নতি, পদায়ন সবকিছুই রাষ্ট্রক্ষমতায় থাকা বিশেষ দলের স্বার্থে হয়ে থাকে। জনসাধারণ কোনো সেবা পায় না; বরং রেজিম পুলিশিংয়ের ভয়ে তটস্থ থাকে।

অথচ পুলিশের পরিচালিত হওয়ার কথা জনবান্ধব বা ডেমোক্রেটিক পুলিশিং ব্যবস্থায়। এই গণতান্ত্রিক পুলিশিং ব্যবস্থায় পুলিশ পরিচালিত হবে আইনের ভিত্তিতে। আইন আর কানুন দ্বারা নির্ধারিত হয় সবকিছু। জনগণকে সেবা দেওয়াই এই ধরনের পুলিশিংয়ের মুখ্য উদ্দেশ্য। রাজনৈতিক হাতিয়ার হিসেবে এই পুলিশ কাজ করে না। জনসাধারণ, সুশীল সমাজ, মানবাধিকার সংগঠনের সঙ্গে যুগপৎভাবে এই গণতান্ত্রিক পুলিশিং ব্যবস্থা কার্যকর থাকার কথা। মেধা ও যোগ্যতার ভিত্তিতে গণতান্ত্রিক পুলিশিং এ নিয়োগ, পদায়ন ও পদোন্নতি হয়ে থাকে। আমরা ইদানীং অনেকের মুখেই রাষ্ট্র মেরামতের কথা শুনি। বলা হয়ে থাকে, আমাদের রাষ্ট্রকে মেরামত করতে হবে। রাষ্ট্রকে যদি প্রকৃতপক্ষেই মেরামত করতে হয় বা মেরামতের প্রয়োজন হয়, তবে সবার আগে গণতান্ত্রিক পুলিশিং ব্যবস্থা নিশ্চিত করতে হবে। কারণ, রাষ্ট্র মেরামতে গণতান্ত্রিক পুলিশিং ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা করবে। রাষ্ট্র মেরামতে এটা হচ্ছে গুরুত্বপূর্ণ ধাপ।

গত শতকের ৮০ ও ৯০ দশকে লাতিন দেশগুলোতে রাজনৈতিক পটপরিবর্তনের সূচনা হয়। একই সঙ্গে পুলিশিং ব্যবস্থারও আমূল পরিবর্তন ঘটে। জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত গণতান্ত্রিক শাসকদের হাত ধরেই লাতিনের দেশগুলো শাসকগোষ্ঠীর পুলিশিং বাতিল করে গণতান্ত্রিক পুলিশিং ব্যবস্থা গড়ে তুলে রাষ্ট্র পূর্ণ মেরামতে মনযোগ দিয়েছিল।

ড. মারুফ মল্লিক লেখক ও রাজনৈতিক বিশ্লেষক



MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

কে-ওয়ান ভিসা কী এবং কে-ওয়ান ভিসা শর্তঃ

কেউ যদি বিয়ে করার উদ্দেশ্যে কোন বিদেশি ফিয়াঁসকে ইউএস নিয়ে আসতে চান তবে তার জন্য কে-ওয়ান ভিসার আবেদন করতে হবে। বৈধ কে-ওয়ান ভিসায় আপনার বিদেশি ফিয়াঁসে ইউএসএ আসতে পারবেন এবং আপনার সঙ্গে বসবাস করতে পারবেন। এই ভিসার মেয়াদ থাকে ৯০ দিন। আর এই ৯০ দিনের মধ্যেই বিয়ে করতে হবে। সরকারীভাবে কে-ওয়ান ভিসা হচ্ছে নন-ইমিগ্র্যান্ট ভিসা। অর্থাৎ সাময়িক এবং শর্ট টাইম ভিসা। কে-ওয়ান এবং শর্ট টাইম ভিসা। কে-ওয়ান ভিসাধারীর ইউএসএতে ৯০ দিনের বেশি অবস্থান করতে পারবে না। ইমিগ্রেশন আইন অনুযায়ী যদি কোন বিদেশি ফিয়াঁসে ৯০ দিনের মধ্যে ইউএস সিটিজেনকে বিয়ে করতে ব্যর্থ হন, তবে বৈধাবে এদেশ ত্যাগ করতে হবে তাকে।

কে-ওয়ান ভিসার শর্তঃ

কে-ওয়ান ভিসার স্পন্সরকে অবশ্যই ইউএস সিটিজেন হতে হবে। গ্রিনকার্ডধারীর কেওয়ান ভিসায় কোন ফিয়াঁসকে স্পন্সর করতে পারবে না। তাদের উভয়কে বিবাহযোগ্য হতে হবে। বর্তমানে তাদের উভয়কে অবিবাহিত হতে হবে। আগে তাদের বিয়ে হয়ে থাকলেও এই বিয়ের আগেই তাদের বৈধ ডিভোর্স সার্টিফিকেট থাকতে হবে এবং সেটা উপস্থাপন করতে হবে। কিংবা মরে গেলে গেলে সেই মৃত্যুর সার্টিফিকেট থাকতে হবে। সম লিঙ্গের ভিসাধারীও কে-ওয়ান ভিসা লাভের জন্য যোগ্য। এমন কি তাদের নিজ দেশেও সমলিঙ্গের বিয়ে নিষিদ্ধ থাকলেও।

ছবি, ফ্লাইট এর তথ্যপত্র, হোটেল রিজার্বেশনের প্রমাণসহ তাদের সম্পর্কের প্রমাণ প্রদর্শন করতে হবে। বন্ধুও সহকর্মীদের চিঠি, ই-মেইল দিয়েছে সম্পর্ক প্রমাণ করা যাবে। ভিসা ফরম দাখিল করার আগে তারা ২ বচর সময়ের মধ্যে কমপক্ষে একবার মিলিত হয়েছেন এমন প্রমাণ দেখাতে হবে (চরম দুঃখময় কিংবা সামাজিক সাংস্কৃতিক, ধময়ি বিধি নিষেধ ব্যতিক্রম)।



দজুনকেই লিখিত স্টেটমেন্ট দিতে হবে যে ফিয়াঁসে ইউএসএ প্রবেশের পর ৯০ দিনের মধ্যে দুজনই বিয়েতে সম্মত আছেন। বিয়ের আমন্ত্রণপত্র হল বুকিং এর রশিদ প্রমাণ হিসেবে উপস্থাপন করতে পারলে ভালো হয়।

ইউস সিটিজেন ফিয়াঁসেকে তার আয়ের প্রমাণ দেখাতে হবে। এককভাবে সামর্থ না থাকলে যৌথভাবে স্পন্সর সার্টিফিকেট দাখিল করতে হবে। কে-ওয়ান ভিসার আবেদন কীভাবে করতে হবে?

প্রথম পদক্ষেপ হিসাবেচ যোগ্য ইউএস সিটিজেনের ফিয়াঁসেকে ইউএসসিআইএস-এ আই-১২৯ এফ ফরম ফাইল করতে হবে। আবেদনের সঙ্গে নিম্নের সহায়ক প্রমানাদি পূর্ণাঙ্গ আবেদন ফরমের সঙ্গে দিতে হবে।

ইউএস সিটিজেনের (ফিয়াঁসেরে) সিটিজেন শীপের প্রমাণ (পাসপোর্ট) ন্যাচারালাইজেশনের সার্টিফিকেট, জন্ম সনদ দিতে হবে।

স্পন্সরকারী/ ফিয়াঁসের পাসপোর্ট।

সম্পর্কের প্রমাণ (ফটো, পত্রযোগাযোগ, বন্ধু-বান্ধব, সহকর্মীদের শপথনামা)। ভিসা আবেদনের পূর্বে ২ বছরের মধ্যে অন্ততঃ একবার মেলামেশার প্রমাণ।

উভয়ের সম্পর্কের শপথনামা, সম্পর্কের সংরক্ষিত বিবরণ এবং ইউএসএ'তে ফিয়াঁসের আগমনের ৯০ দিনের মধ্যে বিয়ে করার ইচ্ছ প্রকাশের প্রমাণ।

ইউএসসিটিজেন ফিয়াঁসের এবং বিদেশি ফিয়াঁসের পাসপোর্ট সাইজের ফটো।

সাক্ষাতকার প্রক্রিয়াঃ

ইউএসসিআইএস কর্তৃক কে-ওয়ান ভিসার অনুমোদনের পর আপনার ফাইল ইউএস স্টেট ডিপার্টমেন্ট ইউএসএ'র বাইরে বসবাসকারী বিদেশি ফিয়াঁসেকে অবশ্যই ডিএস-২৬০ ফরম পূরণ করতে হবে। যে ফিয়াঁসেকে ফরম পূরণ করতে হয় তার নিকটবর্তী কোন ইউসে এ্যাম্বেসি বা কনস্যুলেটের সাক্ষাতকার গ্রহণ করা হয়।

সাক্ষাতকার গ্রহণকারী অফিসার সাক্ষাতের ফলাফল সাক্ষাতক গ্রহণের দিনই অথবা পরপরই জানিয়ে দেন। তবে কারো যদি কিছু প্রমাণের প্রয়োজন হয় তবে সাক্ষাতদাতাকে ইউসে কন্স্যুলেটে সরাসরি জমা দেয়ার অনুরোধ করা হয়।

কুন্স থেকে জামিল হোসেনের প্রশ্নঃ

আমি একজন ইউএস সিটিজেন। আমি স্ত্রী সন্তানদের নিয়ে এখানে বসবাস করি। আমি পরিবারের একমাত্র উপার্জন আবার আমার উপার্জন খুব কম। একারণে আমি ফুড স্ট্যাম্প গ্রহণ করতে পারি কিনা? ফুড গ্রহণ করলে কোন অসুবিধা হতে পারে কিনা? যদি কোন অসুবিধা হয় সেগুলো কি ধরনের অসুবিধা হতে পারে। এ ব্যাপারে আপনার পরামর্শ পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞা থাকবো।

জামিল হোসেনের প্রশ্নের উত্তরঃ

সংসারে আপনি একমাত্র উপার্জক্ষম ব্যক্তি এবং আপনার উপার্জন খুব কম। সে কারণে আপনার ফুড স্ট্যাম গ্রহণের ব্যাপারে জানতে চেয়েছেন।

প্রয়োজনে ইউসে সিটিজেনরা ফুড স্ট্যাম্পসহ অন্যান্য যেসব সুবিধার জন্য উপযোগী সেগুলো গ্রহণ করতে পারেন। ফুড স্ট্যাম্প গ্রহণের একটি অসুবিধা হচ্ছে এই ধরনের সুবিধা গ্রহণকারীরা প্রয়োজনে তাদের পরিবারের সদস্যদের এদেশে আনবার জন্য আবেদন করতে পারেন না।

ভবিষ্যতে যদি এ ধরনের কারো ব্যাপারে আবেদন করার পরিকল্পনা থাকে তবে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে পরামর্শ করা উত্তম।

এ ব্যাপারে আরো একটি পরামর্শ হচ্ছে স্টেটের বেনিফিট অফিস থেকে জেনে নিতে পারেন যে আপনি যেসব সুবিধা নিতে চাচ্ছেন সে ব্যাপারে কি কি অসুবধা হতে পারে। আর সমস্যা হলে সেগুলো কোন কোন ধরনের স্টেটের পাবলিক এ্যাসিস্ট্যান্ট অফিসে ইমিগ্রান্ট এব নন ইমিগ্রান্ড বেনিফিটের তালিকা রয়েছে। সেখান থেকে আপনি প্রয়োজনে সহযোগিতা নিতে পারেন। তবে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে অভিজ্ঞ এটর্নির পরামর্শ উত্তম বলে ধায্য হয়।

এ ব্যাপারে আমাদের আরো একটি পরামর্শ হচ্ছে আপনারা নিয়মিত আমাদের এই বিভাগ পড়ুন এবং আপনার প্রশ্নের উত্তর জেনে নিন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সংকট সমাধানের তৃতীয় পথটাই খুলে দিন

॥ হাসান মামুন ॥

বাংলাদেশের আগামী নির্বাচন সুষ্ঠু, অবাধ ও অংশগ্রহণমূলক করার কথা যারা দেশের বাইরে থেকে বলছে, তাদের বাইরে আরও পক্ষ আছে। আরেকটি পক্ষ দুটি কথা বলছে। এক. এটা 'বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়'। দুই. তারা এমনও বলেছিল, আমরা 'বর্তমান সরকারের পাশে আছি'। কেউ প্রশ্ন তুলতে পারে–সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের কথা বলা 'অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ' কিনা? এ প্রশ্নও তোলা যেতে পারে, যেসব দেশ ইস্যুটিকে বাংলাদেশের 'অভ্যন্তরীণ বিষয়' বলে দূরে থাকতে চাইছে, তারা ২০১৪ ও ২০১৮ সালের মতো নির্বাচন অনুষ্ঠানের পক্ষেই আছে কিনা? যারা কিছুদিন আগেও বলেছিল, বর্তমান সরকারের পাশে আছি–প্রশ্ন উঠতে পারে, তারা কি এ দেশের জনগণের পাশে ও তাদের প্রত্যাশার সঙ্গে নেই?

কথাগুলো তুলতে হলো এ জন্য যে, একটি দেশের বিশেষ দূতকে বারবার এ দেশে আসতে দেখা যাচ্ছে 'গোপনে'। সেটা গোপন রাখা যাচ্ছে না। আজকের দুনিয়ায় আলাপ যে অবশ্য দেশে এসে বা দেখা করেই করতে হয়, তা নয়। তবু কূটনৈতিক সম্পর্কের ক্ষেত্রে ঘোষণা দিয়ে আসার ব্যাপার রয়েছে। হঠাৎ করে সফর আয়োজনের প্রয়োজনও পড়তে পারে। গোপনীয়তার কিছু আছে বলে তো মনে হয় না। যুক্তরাষ্ট্র ও ইইউর পক্ষ থেকে বাংলাদেশের আগামী নির্বাচন বা অন্য কোনো ইস্যুতে সফর হলে সে খবর আগেই জানানো হচ্ছে। দেশে এ নিয়ে হচ্ছে আলোচ-নাও। হয়তো সেগুলো জল্পনা-কল্পনা ধরনের; তবে কখনও কখনও এমন সময় এসে উপস্থিত হয়, যখন জল্পনারও মূল্য থাকে। আমরা তো এমন একটা পর্যায়ে এসে দাঁড়িয়েছি এবং সামনে যাওয়ার বাঁধানো পথ খুঁজে পাচ্ছি না।

২০১৪ ও ২০১৮ নির্বাচন গ্রহণযোগ্য ছিল না, যদিও এর মাধ্যমে একটি সরকার দুই মেয়াদে দেশ পরিচালনা করে এখন আরেকটি নির্বাচনের দ্বারপ্রান্তে। তাদের রাজনৈতিক প্রতিপক্ষের হাতেও এমনি ধারার একটি নির্বাচন অবশ্য আয়োজিত হয়েছিল ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারি। তার ভিত্তিতে সরকার দেশ পরিচালনার বদলে একটি সাংবিধানিক সংশোধনী এনে তখনকার রাজনৈতিক সংকট নিরসনে ভূমিকা রেখেছিল। আমরা পেয়েছিলাম একটি সংবিধানসম্মত তত্ত্বাবধায়ক সরকার, যার লক্ষ্য হবে গ্রহণযোগ্য জাতীয় নির্বাচনের ব্যবস্থা করা। তার মানে, ১৫ ফেব্রুয়ারির নির্বাচন একতরফা বা অগ্রহণযোগ্য হলেও তা জাতির জন্য ইতিবাচক কিছু বয়ে এনেছিল। ২০১৪ ও ২০১৮ সালের নির্বাচনের মাধ্যমে দেশের রাজনৈতিক সংকট উল্টো আরও ঘনীভূত হয়। এ প্রেক্ষাপটে ক্ষমতাসীন দলকেও ওই দুই নির্বাচনের পক্ষে জোরালো সাফাই না গেয়ে বলতে হচ্ছে, আগের দুটি নির্বাচনের মতো হবে না। এভাবেও এখন বলতে হচ্ছে, আগামী নির্বাচন সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ হবে। এ অবস্থায় বাইরের কোনো মহল থেকে কি বলার সুযোগ আছে যে, আমরা 'অমুকের পাশে আছি'?

২০১৪ আর ২০১৮ নির্বাচনে কে কার 'পাশে' কীভাবে ছিল, তা জাতি দেখেছে। এতে করে গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে আমাদের অবস্থানের যে অবনমন হয়েছে, এর দায় কি তাদেরও নিতে হবে না? অর্থনৈতিক ক্ষেত্রেও যে ধারায় সরকার এগিয়েছে–যার বিষময় ফল আমরা দেখছি বিদ্যুৎসহ বিভিন্ন খাতে, তার পেছনেও কি অবদান রাখেনি ওই দুটি নির্বাচনে বিশেষ দলের প্রতি তাদের সমর্থনমূলক ভূমিকা? অবশ্য আজ যারা 'অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের' আওয়াজ তুলছে সুবিধামতো, তাদের কাছে তখনকার ওই ভূমিকাগুলোকে হয়তো মনে হয়েছিল প্রত্যাশিত আর ইতিবাচক!

‡কানো দেশের মানুষের ন্যূনতম গণতান্ত্রিক অধিকার ভোটাধিকার বিনষ্ট হওয়া, সেখানে বিরোধী পক্ষ ও মত কোণঠাসা করে ফেলা আজকের দুনিয়ায় 'অভ্যন্তরীণ বিষয়' বলে বিবেচিত হতে পারে না। আজ যে দল এ নিয়ে তীব্র আপত্তি জানাচ্ছে, তারাও অতীতে এমনকি নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠায় পশ্চিমা গণতান্ত্রিক মহলের সহায়তা চেয়েছিল। সে দাবি অবশ্য আদায় হয়েছিল আন্দোলনের মাধ্যমে নির্বাচিত সরকারকে কাবু করেই এবং সেটি কোনোমতেই অহিংস আন্দোলন ছিল না। এখন তাদের তরফ থেকেই বেশ আশ্বস্ত হয়ে বারবার বলা হচ্ছে, 'পশ্চিমারা কিন্তু তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠা বা সরকারের পদত্যাগের কথা তুলছে না।' তারা নাকি শুধু সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের ওপর জোর দিচ্ছে। এখন ক্ষমতাসীনদের কাছে জানতে চাওয়া যেতে পারে–যারা গোপনে এসে দেখা-সাক্ষাৎ করে, সেটা আবার গোপন রাখতে চাইছে, তারা জোর দিচ্ছে কীসের ওপর?

বাংলাদেশের আগামী নির্বাচনকে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ তথা গ্রহণযোগ্য করতেই হবে। এটা হলো বিদ্যমান রাজনৈতিক সংকট নিরসনের প্রশ্ন, গোটা জাতির প্রত্যাশার বিষয়। এর পক্ষে যারাই অবস্থান নেবে, তারা জাতীয় স্বার্থ রক্ষার পক্ষে থাকবে। বাইরের কোনো মহল যদি বলে, আমরা এর পক্ষে বা ওর বিপক্ষে আছি, তাহলেই বুঝতে হবে, তারা গ্রহণযোগ্য নির্বাচন চায় না; বরং ২০১৪ বা ২০১৮-এর মতো কিংবা এর গড় করলে যা দাঁড়ায়, তেমন একটা নির্বাচন এখানে চায়। এতে হয়তো নিহিত আছে তাদের স্বার্থ। জনগণের স্বার্থ এখানে নিহিত নেই।

আমরা এতই হতভাগা যে, স্বাধীনতার এত বছর পরও একটা জাতীয় নির্বাচন নিয়ে তর্ক করতে হচ্ছে। কেননা দলীয় সরকারের অধীনে এ দেশে কোনো নির্বাচন গ্রহণযোগ্য হয়নি। এমন একটি নির্বাচনেও শাসক পরিবর্তনের সুযোগ পায়নি জনগণ। সে কারণেই বোধ হয় নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে যখনই নির্বাচন হয়েছে, তখনই তারা উপযুক্ত বার্তা দিয়ে ক্ষমতা থেকে নামিয়ে দিয়েছে শাসক দলকে। আবার জনগণের এ মনোভাব বুঝতে পেরেই বোধ হয় প্রতিটি শাসক দল পাল্লা দিয়ে বিদ্যমান নির্বাচন ব্যবস্থাকে শক্তিশালীর বদলে দুর্বল করতে চেয়েছে। নির্বাচনে সুবিধা নিতে তালিকায় এক কোটির মতো ভুয়া ভোটার ঢোকানোর অভিযোগও রয়েছে এদের একটির বিরুদ্ধে; যাদের কৌশলে নির্বাচনী প্রক্রিয়ার একেবারে বাইরে রেখে শুকিয়ে মারার চেষ্টা চলছিল।

যা হোক, জাতীয় নির্বাচন নিয়ে যে সংকটের সৃষ্টি করেছে ক্ষমতালিপ্সু দুই শাসকগোষ্ঠী, সেখান থেকে আমাদের বেরোতে হবে। আর সেটা আগামী নির্বাচনেই। আগের ধারায় তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠা করেই যে এগোতে হবে, তা নয়। তবে দলীয় সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠানে এর কোনো সমাধান নেই। সমাধান কোথায় রয়েছে, সেটা নিশ্চয়ই আমরা নিজেরা বের করতে পারব। অভিজ্ঞতা আর সৃজনশীলতা নিশ্চয়ই পথ দেখাবে আমাদের। ক্ষমতাসীনদের সদিচ্ছা এ ক্ষেত্রে জরুরি, যদিও তাদের পক্ষে এটা দেখানো সহজ নয়। টানা তিন মেয়াদে যত উন্নয়ন কর্মকাণ্ডই পরিচালিত হোক–মানুষের ধৈর্যচ্যুতি ঘটে। তবে তাদের এখন 'কঠিন'কেই ভালোবাসতে হবে। এর বিকল্প নেই।

নাগরিক সমাজের ভেতর থেকে প্রস্তাব আসুক। দেশের বাইরে যেসব বিশিষ্ট নাগরিক আছেন, তারাও এতে অংশ নিন। দুই পক্ষে বিভক্ত হয়ে অন্ধভাবে জিন্দাবাদ-মুর্দাবাদ দিয়ে চলেছে যারা, তাদের ভেতর থেকে সংকট উত্তরণে অর্থবহ কোনো প্রস্তাব আসার কথা নয়। তাদের আওয়াজ কিংবা ভূমিকা জাতির কাছে কোনো আবেদনও রাখবে না। সম্পূর্ণ নতুন একদল নাগরিককে তাই এ ক্ষেত্রে ভূমিকা রাখতে এগিয়ে আসতে হবে। তাদের উদ্যোগে যেসব রাজনৈতিক দল শামিল হবে না, জাতির সংকট মোচনের পথে তারা বাধা বলেই হবে বিবেচিত।

হাসান মামুন: সাংবাদিক, বিশ্লেষক





বাংলাদেশ এসোসিয়েশন অফ জর্জিয়া (বাএজ)

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছে যে
বাংলাদেশ মেডিকেল এসোসিয়েসন অফ নর্থ আমেরিকা
ও বাংলাদেশ এসোসিয়েসন অফ জর্জিয়া যৌথ উদ্যোগে
ফ্রি মেডিকেল সেবা প্রদান করা হবে ।

তারিখ ও সময়:
২০ আগস্ট ২০২৩
সকাল ১০টা থেকে
দুপুর ১২টা
এই সেবা প্রতি মাসের তৃতীয় রবিবার নিয়মিত ভাবে পরিচালিত হবে।

যাদের কোনো প্রকার মেডিকেল ইন্সুরেন্স নাই
এবং কোনো প্রকার মেডিকেল সুবিধা
নাই শুধু তাদের জন্য ।
কোনো প্রকার ফী নেয়া হবেনা ও
পরীক্ষা নিরীক্ষা নাম মাত্র মূল্যে দেয়া হবে ।

Location :
Global Mall, 5675 Jimmy Carter BLVD
Suite 113A, Norcross, GA 30971

যোগাযোগ:

BMANA
(470) 269-4066 | www.bmanaga.org

BAG

Nadira Rahman	Faruque Ahmed	Rashel Bhuiyan
(770) 256-7437	(404) 271-1004	(404) 641-0294





প্রচার ও প্রকাশনায়: ইঞ্জিঃ মাহবুব আহমেদ (678)-856-0545

MUNA CONVENTION
AUGUST 18-20, 2023

MUNA CONVENTION 2023

Quran
Guidance for Humanity

PENNSYLVANIA CONVENTION CENTER
1101 Arch St, Philadelphia, PA 19107 (North Broad St. Entrance)

SPEAKERS


IMAM OMAR SULEIMAN


IMAM SUHAIB WEBB


HARUN O RASHID



SHEIKH ABDUL NASIR JANGDA



IMAM SULEIMAN HANI



MUFTI HUSSSAIN KAMANI


ABDELRAHMAN MURPHY


DR. ALTAF HUSAIN


MAWLANA LUTFUR RAHMAN


USTADH WAHAJ TARIN


DR ABDUS SALAM AZADI


MUHADDES NAHMUDUL HASSAN


UST. TAIMIYYAH ZUBAIR


DUNIA SHUAIB

FOR REGISTRATION & BOOKING BAZAAR WWW.MUNACONVENTION.COM

Special Offer 15% off

CONVENTION HIGHLIGHTS

Separate Youth Conferences // Children's Learn & fun

Lecture Series | Sister's Programs | Young Sisters Programs | Health Clinic | Halal Food Court
Cultural Events | Matrimonial Services | Parallel Sessions | Bazaar & Expo | Entertainment

MUSLIM UMMAH OF NORTH AMERICA (MUNA)
www.muslimummah.org

718-277-7900
munaconv@gmail.com

ইমাম ও কমিউনিটি লিডারদের সম্মানে মুনা'র ডিনার





নিউইয়র্ক: মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা মুনা'র আগামী ১৮, ১৯ ও ২০ আগস্ট অনুষ্ঠেয় 'মুনা কনভেনশন ২০২৩' সামনে রেখে ইমাম ও কমিউনিটির লিডারদের সম্মানে মতবিনিয়ম ও ডিনারের আয়োজন করেন মুনা নিউইয়র্ক নর্থ জোন। গত ৩০ জুলাই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় সিটির হলিসে মুনা সেন্টার অফ জ্যামাইকায়। জোন নিউইয়র্ক নর্থ জোন সভাপতি মো: রাশেদুজ্জামান সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুনার ন্যাশনাল প্রেসিডেন্ট হারুন অর রশীদ। বিশেষ অতিথি ছিলেন মুনার ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর আরমান চৌধুরী, সিপিএ। মঞ্চে উপস্থিত ছিলেন ন্যাশনাল এস্টিটেন্ট এক্সিকিউটিভ ডাইরেক্টর আবু আহমদ উবাইদা, ন্যাশনাল সোস্যাল সার্ভিস বিভাগের ডাইরেক্টর আব্দুল্লাহ আল আরিফ।

ন্যাশনাল প্রেসিডেন্ট হারুন অর রশীদ, ইমাম ও কমিউনিটির নেতৃবৃন্দের সার্বিক সহযোগিতায় কামনা করে বলেন, আলাহর অশেষ রহমতে, বিগত বছরগুলোতে বিশাল আকারের মুনা কনভেনশন বাস্তবায়ন করতে আমরা সক্ষম হয়েছি। তিন দিনব্যাপী ওই কনভেনশন বাংলাদেশি কমিউনিটি সহ আমেরিকান মুসলিম কমিউনিটির মাঝে ব্যক্তি এবং সমাজ গঠনে প্রশংসনীয় উদ্যোগ হিসেবে বিবেচিত হয়েছে। আমরা মুনা ন্যাশনাল সংগঠনের পক্ষ থেকে আপনাদেরকে এবং আপনাদের মাধ্যমে গোটা বাংলাদেশী কমিউনিটি কে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এবারের কেন্দ্রীয় আলোচ্য বিষয় এবং থিম নির্ধারণ করা হয়েছে আল-কোরআন গাইডেন্স ফর হিউম্যানিটি - Al-Quran guidance for Humanity

তিনি বলেন, আল কোরআন পথনির্দেশ করে গোটা মানব জাতিকে। কল্যাণকর ও নির্ভুল পথ পরিদর্শন করে পথভ্রান্ত দিকহারা মানবতাকে। ব্যক্তিজীবন থেকে রাষ্ট্রীয় জীবন, মানব দেহের অভ্যন্তরে লুকায়িত অন্তর বিন্দু থেকে সৃষ্টি লোকের বিশাল বিস্তৃত মানব সম্পর্কিত প্রতিটি স্তরে বিশ্ববাসীর কল্যাণে এক নির্ভুল গাইড হিসেবে ভূমিকা রাখতে পারে এই মহাগ্রন্থ। এটা বিজ্ঞানময় এটা অলৌকিক পরিবর্তনের প্রতিশ্রুতি। এটা একজন বিশ্বাসী মানুষের বিশ্বাসের অবিচ্ছেদ্য অংশ। ব্যক্তি পরিবার এবং সমাজ পরিবর্তনের একমাত্র শাশ্বত চ্যালেঞ্জিং বিধান। এটি শুধু মুসলিম তথা ইসলামে বিশ্বাসী দের জন্য নয় এটা গোটা মানব গোষ্ঠীর উন্নতি ও অগ্রগতির সোপান। এই মহাগ্রন্থের কল্যাণকর পতাকা প্রতিটি হৃদয়ে, প্রতিটি ঘরে , প্রতিটি সমাজের রন্দ্রে রন্দ্রে পৌঁছে যাক মুনা এই বিশ্বাস ধারণ করেই এবারের কনভেনশনে মূল কেন্দ্রীয় প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করেছে। এই কাজে আপনাদের মাধ্যমে সকলের সহযোগিতা কামনা করছি ।

অন্যান্য নেতৃবৃন্দ বলেন, মুনা আমেরিকার একটি দাওয়াতি ও সামাজিক সংগঠন। মানুষের ব্যক্তিগত নৈতিক ও সামাজিক মানোন্নয়নর জন্য সার্বিক প্রচেষ্টা চালানোর মাধ্যমে আলাহর সন্তুষ্টি অর্জনের নিমিত্তে প্রতিষ্ঠিত হয় মুনা। এই সংগঠনটি ১৯৯০ সালে নিউইয়র্ক অঙ্গরাজ্যে কর্পোরেশন ভুক্ত করা হয়। বর্তমানে মুনা আমেরিকার ৪০ এর অধিক রাজ্যে কর্মতৎপরতা পরিচালনা করছে। মুনা ৩ বছর বিরতির পর আগামী ১৮ ১৯ এবং ২০ আগষ্ট ২০২৩ ফিলাডেলফিয়ার অবস্থিত পেনসিলভেনিয়া কনভেনশন সেন্টারে বিশাল কনভেনশন আয়োজন করতে যাচ্ছে। এই কনভেনশন মুসলিম জীবনে বিশেষ করে বাংলাদেশী-আমেরিকান পরিবার ও নতুন প্রজন্মের ওপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে বলে নেতৃবন্দ মন্তব্য করেন। তারা বলেন, মুনা মুসলমানদের প্রাত্যহিক সামাজিক ও ধর্মীয় কর্মকান্ড এবং জাতীয় নাগরিক জীবনে ভূমিকা পালনের নিমিত্তে সংগঠিত করতে ঐকান্তিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে, যাতে করে এই সমস্ত ব্যক্তিবর্গ আলাহ এবং তাঁর রাসূল হযরত মুহাম্মদ সালালাহু আলাইহি ওয়াসালামের অনুসরণের মাধ্যমে মানবতার সেবা করে যেতে পারে।

মুনা নিউইয়র্ক নর্থ জোনের সাধারণ সম্পাদক মাওলানা তোযাহা আমিন খান ও প্রফেসর দেলোয়ার হোসেনের যৌথ পরিচালরনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, প্রবীণ সাংবাদিক কাজী সামছুল হক, কমিউনিটি লিডার মোহাম্মদ তারেক, আব্দুল আজিজ ভূইয়া, মাওলানা জাফর আলী, মাওলানা সাইদুর রহমান, ড.ফখরুদ্দীন, মাওলানা মঞ্জুরুল আলম, মোহাম্মদ শাহ আলম প্রমুখ।

বঙ্গবন্ধু হত্যার তদন্ত কমিশন যে কারণে জরুরি

॥ হারুন হাবীব ॥

সম্প্রতি আগস্ট হত্যাকাণ্ডের নেপথ্য কুশীলবদের চিহ্নিত করতে তদন্ত কমিশন গঠন করার কথা বলেছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক। মনে পড়ে, এ ধরনের ঘোষণা আগেও কয়েকবার দিয়েছিলেন আইনমন্ত্রী। সংসদীয় কমিটিও তদন্ত কমিশন গঠনের ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছিল। কয়েক বছরেও সে কমিশন গঠন করা যায়নি। আবারও যখন ঘোষণা এলো তখন প্রশ্ন করার সংগত কারণ থাকে যে, শোকের মাস আগস্ট এলেই বিষয়টি মনে পড়ে? এ ধরনের বিষয়ে গতানুগতিক ঘোষণা না দেওয়াই ভালো।

অবশ্য, এই দফায়, গত ১ আগস্ট জাতীয় প্রেস ক্লাবে বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের নেপথ্য কুশীলবদের নিয়ে সাংবাদিক মনজুরুল আহসান বুলবুলের পুস্তক প্রকাশনা অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে আনিসুল হক আগের ঘোষণার সঙ্গে কিছু বাড়তি শব্দ যোগ করেছেন। তিনি বলেছেন, কমিশন গঠনে প্রয়োজনীয় আইনের খসড়া তৈরি হয়েছে। খসড়াটি প্রধানমন্ত্রীর অনুমোদন পেলে এ-সংক্রান্ত একটি আইন সংসদে উপস্থাপন করা হবে। ‡দশের নাগরিক সমাজ, মুক্তিযোদ্ধা ও গণসংগঠনগুলো দীর্ঘদিন ধরেই বঙ্গবন্ধু হত্যার নেপথ্য কুশীলবদের শনাক্ত করতে এমন একটি তদন্ত কমিশন গঠনের দাবি জানিয়ে আসছে। এই দাবির পেছনে যেমন সংগত আবেগ আছে, তেমনই রয়েছে জরুরি কিছু প্রশ্নের উত্তর খোঁজার দায়বদ্ধতা। কারণ ১৫ আগস্টের হত্যাকাণ্ড সাধারণ কোনো হত্যাকাণ্ড ছিল না; ছিল সদ্য-স্বাধীন বাংলাদেশকে আঁতুড়ঘরে গলা টিপে মারার দেশি-বিদেশি ষড়যন্ত্রের চূড়ান্ত আঘাত। মোটকথা, ১৫ আগস্ট ঘটানো হয়েছিল বাংলাদেশ রাষ্ট্রকে বিনাশ করার লক্ষ্যে। সে কারণে ১৫ আগস্টের হত্যাকারীদের বিচার সম্পন্ন হলেও এ ঘটনার নেপথ্যের ষড়যন্ত্র উন্মোচনের বিকí নেই।

বাংলাদেশ রাষ্ট্র ইতোমধ্যে ৫২ বছর অতিক্রম করেছে। মুক্তিযুদ্ধ পরিচালনাকারী মুজিবনগর সরকারের নেতৃবৃন্দ ও মুক্তিযুদ্ধের রাজনৈতিক সংগঠকদের সবাই মৃত্যুবরণ করেছেন বা নিহত হয়েছেন বঙ্গবন্ধুর ঘাতকদের হাতেই। একে একে বিদায় নিচ্ছেন সেদিনের সেইসব বীর বাঙালি, যারা অতি সামান্য প্রশিক্ষণেই ব্যাপক প্রশিক্ষিত পাকিস্তান সেনাবাহিনীর বিরুদ্ধে অস্ত্র হাতে যুদ্ধে নেমেছিলেন।

মুক্তিযুদ্ধের সেক্টর কমান্ডার বা রণাঙ্গন অধিনায়কগণ, যারা বিভিন্ন রণাঙ্গনে যুদ্ধের নেতৃত্ব দিয়েছেন, তারাও প্রায় সবাই বিদায় নিয়েছেন ষড়যন্ত্রের শিকার হয়ে বা জগতের স্বাভাবিক নিয়মে। আজও বেঁচে আছেন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী ও বর্তমান সংসদ সদস্য রফিকুল ইসলাম বীরউত্তম। ব্যক্তিগত অভিজ্ঞতার বয়ান দিয়ে প্রকাশনা অনুষ্ঠানে রফিকুল ইসলাম বীরউত্তম বলেছেন, ১৫ আগস্টের হত্যাকাণ্ড কোনো আকস্মিক ঘটনা ছিল না। এটি এক দীর্ঘ, সুপরিকল্পিত ও ধারাবাহিক ষড়যন্ত্রের ফসল। মুক্তিযুদ্ধের এই সাহসী সমর অধিনায়ক স্মৃতিচারণ করে আরও জানিয়েছেন, মুক্তিযুদ্ধ চলাকালেই ভারতীয় গোয়েন্দাসূত্র মুজিবনগর সরকারের নেতৃব...›দ এবং তিনিসহ কয়েকজন সেক্টর কমান্ডারকে একটি ষড়যন্ত্রের কথা জানিয়েছিলেন।



মুক্তিযুদ্ধের রাজনৈতিক ও সামরিক সদস্যদের একটি অংশ গোপনে পাকিস্তানের সঙ্গে ‘কনফেডারেশন’ করে পাকিস্তানি ভাবধারায় একটি সরকার গঠনের ষড়যন্ত্র করেছিল তখনই। মূল উদ্দেশ্য ছিল মুক্তিযুদ্ধকে বিপথে পরিচালিত করা। সে ষড়যন্ত্রে জড়িত ছিল মুজিবনগর সরকারের অন্যতম মন্ত্রী খন্দকার মোশতাক আহমদ। সেই মোশতাকই আগস্ট হত্যাযজ্ঞের পর ক্ষমতা দখল করেছিল!

একাত্তরে ষড়যন্ত্র সফল হয়নি। কারণ, তখন একদিকে মুক্তিযোদ্ধারা ছিলেন সচেতন ও সুসংহত, অন্যদিকে সতর্ক অবস্থানে ছিল মিত্রশক্তি ভারত। অতএব, মুক্তিযুদ্ধ পথভ্রষ্ট হয়নি। দেশ স্বাধীন হওয়ার পর সংশ্লিষ্ট মহলগুলোর সেই সতর্ক অবস্থানে ভাটা পড়েছিল। সেই সুযোগে ১৯৭১-এর ব্যর্থ ষড়যন্ত্র ক্রমান্বয়ে সচল হয়ে ওঠে এবং ১৯৭৫ সালে এসে চূড়ান্ত আঘাত হানে।

ইতিহাস যতই গৌরবময় বা কলঙ্কময় হোক, তা নতুন করে লেখা যায় না। অতএব, ১৯৭৫ সালের ১৫ আগস্ট যে ক্ষতি হয়েছে, তার পূরণ সম্ভব নয়। ইতিহাসের সত্য উদ্ঘাটন ও নির্মোহ উপলব্ধি জাতিকে উপকৃত করে। সে কারণেই জাতির পিতার হত্যাকাণ্ডের নেপথ্য কুশীলবদের খুঁজে বের করা জরুরি জাতীয় কর্তব্য।

বলা বাহুল্য, কাজটি সম্পর্কে যত সহজে বলা যায়, করা ততটা সহজ নয়। এটি জরুরি জাতীয় কাজ নিঃসন্দেহে; কিন্তু জিঘাংসা বা বিদ্বেষপ্রসূত কাজ নয়। ইতিহাসের সত্য উন্মোচনের জরুরি কর্তব্য মাত্র। ভবিষ্যৎ বাংলাদেশের কণ্টকমুক্ত অগ্রযাত্রা নিশ্চিত করার জন্যই অতীতের ক্ষতগুলো পরীক্ষা করে দেখা জরুরি। এই কাজে প্রয়োজন বিস্তারিত গবেষণা ও কঠোর সত্যনিষ্ঠ ও নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি। তা সম্ভব হলেই কেবল একদিকে যেমন সদ্য স্বাধীন দেশের মূল চ্যালেঞ্জ ও প্রতিবন্ধকগুলো শনাক্ত করা সম্ভব হবে, অন্যদিকে ভবিষ্যৎ নাগরিকের জন্য জাতীয় ইতিহাসের নির্ভেজাল সত্য উন্মোচিত হবে।


ইতিহাসের অমোঘ শক্তি ঘাতকরা বুঝতে অক্ষম ছিল। সে শক্তির জোরেই জাতীয় ইতিহাসের লুণ্ঠিত সত্যগুলো ফিরে এসেছে। এককালে যা অভাবিত ছিল, তারই বিজয় ঘটেছে। তিন দশক সময় লাগলেও আগস্ট হত্যাকাণ্ডের বিচার সম্পন্ন হয়েছে। সেই হত্যাকাণ্ডে সশরীরে অংশগ্রহণকারীদের কৃতকর্মের বিচার হয়েছে। কেউ কেউ দণ্ডও ভোগ করেছে; বাকিরা নানা দেশে পলাতক। বর্তমান সরকার বলছে, পলাতকদের ফিরিয়ে আনার চেষ্টা চলছে; যদিও আজ পর্যন্ত তা সম্ভব হয়নি।

প্রশ্ন হচ্ছে, আগস্ট হত্যাকাণ্ড কি বিচ্ছিন্ন কোনো ঘটনা ছিল? যারা মারণাস্ত্র হাতে সেদিনের নারকীয় হত্যাযজ্ঞে অংশ নিয়েছিল, তাদের পেছনে কেউ না কেউ ছিল, দেশি ও বিদেশি। তারা শেখ মুজিবকে হত্যার মাধ্যমে মুক্তিযুদ্ধে শোচনীয় পরাজয়ের প্রতিশোধ নিতে চেয়েছিল। সদ্য-স্বাধীন রাষ্ট্রের স্বাভাবিক যা্রাপথ কণ্টকাকীর্ণ করতে চেয়েছিল। অতএব, এই হত্যাকাণ্ডের নেপথ্য কুশীলবদের চিহ্নিত করার বিকল্প নেই।

হারুন হাবীব: মুক্তিযোদ্ধা, লেখক ও সাংবাদিক



১৫ আগস্ট জাতীয় শোক দিবস



১৫ আগস্ট ২০২৩, মঙ্গলবার

বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম মৃত্যুবার্ষিকীতে
তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনায়

দোয়া মাহফিল ও তবারক বিতরণ

স্থান: ৩৭-২২, ৭৩ স্ট্রিট (নবান্ন রেস্টুরেন্টের সামনে), সময়: দুপুর ৪টা থেকে রাত ১০টা

সভাপতি	আহ্বায়ক	সদস্য সচিব	সাধারণ সম্পাদক
সাকিল মিয়া	মীর নিজামুল হক	সোহেল গাজী	মো. আলম নমি

যুগ্ম আহ্বায়ক: মো. এ আজাদ, মিয়া মোঃ দুলাল, আব্দুল মালেক, ও আব্দুল হামিদ, পরিচালনায়: শাহ নেওয়াজ যুগ্ম সদস্য সচিব: হাজী এনাম, মো. মাহবুব রহমান ও ডিউক খান

তত্ত্বাবধায়নে: শাহ জে চৌধুরী প্রধান সমন্বয়কারী: মইনুল ইসলাম প্রধান পৃষ্ঠপোষক: আসেফ বারী টুটুল

চেয়ারম্যান: মামুন মিয়াজী চেয়ারপারসন: বিপ্লব সাহা কো-চেয়ারপারসন: সাখাওয়াত বিশ্বাস
পৃষ্ঠপোষক: নুরুল আজিম, ফাহাদ সোলায়মান, তারেক হাসান খান, এটর্নি মঈন চৌধুরী, জেড আর চৌধুরী (লিটু), ও আহসান হাবিব

সহযোগিতায়: মঈনুল ইসলাম, শাহ জে চৌধুরী, বারী হোম কেয়ার, আশরাফুল আলম খোকন, হাজী এনাম, ডেরা রেস্টুরেন্ট, মেসবাহ আবেদীন, শেখর কৃষ্ণ, ডা. ফেরদৌস খন্দকার, রূপসী চাঁদপুর ফাউন্ডেশন, সি কে (অভি) , মনসুর চৌধুরী, প্রিমিয়াম সুইটস, মামা'স রেস্টুরেন্ট, নুরুল আমিন বাবু, নুরুজ্জামান সরদার, ফরহাদ রেজা, নিলুফা শিরিন, হাসান জিলানী, মোহাম্মদ আলী, মোঃ কে. ভূইয়া, গোলাম হাসান, রফিকুল ইসলাম, আক্তার ভূঁইয়া, আকতারুর রহমান মামুন, রনি, মোঃ কামরুজ্জামান, মোঃ জাহিদ মিয়া, মোঃ শাজের উদ্দিন, সাঈদ খান, রাজু আহমেদ, মফিজুর রহমান, জেবিবিএ, হাসান মাহমুদ সোহেল, মো: লুৎফুর রহমান চুন্নু, আলমগীর হোসেন, মোঃ আশরাফুল আজিজ, মোঃ জহিরুল ইসলাম, মোঃ আব্দুর রহিম ভূইয়া, মোঃ আবু তাহের, মোঃ আনোয়ার হোসেন (অনু), আহাদ ভূঁইয়া, ডা. তৌহিদ শিবলী ও গোল্ডেন এইজ হোম কেয়ার।

উপদেষ্টা পরিষদ: হারুন ভূঁইয়া, মো: মহিউদ্দিন দেওয়ান, জয়নাল আবেদিন, রাশেদ আহমেদ, ইশতিয়াক রুমী, সিরাজুল হক কামাল, মহসিন নবী, কামরুজ্জামান কামরুল, প্রদীপ সাহা, কাজী শামসুদ্দোহা, মনসুর চৌধুরী, মোঃ পিয়ার, মোল্লা মাসুদ, রফিকুল আহমেদ, ইকতারুজ্জামান রতন, মোঃ কবির রতন, বিদ্যুৎ দাস, জে মোল্লা সানি, এলিন রহমান, দেবাশীষ দাস বব, শফিউদ্দিন মিয়া, শাহাদাৎ হোসেন।

সার্বিক সহযোগিতায়: মোঃ মানিক বাবু, শেখ সোমান পলাশ, আসাদুল ইসলাম আসাদ, মোঃ হাসনাত হাসান, শামস জনি, শাহীন চৌধুরী, আফতাব জনি, আকরাম হোসেন বিপ্লব, নিহার সিদ্দিকী, আলমগীর খান আলম, মোঃ সায়েম উল্লাহ, মুক্তা মিয়া, গোপাল সান্যাল, ওয়াসীম, নান্টু মিয়া, গনেশ কীর্তণীয়া, মোঃ রাদবি, শাহরিয়ার হোসেন, শোভন, কবির চৌধুরী জসী, কামরুজ্জামান বকুল ও মতিন।

ফটোগ্রাফি: নিহার সিদ্দিকী

আয়োজনে-

জ্যাকসন হাইটস এলাকাবাসী

চিত্রে আমেরিকান বাংলাদেশ কালচারাল এসেসোসিয়েশনের মেলা

















বাসের ভাড়া ফাঁকি, অপরাধীদের ধরবে এনওয়াইপিডি

(প্রথম পাতার পর)

প্যাট্রোলিং শুরু করবে।

এমটিএর হিসাব বলছে, গেলো বছরে ভাড়া না দিয়ে বাসে যাতায়তের কারণে ৩১৫ মিলিয়ন ডলার হারিয়েছে তারা।

ভাড়া ফাঁকি দেওয়ার তালিকায় এখন বাসগুলোর নামই প্রথম, বলেছেন এমটিএ চেয়ারম্যান জানো লিবার।

এনওয়াইপিডি জানিয়েছে, বাসের ভাড়া তোলার ব্যাপারে কড়াকড়ি করতে তারা পুলিশের আলাদা একটি ইউনিটই গঠন করছে। এমটিএর নিজস্ব লোকেদের পাশাপাশি পুলিশের এই সদস্যরাও কাজ করবেন, যাতে বাসে ভাড়া ফাঁকি রোধ করা যায়।

ইগল টিম নামের এমটিএর নিজস্ব বাহিনীর সদস্যরা পথে পথে বাসের চালকদের সঙ্গে চেক করবেন তার বাসে এমন কোনো ইস্যু রয়েছে কি-না।

কিপস বে, ম্যানহাটন, ডাউনটাউন ব্রুকলিন ও স্যাটান আয়ল্যান্ড ফেরি টার্মিনালে পুলিশের টিমগুলো কাজ করবে। এমটিএর কর্মকর্তারা বলছেন, পরিস্থিতি এতটাই খারাপ অবস্থায় পৌঁছেছে যে এর প্রতিকার এখনই প্রয়োজন। তাদের হিসাব বলছে, প্রতি তিনজন বাস যাত্রীর মধ্যে একজন ভাড়া ফাঁকি দিচ্ছে।

লিবার বলেন, এই অর্থ আদায় করা সম্ভব হলে এমটিএ রুটগুলোতে বাসের সংখ্যা বাড়াবে।

এমটিএ লোকাল বাসরুটগুলোতে ইগল টিম মোতায়েন করবে। এরা কেউ অস্ত্রধারী হবেন না। তবে তারা বিভিন্ন বাসে ভাড়া আদায়ের বিষয়গুলো পরীক্ষা করবেন।

যাত্রীরা যাতে বুঝতে পারেন, ভাড়া দেওয়াটাই তাদের কাছে প্রত্যাশিত, এবং ভাড়া না দিলে সরাসরি পার পাওয়া যাবে না এমন অনুধাবনও যেনো তাদের হয়, বলেন এনওয়াইসি ট্রানজিট এর প্রেসিডেন্ট রিচ ড্যাভে।

আর এনওয়াইপিডির ট্রানজিট ব্যুরো প্রধান মাইকেল কেমপের বলেন, সাবওয়ে স্টেশন বাস স্টেশন কিংবা স্টপেজগুলোয় আমাদের সদস্যদের উপস্থিতি বাসযাত্রীদের মধ্যে আস্থা বাড়াবে।

ইউনিয়ন নেতারাও অনেকদিন ধরে এ ব্যাপারে পুলিশের হস্তক্ষেপ দাবি করে আসছিলেন। তাদের মতে, বাস ভাড়া যারা এড়াতে চায় তারাই বাসের চালকদের ওপর চড়াও হয় কিংবা দুর্ব্যবহার করে।

ট্রান্সপোর্ট ওয়ার্কার্স ইউনিয়নের দেওয়া একটি তথ্য বলছে, এ বছরের জুন পর্যন্ত ৭০০ জনেরও বেশি বাস অপারেটরের ওপর হামলা, হুমকি কিংবা থুথু ছেটানোর মতো ন্যাক্কারজনক ঘটনা ঘটেছে।

মধ্য সেপ্টেম্বর থেকে এই ক্র্যাকডাউন অপারেশন শুরু হবে। তবে তার আগে যাত্রীদের এ ব্যাপারে পর্যাপ্ত সচেতন করে তুলতে ক্যাম্পেইন চলবে। ইগল টিমের সদস্যরা যাত্রীদের হাতে প্যাম্ফেট তুলে দেবেন। যাতে বলা থাকবে কেনো বাস ভাড়া পরিশোধ জরুরি।

কিপস ব্রে ম্যানহাটনের ২৫টি রুট, ডাউনটাউন ব্রুকলিনের ১২ রুট ও স্ট্যাটেন আয়ল্যান্ড ফেরি ২২টি রুটে এই প্রক্রিয়া বাস্তবায়ন করা হবে।

বিশ্বে পরমাণু যুদ্ধের দামামা হুঁশিয়ারি জাতিসংঘ মহাসচিবের

(প্রথম পাতার পর)

মহাসচিব জাপানের শহর হিরোশিমায় যে 'আণবিক বিপর্যয়' ঘটেছিল, তা থেকে শিক্ষা নেওয়ার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়কে আহ্বান জানিয়েছেন।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে ১৯৪৫ সালের ৬ আগস্ট হিরোশিমায় 'লিটল বয়' নামের প্রথম আণবিক বোমা নিক্ষেপ করে যুক্তরাষ্ট্র। এতে তাৎক্ষণিক হাজারো মানুষের মৃত্যু হয়। বছর শেষে নিহতের সংখ্যা ১ লাখ ৪০ হাজারে গিয়ে দাঁড়ায়। তিন দিন পর নাগাসাকিতে আরেকটি আণবিক বোমা হামলায় নিহত হন ৭৪ হাজারের মতো জাপানি।

বিবৃতিতে জাতিসংঘের মহাসচিব বলেন, 'পারমাণবিক যুদ্ধের দামামা আবারও বেজে উঠেছে, অবিশ্বাস ও বিভক্তি বাড়ছে। স্নায়ুযুদ্ধের সময় পারমাণবিক হামলার যে আশঙ্কা ছিল, তা আবার দেখা দিয়েছে। কিছু দেশ আবার বেপরোয়াভাবে পারমাণবিক শক্তির আস্ফালন দেখাচ্ছে; সভ্যতাবিনাশী এই অস্ত্র ব্যবহারের হুমকি দিচ্ছে।'

গত জুলাইয়ে নতুন শান্তি উদ্যোগ নেন জাতিসংঘের মহাসচিব। এই উদ্যোগের অংশ হিসেবে সদস্যরাষ্ট্রগুলোকে অবিলম্বে পারমাণবিক অস্ত্রমুক্ত বিশ্ব গঠনের এবং এসব অস্ত্রের ব্যবহার ও বিস্তার রোধে বৈশ্বিক মূল্যবোধ শক্তিশালী করার বিষয়ে নিজেদের আবার অঙ্গীকারের আহ্বান জানানো হয়েছে।

নিরস্ত্রীকরণ এবং পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ-সংক্রান্ত বৈশ্বিক আইনগুলো শক্তিশালী করার জন্য কাজ চালিয়ে যাওয়ার বিষয়ে জাতিসংঘের অঙ্গীকারের ওপর জোর দিয়ে গুতেরেস বলেন, পারমাণবিক অস্ত্রধারী দেশগুলোকে অবশ্যই এই অস্ত্র ব্যবহার না করার বিষয়ে অঙ্গীকার করতে হবে।

এদিকে পারমাণবিক অস্ত্র ব্যবহারে রাশিয়ার হুমকির নিন্দা জানিয়েছেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। হিরোশিমায় যুক্তরাষ্ট্রের পারমাণবিক বোমা হামলার ৭৮তম বার্ষিকীতে গতকাল আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ নিন্দা জানান।

জাপানের প্রধানমন্ত্রী বলেন, যুদ্ধে পারমাণবিক বোমা হামলার শিকার একমাত্র দেশ হিসেবে জাপান পারমাণবিক অস্ত্রমুক্ত বিশ্ব গঠনের প্রচেষ্টা অব্যাহত রাখবে। তবে তিনি বলেন, পারমাণবিক নিরস্ত্রীকরণ নিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের মধ্যে গভীর বিভাজন এবং রাশিয়ার পারমাণবিক হুমকির কারণে এ পথে অগ্রসর হওয়া ক্রমেই কঠিন হয়ে পড়েছে।

কিশিদা বলেন, এই পরিস্থিতিতে একটি পারমাণবিক অস্ত্রমুক্ত বিশ্বের গুরুত্ব উপলব্ধির বিষয়ে চূড়ান্ত আন্তর্জাতিক প্রচেষ্টার দিকে ফিরে আসাটা আরও বেশি প্রয়োজন। পারমাণবিক অস্ত্র হিরোশিমা ও নাগাসাকিতে যে ধ্বংসযজ্ঞ বয়ে এনেছে, কোনোভাবেই যেন তার পুনরাবৃত্তি না ঘটে। কিশিদার পরিবারও এই হিরোশিমা শহরেরই বাসিন্দা।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধে কিয়েভকে পশ্চিমাদের অস্ত্র সরবরাহের পরিপ্রেক্ষিতে নিজেদের 'ভূখণ্ড রক্ষায়' প্রয়োজনে হাতে থাকা সব অস্ত্র ব্যবহারের হুঁশিয়ারি দিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সম্প্রতি দেশটি বেলারুশে কৌশলগত পারমাণবিক অস্ত্র স্থানান্তর করেছে। রাশিয়ার এই পদক্ষেপের কড়া সমালোচনা করেছে যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা দেশগুলো।

এ ছাড়া ইউক্রেন যুদ্ধ ঘিরে পারমাণবিক যুদ্ধের ঝুঁকির বিষয়ে একাধিকবার হুঁশিয়ারি উচ্চারণ করেছেন রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট দিমিত্রি মেদভেদেভ। সম্প্রতি তিনি বলেছেন, ইউক্রেনের 'পাল্টা আক্রমণ' সফল হওয়া মানে রাশিয়াকে পারমাণবিক অস্ত্র ব্যবহারের দিকে ঠেকে দেওয়া। রাশিয়ার সাবেক এই প্রেসিডেন্টকে ইউক্রেন যুদ্ধের কড়া সমর্থক বলে মনে করা হয়।

হিরোশিমা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে কয়েক হাজার মানুষ অংশ নেন। তাঁদের মধ্যে ছিলেন ওই হামলায় বেঁচে যাওয়া ব্যক্তিরা, নিহত ব্যক্তিদের স্বজন ও রেকর্ড ১১১টি দেশের প্রতিনিধি। তাঁরা হতাহতদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন এবং বিশ্বশান্তির আহ্বান জানান। ইউক্রেন যুদ্ধের কারণে টানা দ্বিতীয় বছরের মতো এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়নি রাশিয়া ও বেলারুশকে।

অনুষ্ঠানে অনেকেই কালো পোশাক পরে অংশগ্রহণ করেন। স্থানীয় সময় সকাল ৮টা ১৫ মিনিটে নীরব প্রার্থনার আয়োজন করা হয়। ঠিক ওই সময়ে হিরোশিমায় পারমাণবিক বোমাটি নিক্ষেপ করা হয়েছিল।

নিউইয়র্কে ফের বাড়ছে কোভিড-১৯

(প্রথম পাতার পর)

মত, স্বাস্থ্য বিশেষজ্ঞদের।

আর আসছে সপ্তাহগুলোতে এই সংক্রমণ আরও বাড়তে পারে বলেই আশঙ্কা করেন তারা। বিশেষ করে নিউইয়র্কে ওমিক্রন সাব ভ্যারিয়েন্ট এখনো অবস্থান করছে। এবং তা দ্রুত ছড়াতে সক্ষম।

কারো সর্দি, মাথাব্যাথা ও অন্যান্য লক্ষণগুলো দেখা দিলে কোভিড পরীক্ষা করানোর পরামর্শ দেওয়া হয়েছে।

পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের গ্রেফতার

(প্রথম পাতার পর)

পাঞ্জাব পুলিশ।

এদিকে আদালতের রায়কে প্রত্যাখ্যান করে ইমরানের গ্রেফতারের নিন্দা জানিয়েছেন পিটিআই ভাইস চেয়ারম্যান শাহ মাহমুদ কুরেশি।

তিনি বলেছেন, এ রায় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত এবং ফরমায়েশি। এ ধরনের রায় দেওয়া হবে সেটা আগে থেকেই ধারণা করা হয়েছিল।

পিটিআইয়ের কোর কমিটির জরুরি বৈঠক শেষে দেওয়া এক হ্যান্ডআউটে বলা হয়েছে, ইমরান খানের মুক্তি এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে। দলের পক্ষ থেকে সংবিধান এবং আইন মেনে সারা দেশে শান্তিপূর্ণ বিক্ষোভের ডাক দেওয়া হয়েছে। সেই সঙ্গে রিভিউ পিটিশনের শুনানির জন্যও সুপ্রিমকোর্টের প্রতি আবেদন জানানো হয়েছে।

পিটিআইয়ের পক্ষ থেকে বলা হয়েছে, ইমরান খানের নির্দেশ অনুযায়ীই রাজনৈতিক পরিকল্পনা নিয়ে তারা এখন কাজ করছেন।

শনিবার গ্রেফতার হওয়ার কয়েক ঘণ্টা পর টুইটারের দেওয়া আগে রেকর্ড করা এক ভিডিও বার্তায় আন্দোলন চালিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছেন ইমরান খান।

ভিডিও বার্তায় ইমরান বলেন, আপনাদের কাছে যখন এ বার্তা পৌঁছাবে, তখন আমি কারাগারে থাকব। আমাকে গ্রেফতারের প্রেক্ষাপটে আমি চাই আপনারা শান্তিপূর্ণ প্রতিবাদ অব্যাহত রাখুন। চুপচাপ বাড়িতে বসে থাকবেন না।

ইমরান বলেন, আমার আন্দোলন আমার জন্য নয়। আপনার জন্য, আপনার সন্তানদের ভবিষ্যতের জন্য। তিনি জোর দিয়ে বলেন, পাকিস্তানও 'স্বাধীনতার ধারণার ওপর' প্রতিষ্ঠিত ছিল।

বিবৃতিতে তিনি বলেন, আপনি যদি নিজের অধিকারের পক্ষে না দাঁড়ান, তবে আপনি দাসের জীবনযাপন করবেন। আর দাসদের আসলে কোনো জীবন নেই। দাসরা ঠিক পিঁপড়ার মতো। তারা মাটিতে থাকে। কখনো তারা উঁচুতে উড়তে পারে না।

ইঁদুরের উৎপাত ট্র্যাশ কনটেইনার

(প্রথম পাতার পর)

ছোটখাটো দোকান-পাট পর্যন্ত সকলকে। অর্থাৎ যেখানে খাদ্য বিক্রি হয়, সেখানকার জন্যই এই নিয়ম। আর তা হচ্ছে প্রত্যেকেই তাদের খাদ্য আবর্জনা ট্র্যাশ কনটেইনারে ফেলবে।

১ আগস্ট থেকে এই বিধান কার্যকর করা হয়েছে। মেয়র এরিক অ্যাডামস এই নিয়ম চূড়ান্ত করেছেন এবং বলেছেন, খাদ্য সংক্রান্ত সকল ব্যবসায় ট্র্যাশ করতে হবে নিরাপদ কনটেইনারে। আর এই কনটেইনারাইজেশনের জন্য নগরীর পাঁচটি কিংবা আরও বেশি লোকেশন থেকে সকল চেইন বিজনেসকে আওতাভুক্ত করতে বিস্তারিত পরিকল্পনা গ্রহণ করেছে নগর প্রশাসন।

এর আগে গত মাসে এই সিদ্ধান্তকে বড় পদক্ষেপ হিসেবে উলেখ করে মেয়র বলেন, নগরীর সড়কগুলোকে পরিচ্ছন্ন রাখতে আজ আমরা আবর্জনা কনটেইনারাইজ করার নীতি ঘোষণা করছি। এর কার্যকরের মধ্য দিয়ে নগরীতে প্রতিদিন অন্তত ৪ মিলিয়ন পাউন্ড আবর্জনা নিরাপদ বিনে করে ফেলা সম্ভব হবে।

নতুন এই পরিকল্পনার আওতায় সকল ছোট খাটো দোকান, ডেলি ও গ্রোসারি স্টোরগুলোও পড়বে।

ডিপার্টমেন্ট অব স্যানিটেশন কমিশনার টিসক তার এক ঘোষণায় বলেন, কালো ব্যাগে ট্র্যাশ ফেলা মানেই হচ্ছে ইঁদুরের জন্য একটি টু-গো-বক্স। আর ডেপুটি মেয়র মীর জোশি প্রত্যাশা করছেন, নতুন এই সিদ্ধান্ত সড়কের ওপর ট্র্যাশ ব্যাগের পাহাড় জমিয়ে রাখার প্রবনতা কমাবে।

কেউই চায়না এই দৃশ্য দেখতে, কেউই চায়না এই গন্ধ শুকতে, আর নিশ্চিতভাবেই কেউ এটাও মনে করে না যে, এসব ইঁদুরের খাদ্য হোক, বলেন টিসক।

নতুন এই নিয়ম অনুয়ায় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে তাদের ট্রাশ কনটেইনারগুলো ঢাকনা দিয়ে ঢেকে বাই রাখার সুযোগ থাকবে। তবে তা হয় নিজস্ব প্রপার্টির মধ্যে কিংবা প্রপার্টি সীমার সর্বোচ্চ ৩ ফুট দূরে রাখা যাবে।

বিশ্বকাপ ফুটবল: শেষ ১৬'য় ছিটকে পড়লো যুক্তরাষ্ট্র নারী দল

(প্রথম পাতার পর)

কাছে পেনাল্টি কিকে হেরে শেষ মূহূর্তে বিদায় নিতে হয়েছে দলকে। রবিবার অনুষ্ঠিত টানটান উত্তেজনার ম্যাচে মূল খেলায় গোলশুণ্য ছিলো দুই দলই।

সুইডেন এখন কোয়ার্টার ফাইনাল খেলবে জাপানের সঙ্গে। আর টপ র‍্যাংকে থাকার পরেও শেষ ১৬ রাউন্ডে বাদ পড়ে দেশে ফিরবে যুক্তরাষ্ট্র দল। যুক্তরাষ্ট্রের জাতীয় নারী ফুটবল দলকে এর আগে আর কখনোই টুর্ণামেন্টের এতটা প্রাথমিক পর্যায়ে বাদ পড়তে হয়নি। এর আগে চার বার বিশ্বকাপ জয়ী নারী দল। গেলো বারেরও চ্যাম্পিয়ন ছিলো যুক্তরাষ্ট্র। এবারও ছিলো পরপর তৃতীয় বিশ্বকাপ জয়ের। কিন্তু সকলকে হতাশ করে শেষ ১৬ পর্ব থেকেই ছিটকে পড়লো দলটি।

গোলরক্ষক আলিসা নাহের অবশ্য পেনাল্টি কিকটি ফিরিয়ে দিয়েছিলেন কিন্তু সেই মূহুর্তেই তার পা স্পিপ করলে তা গোল লাইন ছুয়ে যায়। ফলে রেফারি গোল ঘোষণা করেন। ও সুইডেনের জয় ঘোষণা করেন।

নিউইয়র্কে গৃহ সহিংসতা : বাংলাদেশিসহ দক্ষিণএশীয়রা শীর্ষে

(প্রথম পাতার পর)

উলেখ করেন তিনি।

এখানে দক্ষিণএশীয় ডায়াসপোরাটি নানা জাতির সুতারং এদের সহিংসতারও রয়েছে নানা ধরন। গেলো বছরে এই সংগঠনে ১৮৫০টি হেলপলাইন কল এসেছে যার মধ্য অন্তত ৬০০ জনের সঙ্গে কাজ করেছেন তারা, জানান জয়নব। ২০২১ সালের চেয়ে ২০২২ সালে এমন কলের সংখ্যা ২৪% বেড়েছে।

দক্ষিণ এশীয় অপর সংগঠন এসওএআর এর তথ্য বলছে গোটা যুক্তরাষ্ট্রে দক্ষিণএশীয়দের মধ্যে ৪৮ শতাংশ নারীই শারীরিক নির্যাতনের শিকার হন। আর ৪১% দক্ষিণএশীয় বলছেন, তারা তাদের ছেলে বেলায় গৃহ সহিংসতা দেখেছেন।

সঙ্খির সহায়তা পেতে দক্ষিণএশীয় নারীরা ২১২-৮৬৮-৬৭৪১ এ কল করতে পারেন। এছাড়া টেক্সট পাঠাতে পারেন ৩০৫-২০৪-১৮০৯ নম্বরে।

বাংলাদেশি কমিউনিটির সূত্রগুলো বলছে, গৃহ সহিংসতায় দক্ষিণ এশীয় এই দেশটির ডায়াসপোরাদের মাঝেও যথেষ্ট প্রবণতা দেখা যায়। বিভিন্নভাবেই এসব সহিংসতারা কথা কমিউটির কাছে পৌঁছায় এবং তা আলোচনা সমালোচনার জন্ম দেয়।

সহিংসতার মধ্যে রয়েছে ধর্ষণ, যৌন নির্যাতন, মারধোর ইত্যাদি। যা বছরের অন্য যে কোনো মৌসুমের চেয়ে গরমকালে বেশি দেখা যায়। এফবিএর একটি জরিপ এমনটাই জানাচ্ছে।

তবে কেবল দক্ষিণ এশিয়াই নয়। যুক্তরাষ্ট্রে এ ধরণের সহিংসতার মাত্রা বাড়ছে। ২০২১ সালে মোট ৯১০,৮৮০ টি সহিংসতা রেকর্ড করা হয়েছে। যার মধ্য ৫২% সহিংসতাই ঘটেছে স্বামী কিংবা স্ত্রীর বিরুদ্ধে।

ইউএস মিলিটারি ৬০%, সংবাদমাধ্যম ২০%, কংগ্রেস ৮% আস্থার সঙ্কটে

যুক্তরাষ্ট্রের সামরিক শক্তির ভয় গোটা বিশ্বের। কিন্তু এবার সেই সামরিক শক্তির প্রধান ধারক ইউএস মিলিটারি আস্থার সঙ্কটে পড়েছে। আর তা খোদ আমেরিকানদের কাছেই। সামরিক বাহিনীর উপর সাধারণ আমেরিকানদের আস্থা গত দুই দশকের মধ্যে সর্বনিম্ন পর্যায়ে রয়েছে। আর তা জানাচ্ছে নতুন একটি জরিপের ফল।

মোটে ৬০ শতাংশ আমেরিকান বলেছে ইউএস মিলিটারির ওপর তাদের অগাধ আস্থা রয়েছে কিংবা যথেষ্ট আস্থা রয়েছে। গত জুনের ১ থেকে ২২ তারিখ পর্যন্ত গ্যালআপ এই জরিপ চালায়। ২০২২ সালে এই আস্থা ছিলো ৬৪ শতাংশ। যা এক বছরে ৪ শতাংশ কমেছে।

৯/১১ সন্ত্রাসী হামলার পর যুক্তরাষ্ট্রের সাধারণ মানুষের কাছে সামরিক শক্তির প্রতি আস্থা ৭০ শতাংশ ছাড়িয়ে যায়। এরপর দুই দশক এই আস্থা অবিচল থাকে। ২০২১ সালে যা ১ শতাংশ কমে ৬৯ শতাংশে দাঁড়ায়। কিন্তু আফগানিস্তান থেকে মার্কিন সামরিক শক্তি আচমকা তুলে আনার পর আস্থার মাত্রা কমতে শুরু করে। ২০২২ সালে যা ৬৪ শতাংশে পৌঁছায়। এবং আরও এক বছরের ব্যবধানে তা ৬০ শতাংশে পৌঁছলো।

সংবাদমাধ্যমের খবরগুলো বলছে, গত ৪৮ বছর ধরে, রিপাবলিকানরা ধারাবাহিকভাবে সামরিকশক্তির ওপর আমেরিকানদের আস্থা ধরে রাখতে পেরেছে। কিন্তু গত তিন বছরে রিপাবলিকানদের আস্থাও ৯১ শতাংশ থেকে ৬৮ শতাংশে নেমে আসে। স্বতন্ত্ররা- যারা ঐতিহাসিকভাবে একটা মধ্যমাত্রার আস্থা ধরে রাখতেন সামরিক বাহিনীর প্রতি, তারাও এখন আস্থার নিম্নতম স্থানে পৌঁছেছেন। তাদের আস্থা ১৩ শতাংশ কমে ৫৫ শতাংশে দাঁড়িয়েছে। যদিও ডেমোক্র্যাটদের ক্ষেত্রে প্রেসিডেন্ট বাইডেন দায়িত্ব নেওয়ার পর কিছুটা বেড়ে যায়, যা পরের বছরে এসেই কমতে শুরু করে।

এ অবস্থায় দেখা যাচ্ছে ১৯৯৭ সালের পর গত ৫ বছর ধরে সামরিক শক্তির ওপর আমেরিকানদের আস্থা কমতেই থাকে। আর কেবল সামরিকই নয় যুক্তরাষ্ট্রের আরও কিছু সরকারি প্রতিষ্ঠান বা সংস্থার প্রতিও কমেছে সাধারণ আমেরিকানদের আস্থা।

এর মধ্যে সর্বনিম্ন আস্থা রাখে আমেরিকান জনগন এমন প্রতিষ্ঠানগুলো মধ্যে রয়েছে সংবাদপত্র, অপরাধ আদালত ব্যবস্থা, টেলিভিশন সংবাদ, বড় ব্যবসায়ী প্রতিষ্ঠান ও কংগ্রেস। এগুলোর কোনোটির প্রতি ২০ শতাংশের বেশি আমেরিকানের আস্থা নেই। আর সবগুলোর মধ্যে আবার সবচেয়ে নিচে পড়েছে কংগ্রেসের নাম। যুক্তরাষ্ট্র কংগ্রেসের প্রতি আস্থা রাখেনা ৮ শতাংশ মানুষও।

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কাস্টমারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MBPPD
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য খবর জানতে

বাফেলোর প্রথম এবং একমাত্র বাংলা সংবাদপত্র

বাফেলো বাংলা

পড়ুন

www.buffalobangla.com

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21

Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine

সীমিত সময়ের জন্য 15% Off

Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

সিলেট সদর থানা এসোসিয়েশন

(শেষের পাতার পর)

সম্মাননা, বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি মরহুম কামাল আহমেদ এবং স্বেচ্ছাসেবী সংগঠন দি অপটিমিস্টসকে সম্মাননা প্রদান করা হয়েছে। সিলেট সদরবাসীর এ মিলন মেলায় ছিল মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনাও।

সংগঠনের সভাপতি অধ্যাপক রানা ফেরদৌস চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক দুরুদ মিয়া রনেলের পরিচালনায় অনুষ্ঠানে ভার্সুয়ালী বক্তব্য রাখেন সিলেট সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র আনোয়ারুজ্জামান চৌধুরী এবং এলিস আইল্যান্ড পদকে ভূষিত একমাত্র বাংলাদেশী বীর মুক্তিযোদ্ধা ডা. জিয়াউদ্দিন আহমেদ।

সাংবাদিক-লেখক মাহবুবুর রহমানের বর্ণাঢ্য জীবনের নানাদিক তুলে ধরেন নিউইয়র্ক মেডিক্যাল কলেজের ইউরোলজি বিভাগের চেয়ারম্যান অ্যান্ড ডাইরেক্টর প্রফেসর ডা. সাদউজ্জামান চৌধুরী, ঠিকানার ভারপ্রাপ্ত সম্পাদক এমএম শাহীন ও সাংবাদিক ইব্রাহীম চৌধুরী।

অনুষ্ঠানে সংগঠনের সভাপতি অধ্যাপক রানা ফেরদৌস চৌধুরী ঠিকানার ভারপ্রাপ্ত সম্পাদক এমএম শাহীন ও ৪ নং সাব সেক্টর কমান্ডার, সিলেট পৌরসভার সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা বাবরুল হোসেন বাবুলসহ সংগঠনের কর্মকর্তাদের সাথে নিয়ে সাংবাদিক-লেখক মাহবুবুর রহমানের হাতে আজীবন সম্মাননা তুলে দেন। পরে সংগঠনের সভাপতি অধ্যাপক রানা ফেরদৌস



চৌধুরী ও সাধারণ সম্পাদক দুরুদ মিয়া রনেল সংগঠনের কর্মকর্তা ও অতিথিদের সাথে নিয়ে বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি মরহুম কামাল আহমেদের কন্যা রোমানা আহমেদ এবং স্বেচ্ছাসেবী সংগঠন দি অপটিমিস্টস'র সাধারণ সম্পাদক নিশাতের হাতে সম্মাননা ক্রেস্ট হস্তান্তর করেন।

সম্মামনা গ্রহণ করে মাহবুবুর রহমান বলেন, গত ৫০ বছর ধরে তিনি সাংবাদিকতার মত মহান পেশায় সততার সাথে দায়িত্ব পালন করে গেছেন। সিলেট সদর থানা অ্যাসোসিয়েশন অব আমেরিকার এমন ভালোবাসা প্রাপ্তি তাঁর জন্য গর্বের ও অহংকারের বলে মাহবুবুর রহমান উলেখ করেন। তাঁকে সম্মাননা প্রদানের জন্য তিনি সদর অ্যাসোসিয়েশনকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ফোবানার সাবেক প্রেসিডেন্ট বেদারুল ইসলাম বাবলা, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সাধারণ সম্পাদক মঈনুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক জুনেদ খান, বিশিষ্ট শিল্পপতি জহিরুল ইসলাম, ইভেন্ট কমিটির আহ্বায়ক আমিনুল ইসলাম নাসিম, সমন্বয়কারী আব্দুল ওয়াদুদ ও সদস্য সচিব মিনহাজ চৌধুরী, সংগঠনের মহিলা বিষয়ক সম্পাদিকা সেলিনা উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠানে সংগঠনের উপদেষ্টা আলতাফ চৌধুরী, মাহবুব রহমান, গোলাম হাছান চৌধুরী, গৌতম দে ও কবির চৌধুরী,ট্রাস্টি হাছান চৌধুরী মাসুম, শাহাদাত মজুমদার, মজিবুর রহমান চৌধুরী, শামসাদ হুসাম এবং সালেহ আহমেদসহ অন্যান্যদের পরিচয় করিয়ে দেয়া হয়।

সঙ্গীত পরিবেশন করেন উত্তর আমেরিকার জনপ্রিয় সঙ্গীত শিল্পী শাহ মাহবুব, তানভীর শাহীন ও কৃষ্ণা তিথী। সিলেটের গানের সাথে ছিল আধুনিক নস্টালজিক গানের সমাহার। গভীর রাত পর্যন্ত চলে তাদের মনোজ্ঞ পরিবেশনা।

হযরত শাহজালাল, শাহপরান সহ ৩৬০ আউলিয়ার স্মৃতি বিজরিত সিলেটের ঐতিহ্যবাহী এ সংগঠনের আয়োজনে কমিউনিটি নের্তৃবৃন্দ, রাজনীতিবিদ, ব্যবসায়ী, সংস্কৃতি কর্মী, সংগঠনের সদস্য ও তাদের পরিবার-পরিজন সহ বিপুল সংখ্যক অতিথি অংশ নেন। নারীসহ নতুন প্রজন্মের বাংলাদেশী আমেরিকানদের অংশ গ্রহণ ছিল উচ্ছলতার। অতিথিদের পরিবেশন করা হয় নৈশ ভোজ সহ মজাদার সব খাবার।

সভাপতি অধ্যাপক রানা ফেরদৌস চৌধুরী, সাধারণ সম্পাদক দুরুদ মিয়া, ইভেন্ট কমিটির আহ্বায়ক আমিনুল ইসলাম নাসিম, সমন্বয়কারী আব্দুল ওয়াদুদ ও সদস্য সচিব মিনহাজ চৌধুরীর নেতৃত্ব নির্বাহী কমিটির লোকজন ব্যস্ত ছিলেন আথিতেয়তায়।

সভাপতি অধ্যাপক রানা ফেরদৌস চৌধুরী তার বক্তব্যে সিলেট অঞ্চলে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সহযোগিতা, লোকজনদের গৃহ নির্মান করে দেয়া, অসুস্থদের চিকিৎসার জন্য অর্থ ও খাদ্য সহযোগিতা, অসহায় লোকজনের পাশে দাঁড়ানোসহ সংগঠনের নানা-মুখি কর্মকান্ডের কথা তুলে ধরেন।

বক্তারা এ আয়োজনের প্রসংসা করে সহমর্মিতা, সম্প্রীতি ও সৌহাদ্যের ঐতিহ্যকে ছড়িয়ে দেয়ার কথা বলেন। তারা অসহায় লোকজনের পাশে দাঁড়ানোর জন্য সংগঠন-টির কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়েছেন। পরে সভাপতি অধ্যাপক রানা ফেরদৌস চৌধুরী ও সাধারণ সম্পাদক দুরুদ মিয়া রনেল কার্যকরী কমিটির পক্ষ থেকে তাদের এ আয়োজনে ব্যাপকভাবে সবাই উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানান।

AUTHORIZED IRS e-file PROVIDER

Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com

Personal Income Tax Preparation for all industries:
- All types of W2 & 1099 Income Tax Filing
- Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
- Homeowners & Stock Market Trader Tax Filing

We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

tax refund

Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453

পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



- Road Lesson Local & Highway
- 5 Hours Class Certificate (Zoom Class)
- Road Test Appointment
- Car for Road Test

OPEN 7 DAYS

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ



6 Hours DDC Class
Good For TLC

718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us



প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করেই অধিনায়কত্ব ছেড়েছেন তামিম

ঢাকা ডেস্ক, ৫ আগস্ট : চিকিৎসার জন্য লন্ডনে যান তামিম ইকবাল, সেখান থেকে ফিরে এসেছেন দেশসেরা ওপেনার। অবশেষে বৃহস্পতিবার বিসিবির সভাপতির বাসায় বৈঠকে বসেন তামিম। বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হন তিনি। তামিম জানিয়েছেন, টাইগারদের ওয়ানডে অধিনায়কের পদ থেকে সরে দাঁড়াচ্ছেন তিনি।


বৃহস্পতিবার রাত ৮টায় বিসিবি সভাপতি নাজমুল হাসান পাপনের বাসায় শুরু হয় বৈঠক। ওয়ানডে অধিনায়কের আগে সেখানে যান ক্রিকেট অপারেশন্স চেয়ারম্যান জালাল ইউনুস। এ ছাড়া বিসিবির অন্যান্য কর্মকর্তাও এ বৈঠকে উপস্থিত ছিলেন।

বৈঠকের পর তামিম বলেন, 'আজকে আমার খুবই গুরুত্বপূর্ণ একটা মিটিং ছিল জালাল ভাই ও পাপন ভাইয়ের সঙ্গে। আমরা সব কিছু নিয়ে দীর্ঘ আলোচনা করেছি। আর আমি একটা সিদ্ধান্ত নিয়েছি। নিজের থেকে ওনাদের বলেছি যে আজ (কাল) থেকে আমি ওয়ানডে দলের অধিনায়কত্ব থেকে সরে দাঁড়াচ্ছি।'

এ ছাড়া অধিনায়কের পদ থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নেওয়ার আগে প্রধানমন্ত্রীর সঙ্গেও কথা বলেছেন বলে জানিয়েছেন তামিম। তিনি বলেন, 'দলের স্বার্থে অধিনায়কত্ব ছেড়ে দিয়েছি। এখন ভালো খেলায় মনোযোগ দেব। আমি প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছি। উনাকে পুরো ব্যাপারটা জানিয়েছি। উনি আমার ব্যাপারটা বুঝেছেন। এর পরই আমি সিদ্ধান্ত নিয়েছি।'

তামিম বলেন, আমরা একসঙ্গে প্রধানমন্ত্রীর সঙ্গেও কথা বলেছি আজকে। আমার ম্যাসেজটা উনাকে দিয়েছি। উনিও বুঝেছেন এবং যা বলার আমাকে সুন্দর করে বুঝিয়ে বলেছেন। তবে মূল ব্যাপার হলো– আমার কাছে মনে হয়েছে, দলের ভালোর জন্য আমার অধিনায়কত্ব থেকে সরে যাওয়া উচিত এবং খেলায় মনোযোগ দেওয়া উচিত। শুধু খেলোয়াড় হিসেবে যখনই সুযোগ আসবে, চেষ্টা করা উচিত নিজের সেরাটা দেওয়ার।

যে কারণে নেতৃত্ব থেকে সরে দাঁড়ালেন তামিম



ঢাকা ডেস্ক,৫ আগস্ট : চলতি মাসেই পাকিস্তানে শুরু হবে এশিয়া কাপ। ৫ অক্টোবর ভারতে শুরু হবে ওয়ানডে বিশ্বকাপ। এসিসি এবং আইসিসির এই গুরুত্বপূর্ণ দুটি ইভেন্টের আগে বাংলাদেশের ওয়ানডে দলের নেতৃত্ব থেকে সরে দাঁড়িয়েছেন তামিম ইকবাল।

বৃহস্পতিবার রাতে রাজধানীর বনানীতে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি নাজমুল হাসান পাপনের সঙ্গে বৈঠকে বসেন তমিম। বৈঠক শেষে নেতৃত্ব ছেড়ে দেওয়ার ঘোষণা দেন দেশ সেরা এই ওপেনার।

তামিম বলেন, আমরা অনেক আলোচনা করেছি। আমার সমস্যা, কী সমস্যা ছিল, কী হবে সামনে, সবকিছু নিয়ে। আমি একটা ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছি, যেটা উনাদেরকে বলেছি, কারণও জানিয়েছি, আজকে থেকে বাংলাদেশ ওয়ানডে দলের অধিনায়কত্ব থেকে পদত্যাগ করছি।

তামিম আরও বলেন, ইনজুরি একটা ইস্যু। আমি ইনজেকশন দিয়ে এসেছি। ইনজেকশনটাও কিন্তু হিট অ্যান্ড মিসের মতো। আমার কাছে মনে হয়, দলের জন্য... সবসময়ই একটা কথা বলে এসেছি, সবকিছুর ওপরে সবসময়ই দলের কথাই ভাবি। আমার মনে হয়, দলের কথা চিন্তা করে আমার সরে যাওয়াটাই হবে সবচেয়ে ভালো।

৩৭টি ওয়ানডেতে বাংলাদেশ দলকে নেতৃত্ব দিয়েছেন তামিম। এর মধ্যে জয় এসেছে ২১টিতে, পরাজয় ১৪টিতে। ফলাফল হয়নি দুই ম্যাচে। সাফল্যের শতকরা হার ৬০ শতাংশ।

তামিম বলেন, আমরা একসঙ্গে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গেও কথা বলেছি আজকে। আমার ম্যাসেজটা উনাকে দিয়েছি। উনিও বুঝেছেন এবং যা বলার আমাকে সুন্দর করে বুঝিয়ে বলেছেন। তবে মূল ব্যাপার হলো এটি যে, আমার কাছে মনে হয়েছে, দলের ভালোর জন্য আমার অধিনায়কত্ব থেকে সরে যাওয়া উচিত এবং মনোযোগ দেওয়া উচিত শুধু খেলোয়াড় হিসেবে ও যখনই সুযোগ আসবে, চেষ্টা করা উচিত নিজের সেরাটা দেওয়ার।



এশিয়া কাপে খেলবেন না তামিম, ছাড়লেন অধিনায়কত্ব

ঢাকা ডেস্ক, ৪ আগস্ট : ওয়ানডে ক্রিকেটে অধিনায়কত্ব ছেড়ে দিয়েছেন তামিম ইকবাল। চলতি মাসের ৩০ তারিখ পাকিস্তানে শুরু হতে যাওয়া এশিয়া কাপে খেলবেন না দেশ সেরা এই ওপেনার।

গত মাসে রাগ আর অভিমানে ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দেন তামিম। পরে প্রধানমন্ত্রীর আহবাবে সাড়া দিয়ে দেড় মাস পর ক্রিকেটে ফেরার ঘোষণা দেন তিনি।

কিন্তু এক মাস না যেতেই বাংলাদেশের ওয়ানডে দলের অধিনায়কত্ব ছেড়ে দেওয়ার ঘোষণা দিলেন অভিজ্ঞ এই ব্যাটসম্যান।

দীর্ঘদিন ধরেই পিঠের ব্যথায় ভুগছেন তামিম ইকবাল। সম্প্রতি লন্ডনে গিয়ে চিকিৎসা সেবা নিয়ে দুদিন আগে দেশে ফেরেন। চিকিৎসক তাকে এক সপ্তাহ বিশ্রাম শেষে ধীরে ধীরে অনুশীলনে ফেরার পরামর্শ দিয়েছেন।

চলতি মাসে পাকিস্তানে শুরু হবে এশিয়া কাপ। ৫ অক্টোবর ভারতে শুরু হবে আইসিসি ওয়ানডে বিশ্বকাপ। আসন্ন এশিয়া কাপ এবং বিশ্বকাপের মতো গুরুত্বপূর্ণ দুটি টুর্নামেন্টকে সামনে রেখে মিরপুরে অনুশীলন ক্যাম্প করছে বাংলাদেশ দল।


ক্যাম্পে তারকা ক্রিকেটাররা অংশ নিলেও বিশ্রামে রয়েছেন তামিম।

দুদিন আগে দেশে ফেরা তামিমকে বৃহস্পতিবার বাসায় ডেকে নেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি নাজমুল হাসান পাপন।

এদিন বিসিবি বসের সঙ্গে দীর্ঘ সময় বৈঠক শেষে সংবাদ সম্মেলনে তামিম ওয়ানডে দলের নেতৃত্ব থেকে সরে দাঁড়ানোর আনুষ্ঠানিক ঘোষণা দেন। সেই সঙ্গে জানান, এশিয়া কাপে খেলবেন না।

২০১৯ সালে বিশ্বকাপের পর নিয়মিত অধিনায়ক মাশরাফি বিন মুর্তজা চোটে থাকায় শ্রীলংকা সফরে বাংলাদেশ দলকে প্রথম নেতৃত্ব দেন তামিম। পরের বছর মাশরাফি নেতৃত্ব ছাড়ার পর তামিমকেই দেওয়া হয় দায়িত্ব।

করোনার কারণে ২০২১ সালের জানুয়ারিতে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজ দিয়ে অধিনায়ক হিসেবে যাত্রা শুরু হয় তামিমের। তামিম ৩৭টি ওয়ানডেতে বাংলাদেশ দলকে নেতৃত্ব দিয়েছেন। এর মধ্যে জয় এসেছে ২১টিতে, পরাজয় ১৪টিতে। ফলাফল হয়নি দুই ম্যাচে। সাফল্যের শতকরা হার ৬০ শতাংশ।



মেসিকে টপকিয়ে শীর্ষে রোনালদো

ঢাকা ডেস্ক, ৪ আগস্ট : আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়ক লিওনেল মেসিকে টপকে শীর্ষে উঠে গেলেন ক্রিশ্চিয়ানো রোনালদো।

সম্প্রতি যুক্তরাষ্ট্রের লসএঞ্জেলসের র‍্যাংকার নামক একটি প্রতিষ্ঠান বিশ্বের সেরা ক্রীড়াবিদদের নিয়ে অনলাইনে একটি জরিপ করে। সেই জরিপে সেরা ১৫ জন তারকার নাম উঠে আসে।

তাদের মধ্যে সর্বোচ্চ ভোট পেয়ে সবাইকে ছাড়িয়ে শীর্ষস্থান দখল করে নেন পর্তুগিজ সুপারস্টার ক্রিশ্চিয়ানো রোনালদো। দ্বিতীয় পজিশনে আছেন আর্জেন্টিনার কিংবদন্তি ফুটবলার লিওনেল মেসি।

তৃতীয় পজিশনে আছেন যুক্তরাষ্ট্রের তারকা বাস্কেটবল তাকরা মিসেল জর্ডান। চারে জ্যামাইকান গতির তারকা উসাইন বোল্ট। পাঁচে যুক্তরাষ্ট্রের বাস্কেটবল তারকা লেবরন জেমস। ছয়ে সুইজারল্যান্ডের টেনিস তারকা রজার ফেদেরার। সাতে ব্রাজিলের ফুটবল স্টার নেইমার।

আট নম্বর পজিশনে আছেন যুক্তরাষ্ট্রের বাস্কেটলবল তারকা স্টেফ কারি। নয় নম্বরে আছেন আমেরিকান ফুটবল প্লেয়ার টম ব্র্যাডি আর দশে আছেন আয়ারল্যান্ডের মার্শাল আর্টস প্লেয়ার কনর ম্যাকগ্রেগর।

এছাড়া এগারো নম্বর পজিশনে জায়গা করে নেন যুক্তরাষ্ট্রের রেসলার জন সিনা, ১২তম স্থান দখল করে নেন আমেরিকান টেনিস তারকা সেরেনা উইলিয়ামস, ১৩তম স্থান দখল করে নেন গলফার টাইগার উডস, ১৪তম হন স্পেনের টেনিস তারকা রাফায়েল নাদাল; আর ১৫তম স্থান দখল করে নেন সার্বিয়ান টেনিস তারকা নোভাক জোকোভিচ।

ড. আবু জাফর মাহমুদের নাইট অফ সেন্ট জন অফ জেরুজালেম উপাধি লাভ



(শেষের পাতার পর)

অফ জেরুজালেম উপাধি লাভ করেছেন। গত ২৯ জুলাই ভিয়েতনামের ভাং তাও শহরের ইমপেরিয়াল হোটেলে এক অনাড়ম্বর অনুষ্ঠানে ১০৯৯ সাল (৯'শ ২৪ বছর যাবৎ কার্যকর) থেকে ঐতিহ্যবাহী আনুষ্ঠানিকতায় তাকে ওই উপাধি প্রদান করা হয়। গোবাল কনসরটিয়াম অফ সাইন্স এ- টেকনলজির চেয়ারম্যান গ্রান্ড চ্যাঞ্চেলর, নাইট কমান্ডার প্রফেসর ড. স্যার লক্ষণ মাদুরাসিংহে তাকে নাইট উপাধির শপথবাক্য পাঠ করান। একই সঙ্গে তিনি মর্যাদাপূর্ণ এই আন্তর্জাতিক সম্মানের আনুষ্ঠানিকতায় নেতৃত্ব দেন। এই আয়োজনে স্যার ড. লক্ষণ মাদুরাসিংহের সঙ্গে ছিলেন প্রফেসর ড. স্যার সুগাথ কটিঙ্কাডুয়া, ড. স্যার মাড্ডুমাগে রোশান এস পেরেরা, ডেম নালানি গুনথুঙ্গা, ডেম রেনুকা গুনথুঙ্গা, নাইট কমান্ডার এশিয়া প্যাসিফিক ড. স্যার ক্লারেন্স কুমারাগে, প্রফেসর ড. স্যার ডেম আসপাসিয়া পেপা, প্রফেসর ড. ডেম হেদার ওয়ারডেল জনসন, ড. স্যার রামানুজন মারথি, প্রফেসর ড. স্যার প্রেমপাল সিংহ, প্রফেসর ড. স্যার ইরানথা ডে মেল, প্রফেসর ড. স্যার এডভিন দেরভিসভিক, প্রফেসর ড. স্যারি রোনাল্ড ইয়াকোবয়, ড. ডেম শিরু উইজেমান্না, ড. ডেম উয়ালাসকি উইজেকুন প্রমুখ।

উলেখ্য, দ্য অর্ডার অফ নাইটস অফ দ্য হসপিটাল অফ সেন্ট জন অফ জেরুজালেম সাধারণত নাইটস হস-পটালার নামে পরিচিত। এটি একটি সামরিক আদেশ হিসেবে ১২ শতকে জেরুজালেম রাজ্যে প্রতিষ্ঠিত হয়েছিল। ১২৯১ সাল পর্যন্ত সেখানে সদর দফতর ছিল, তারপরে সাইপ্রাসের কোলোসি ক্যাসেল, রোডস দ্বীপ, মাল্টা, এবং সেন্ট পিটার্সবার্গে স্থানান্তরিত হয়।প্রধানত দাতব্য ও মানবসেবাকে শক্তিশালী করতেই এই হসপিটালাররা ভূমিকা রাখতে থাকেন। অসুস্থ, দরিদ্র বা আহত তীর্থযাত্রীদের যত্ন নেওয়ার জন্য জেরুজালেমে একটি হাসপাতাল প্রতিষ্ঠিত হয়। একই সঙ্গে মানবসেবা তথা স্বাস্থ্যসেবায় অবদানের স্বীকৃতি হিসেবে 'নাইটস অফ সেন্ট জন অফ জেরুজালেম' উপাধি প্রদান করা হয়। প্রায় হাজার বছরের ইতিহাসে পৃথিবীর বহু মানুষ এই বিরল সম্মানে ভূষিত হয়েছেন।

ড. স্যার আবু জাফর মাহমুদ বাল্যবেলা থেকে মানবসেবায় অসামান্য অবদান রেখে আসছেন। তিনি বঙ্গোপসাগর পাড়ের দ্বীপ জনপদ সন্দ্বীপের সন্তান। প্রাকৃতিক দূর্যোগে বিপন্ন মানুষের পাশেই কেটেছে তার বাল্য ও কৈশোর সময়। তারুণ্যে স্কুল ও কলেজ পড়ার সময়ে প্রগতিশীল ও দেশপ্রেমের রাজ-নীতিতে নিজেকে নিয়োজিত করেন। বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধে তার অবদান ছিল অসামান্য। তিনি মাউন্টেন ব্যাটালিয়ন কমা-ের কমা-ার হিসেবে যুদ্ধ পরিচালনায় নেতৃত্ব দেন।

গত ত্রিশ বছর আমেরিকায় বসবাস করছেন ড. স্যার আবু জাফর মাহমুদ। মার্কিন যুক্তরাষ্ট্রের মানবসেবা ও মূল ধারার রাজনীতিতে তিনি রেখে চলেছেন অসামান্য অবদান। নিউইয়র্কের বাঙালি সমাজে তিনিই প্রথম 'হোম কেয়ার' চালু করে যুক্তরাষ্ট্র সরকারের সেবামূলক কার্যক্রমকে মানুষের দোরগোড়ায় নিয়ে যেতে অনন্য ভূমিকা রাখেন। তার হাত ধরেই নিউইয়র্কে হোম কেয়ার সেবার বিপুল প্রসার ঘটেছে। এখানে বয়স্ক বাবা মায়েদের সেবা যেমন নিশ্চিত হয়েছে, একইভাবে তৈরি হয়েছে বহু সংখ্যক হোম কেয়ার উদ্যোক্তা ও কর্মীবাহিনী। বহু মানুষের কর্মসংস্থান নিশ্চিত হয়েছে এই খাতে।

ড. স্যার আবু জাফর মাহমুদ মূলধ-ারার রাজনীতিতে সক্রিয় থাকার অংশ হিসেবে আন্তর্জাতিক রাজনীতি নিয়ে দীর্ঘদিন গবেষণা ও অধ্যায়ন করছেন। বিশ্ব নেতৃত্বে মার্কিন যুক্তরাষ্ট্রের কৃতিত্বপূর্ণ ভূমিকার জায়গাগুলো তিনি তার অধ্যায়ন ও চিন্তা দিয়ে আলাদা ব্যঞ্জনায় আবিস্কার করেছেন। ড. স্যার মাহমুদ এশিয়া প্যাসিফিক, মধ্যপ্রাচ্য ও আফ্রিকার প্রান্তিক, দুর্যোগ কবলিত ও বিপন্ন মানুষের সেবায় সবসসময় নিজেকে নিয়োজিত রেখেছেন। জন্মভূমি বাংলাদেশের বিভিন্ন এলাকায় চালু রয়েছে তার নিয়মিত সেবা ও সহায়তা কার্যক্রম। এসব কাজের স্বীকৃতি হিসেবে তিনি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন সাক্ষরিত গোল্ড মেডেল ও আজীবন সম্মাননা লাভ করেন। জাতিসংঘের অনুমোদিত একাধিক সংস্থা তাকে প্রদান করেছে গোবাল পিস অ্যাম্বাসেডর ও সম্মানসূচক ডক্টরেট এর মর্যাদা।



DR. ABU ZAFAR MAHMOOD BECOMES KNIGHT OF ST. JOHN OF JERUSALEM



Dr. Sir Abu Zafar Mahmood, Global Peace Ambassador



Dr. Abu Zafar Mahmood received the Knight of St. John of Jerusalem on July 29, 2023 at the Imperial Hotel, Vung Tau, Vietnam with a traditional ceremony which is 1099 years old - from the Knight Commander Prof. Dr. Sir Lakshman Madurasignhe.





ALEGRA HOME CARE INC. Care With Love Is Humanity 888-212-3237

CDPAP SERVICES 888-212-3237

PEOPLE UNITED FOR PROGRESS POLITICAL RIGHTS FOR ETHNIC COMMUNITIES

Abu Zafar Mahmood Foundation

জয় বাংলাদেশ JOY BANGLADESH INC.

সাহিত্য সাময়িকী

বৃথা উঁকিঝুঁকি
হাসান হাফিজ

মনে মনে লিখলাম এই চিঠি
পড়ে নিয়ো মনে মনে
অক্ষর বর্ণের কোনো বাহুল্য রখিনি
তুমি তো মানবী নও
প্রকৃতি-দয়িতা
মনোভাষা সে জন্যেই ভালোমতো
আয়ত্ত করেছো
পড়ে নিতে সুতরাং সমস্যা হবে না
চিঠির তো চল নাই আজকাল
উঠে গেছে কবে
এখন মেসেজে টেক্সটে
কতটুকু খোলা যায়
মনের দরোজা?
সেই প্রশ্ন উঁকিঝুঁকি দেবেই, দিচ্ছেও
মীমাংসার মৌলসুখ মিলবে না আর কোনো দিন...

পড়েছে কারও লোলুপ দৃষ্টি
জাফর ওবায়েদ

কারও ইঙ্গিতবহ আলিঙ্গনে কেন জড়াব?

তোমার অতীত, ইতিহাস, ইশতিহার
কিছুতেই তো আমি মহামূর্খ নই!
যার উপর পড়েছে তোমার লোলুপ দৃষ্টি
গায়ে তার মৃত্যুজ্বর, খান্ডবদাহ।

তোমার ছাঁদা বাঁধে, আমি কেন থেমে যাব?

আমি তো প্রবল স্রোত, ঝড়োহাওয়া
বাঁধ ভাঙা আমার পুরনো স্বভাব!
পাঁচিল ডিঙানো আমার রক্তের দোষ;
ভাষা আর পতাকায় উজ্জল জ্বলে।

আমি কেন মিশে যাব, তোমার কাশবনে?

আমার তো স্বতন্ত্র সতেজ শরীর
আমার তো পৃথক ইচ্ছে ও অভিলাষ
আমার তো ভালো লাগার অন্য কোনও রং
আমার তো চিন্তার ভিন্ন কোনও মানে।

তোমাকে আমি স্বজন ভাবি, সুহৃদ ভাবি
পাশে চাই, হাতে হাত রাখি নির্ভরতায়
তারচে' বেশি কিছু নয়, ভিন্ন কিছু নয়।

স্মৃতি পুরাণ
দিলারা হাফিজ

স্মৃতির বীজ বুনে এসেছি আমি
আয়ুর প্রান্তরজুড়ে
পাশেই রেখেছি দুচোখের নব জলধারা
স্নিগ্ধ রোদের ভোরকে ডেকে বসিয়েছি পাহারায়
উচ্চকিত হয়েছে সে ছোট সবুজের চারা
নয়নাভিরাম আজো তার পত্র-পুষ্প-লতা
জানি, একদিন হারাবে সেও
সময়ের গহনতলে
আজো তবু একই খেয়ালে
স্মৃতি-পুরাণে শব্দের জাল বুনি না-থাকা সময়ের।

সামার পার্ল স্ট্রীট
রওশন হাসান

আমেরিকার সামার আসে আকাশে রঙ নিয়ে
মাঝে মাঝে বৃষ্টির প্রলেপ আবদ্ধ খোশবু ফেলে যায়
ব্লসমকালে প্রজাপতি ও ভোমরের ওড়াওড়ি-
ব্যাকইয়ার্ড ও ফ্রন্টইয়ার্ডে প্ল্যান্ট ও ফুল-ফল, সব্জির সমারোহ
আমেরিকার উইন্টারে যেমন বৃক্ষরা পাতা খুলে নগ্ন হয়
সামারে নগরের নারীরা শর্ট ড্রেসে নগ্ন হয় স্ট্রীটে, পার্টিতে
এ সংস্কৃতি উত্তপ্ত রোদে শরীরের রঙ বদলানোর সভ্যতা;
সঙ্গে পারক্যাশন ও গিটারের সুরে পার্কের বাতাস নেচে ওঠে-
জড়ানো চাদর ও ভারী কোটের উইন্টারে কোথায় লুকায়
সোনালী চুলের আঙুলে বাদ্য বেহালাখানি!

সামারের সন্ধ্যাগুলো স্ট্রীট থেকে এভিনিউ ও ব্লুভার্ডে
অ্যাকোয়ার্ডিয়ান বাদনে যেন কাঁচের পাত্র-
ব্রুকলীন ব্রীজ ছায়া ফেলে দূরে সরে সরে যায়!

পার্ল স্ট্রিটে পার্ল নেই; ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক গম্ভীর দাঁড়িয়ে
ঔপনিবেশের আক্রমনে দূর্গে কাঠের প্রাচীরের গেট
'ল্যান্ড গেট' এবং 'ওয়াটার গেট' পার্ল স্ট্রীটের জীবন রক্ষা করেছিল
ট্যাভার্ণ মিউজিয়াম ও মিউজিকে বয়ে যায় প্রত্নতত্ত্ব
তিনতলা সরাইটি এ শহরের প্রথম সিটি হল।

দূর্গের দরজা খুলছে এবং বন্ধ হচ্ছে-
জনতার স্রোতে ইতিহাসের পাতায় শিশুর আর্তনাদ ঝরে পড়ছে;
সরু স্ট্রীটে বৃষ্টি জলের গন্ধ শৃঙ্খলের দিকেই টেনে নিয়ে যায়,
মস্তিষ্ক নিউরণে জড়ো হয় স্বাধীনতা ও অধীনতার প্রশ্ন।

সুউচ্চ অট্টালিকাদের ছুঁয়ে জেগে আছে হাডসন নদী।
সামারের তীব্র উষ্ণতায় নদী চায় সান্নিধ্য কার-
আমার একান্ত দৃষ্টি হয়রান খুঁজে ফেরে বিপ্লবী কৃষ্ণচূড়ার লাল আগুন।

অসীমের গান গাই
দিলীপ কির্ত্তুনিয়া

তুমি অসীমের গান গাইছো না কেন!
সসীম তোমার দেহে অসীমের বাস
এখানে তুমি মহান
এখানেই ভগবান।

তুমি ঈশ্বরের কথা কইছো না কেন!
ঈশ্বর তোমার বন্ধু, ঈশ্বর তোমার প্রাণ
এসো, ঈশ্বরের গাই গান।

গাছেরা গাইছে পুষ্প ফুটিয়ে
পাখিরা গাইছে কলকাকলীতে
কুলু কুলু রব নদীর বক্ষে
ঝরনার সুরে পাহাড় গাইছে।

সেই তাকে ভুলে আছো
যে তোমার সাথে সাথে থাকে!
স্থির অস্থির যার জন্যে
রোজ তোমাকে পাঠায় কাজে ---

ঝড় বৃষ্টি থেকে ফিরে এসেছে
তুমি বলো-- হে প্রভু
তোমার দয়ায়।
সমৃদ্ধির এই উচ্চতা
হে প্রভু
তোমার দয়ায়।
বেঁচে থাকার অর্থ পূর্ণ-থালায়
হে প্রভু
তোমার দয়ায়।

অসীমের গান গাই
প্রতিদিন একবার গাই!

প্রটোকল
আলম মাহবুব

আগেইতো বেটার ছিলাম কতো ইজি ছিলাম সবার সাথে
এখন ইচ্ছে করলেই যায় না মিট করা-
অ্যাপয়েন্টমেন্ট লাগে,
আরও কত কি ভিআইপি প্রটোকল মেইনটেন করতে হয়।
তোমার কি কোন প্রাইভেসি বলে কিছু থাকতে নেই
তোমাকে যারা সিকিউরিটি দেয়
তাদের এক্টিভিটিজে ভিড়তেইতো পারি না কাছে
গেইট থেকেই ব্যাক করতে হয় একান্ত না বলা
প্রাইভেট কথাগুলো নিয়ে
তোমাকে তো ডেইলী দেখি খুবই রিজার্ভ থাকো তুমি মিডিয়ায়
দিলখোলা হাসির সাউন্ড আর শুনি না
মোটেও টাইম নেই, খুবই বিজি তুমি, কথাও বল লিমিটেড
তোমার পি এস নাকি তোমার স্পিচ ডিক্টেট করে দেয়
অলটাইম তুমি থাকো ডিফেন্সের চোখে চোখে
বাট সামটাইমস আই থিঙ্ক এবাউট
এত্তো লাক্সারীতেও তুমিতো ভেরী হেল্পলেস
এটাকি তোমার একটা কম্ফরটেবল লাইফ হলো।
এর থেকে তো, রোড-ঘাটের সাধারণ মানুষও বেস্ট আছে।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549



এবার রাজকে যে বার্তা দিলেন পরীমনি

ঢাকা ডেস্ক,৬ আগস্ট : ঢালিউডের তারকা দম্পতি পরীমনি-শরীফুল রাজের সন্তান রাজ্যর বয়স এক বছর পূর্ণ হবে ১০ আগস্ট। এ দিনটিকে স্মরণীয় করে রাখতে বড় পরিসরে উদযাপন করবেন পরীমনি। রাজধানীর একটি অভিজাত হোটেলে এ আয়োজন করা হবে। এরই মধ্যে সেই প্রস্তুতি সম্পূর্ণ করেছেন পরীমনি।

বিষয়টি নিশ্চিত করে পরীমনি বলেন, আমরা প্রতি মাসেই ছেলের জন্মদিন পালন করেছি। কিন্তু বাবুর বয়স এক বছর পূর্ণ হওয়ার অপেক্ষায় ছিলাম। ১০ আগস্ট তা পূর্ণ হচ্ছে। এটি হবে তার সত্যিকারের প্রথম জন্মদিন পালন।

অনেক আগে থেকেই এই আয়োজনের প্রস্তুতি চলছে। যেহেতু রাজ্য ছোট, তাই খুব বড় করে প্রথম জন্মদিনের অনুষ্ঠান করছি না। পরিবারের লোকজন ও কিছু শুভাকাঙ্ক্ষী নিয়ে অনুষ্ঠানটি করব। তবে রাজ্য আরও বড় হলে বড় আয়োজন করব।

এদিকে ছেলের জন্মদিন যখন ঘনিয়ে আসছে, তখনো দেশের বাইরে বাবা রাজ। তা হলে কি বাবা ছাড়াই রাজ্যর প্রথম জন্মদিনের উদযাপন হতে চলেছে? পরীমনি জানান, রাজ্যর জন্মদিনের সব আয়োজন মা হিসেবে তাকে একাই করতে হচ্ছে।

তিনি বলেন, রাজের কোনো খবর নেই। অনেক আগে থেকেই আমি ও রাজ মিলে বাবুর প্রথম জন্মদিন পালনের ব্যাপারে কত পরিকল্পনা করেছিলাম। অথচ জন্মদিন পালনের আগে এসে তাকে আর পেলাম না। শুনেছি অনেক দিন হলো, দেশের বাইরে গেছে। এখনো সে ফেরেনি। অনুষ্ঠানের আর এক সপ্তাহ বাকি। অথচ বাবা হিসেবে রাজ কোনো দায়িত্বই পালন করল না। বিষয়টি দুঃখ-জনক। রাজ্য বড় হয়ে যখন জানতে পারবে, তার প্রথম জন্মদিনে বাবা পাশে ছিল না, রাজ্যর জন্য এটি কষ্টের হবে, দুঃখের হবে।

আক্ষেপ করে পরীমনি বলেন, ছেলের জন্মদিনের আয়োজনের জন্য বাবা হিসেবে একটাবার ফোন করে পরামর্শ দিতে পারত, করল না। দেশের বাইরে যাওয়ার পর আমিই নিজ থেকেই তাকে কয়েকবার ফোন করেছি। কিন্তু সে কোনো কল দেয়নি। শুনেছি তার স্মার্টফোনটি হারিয়ে গেছে। কিন্তু তার আরেকটি ফোনও আছে। সেই নম্বরেও ফোন করেছি, ধরেনি। ফিরতি ফোনও করেনি। আর এখন আমি চাই না, রাজ আমার ছেলের জন্মদিনে আসুক।

গত ২০ মে পরীমনিকে রেখে নিজের সব জিনিসপত্র নিয়ে বাসা থেকে বেরিয়ে যান রাজ। এর পর ২৯ মে রাতে রাজের ফেসবুক আইডি থেকে রাজ ও তিন অভিনেত্রীর ব্যক্তিগত কিছু ছবি ও ভিডিও ফাঁস হয়। এর পর থেকে দুজনের সম্পর্ক টানাপোড়েন শুরু হয়।

যে দুটি শব্দ বলে নিজ দেশে রোষানলে ইধিকা পাল!

ঢাকা ডেস্ক, ৪ আগস্ট : ঢাকাই সিনেমা প্রিয়তমার সূত্র ধরে ইদানীং বেশ জনপ্রিয়তা পেয়েছেন কলকাতার টিভি নায়িকা ইধিকা পাল। শুধু তাই নয়, ইধিকা পাল শাকিবের সঙ্গে কাজ করে দুই বাংলার জনপ্রিয় প্রিয়তমা হয়ে উঠেছেন।

বিশেষ করে নজর কেড়েছে তার বাঙাল ভাষা বলার ধরন। তবে একটি সাক্ষাৎকারের পর নিজ দেশের (ভারত) অনেকের রোষানলে পড়েছেন তিনি। খবর ইন্ডিয়ান এক্সপ্রেসের।



খবরে বলা হয়, সম্প্রতি এক সাক্ষাৎকারে বাংলাদেশ সম্পর্কে উচ্ছ্বাস প্রকাশ করেছেন ইধিকা। বাংলাদেশ প্রসঙ্গে তিনি বলেন, 'বাংলাদেশে অভিনয়ের সময় সেখানকার দুটি শব্দ আমার মনের খুব কাছের হয়ে উঠছে। একটি হলো– ইনশাআল্লাহ। ওরা ভালো কিছু হলে এই শব্দটা বলে। সেটি এখন আমার অভ্যাস হয়ে গেছে। ভালো কিছু হলেই আমি এখন এটা বলি। আর দ্বিতীয় হলো– বিসমিল্লাহ। দুটো শব্দই এখন আমার খুব প্রিয়।'

মূলত এমন মন্তব্যের রেশ ধরে নিজ দেশের হিন্দুত্ববাদীদের রোষানলে পড়েছেন অভিনেত্রী। রীতিমতো রেগে আগুন দর্শকরা। তাদের প্রশ্ন– কাজ করেছেন বাংলাদেশে, তাই বলে বাস্তবের জীবনেও এমন কিছু করবেন!

কেউ বলছেন, একটা ছবি করেই ইসলাম ধর্ম মানার শখ? আবার কেউ বলছেন, ওদের থেকে তো এটা শিখেছেন, আপনি কী শিখিয়েছেন ওদের?

অস্ট্রেলিয়ায় মুক্তির আগেই 'প্রিয়তমা'র টিকিট শেষ



ঢাকা ডেস্ক, ৪ আগস্ট : মুক্তির আগেই অস্ট্রেলিয়ায় ব্যাপক সাড়া ফেলেছে শাকিব খানের 'প্রিয়তমা'। হিমেল আশরাফ পরিচালিত ছবিটি আগামীকাল (৫ আগস্ট) সিডনির হোয়েটস ব্যাংকস টাউন সিনেমা হলে প্রিমিয়ার হবে।

প্রিমিয়ারের টিকিট শেষ হয়ে যাওয়ায় দর্শকদের অনুরোধে একই দিনে ছবিটির দুটি শো হতে যাচ্ছে। ৫ আগস্ট সন্ধ্যা ৬টায় হোয়েটস ব্যাংকস টাউন সিনেমা হলে চলবে প্রিয়তমা। দুটো শো-ই হাউ-সফুল। এর পর সিডনির ব্যাংকস টাউনের পর ব্ল্যাকটাউন, মাউন্ট ড্রুট, ক্যাম্বেলটানের পাশাপাশি অস্ট্রেলিয়ার সব অন্য সব স্টেটের ক্যানবেরা, মেলবোর্ন, পার্থ, অ্যাডিলেড, ব্রিজবেনে, ডারউইন এবং হোবার্ট সিটিতে চলবে 'প্রিয়তমা'। অস্ট্রেলিয়ার প্রায় ২০টি শহরে চলবে শাকিব খানের এই ছবি।

অস্ট্রেলিয়ার পার্শ্ববর্তী দেশ নিউজিল্যান্ডেও খুব শিগগির ছবিটি মুক্তি পাওয়ার কথা রয়েছে। অস্ট্রেলিয়ায় প্রিয়তমা পরিবেশন করছে ঈগল এন্টারটেইনমেন্ট ও ক্রেইজি টিকেটস।

ঈগল এন্টারটেইনমেন্টের ম্যানেজিং ডিরেক্টর সাবিবর চৌধুরী বলেন, বাংলাদেশের ছবিগুলোর ব্যাপক চাহিদা তৈরি হচ্ছে অস্ট্রেলিয়ায়। শাকিব খানের ফ্যান ফলোয়ারের তালিকায় বাংলাদেশি ছাড়াও প্রচুর ভারতীয়রাও আছেন। অস্ট্রেলিয়ায় বসবাসরত এমন অনেক ভারতীয়ও ছবিটি দেখতে আগ্রহী।

সিনেমাটিতে প্রথমবারের মতো জুটি বেঁধে অভিনয় করেছেন শাকিব খান ও ইধিকা পাল। এ ছাড়া অন্যান্য চরিত্রে অভিনয় করেছেন শহীদুজ্জামান সেলিম, এলিনা শাম্মী, ডন, লুৎফুর রহমান খান সীমান্ত ও লুৎফর রহমান জর্জসহ আরও অনেকে।

দুর্নীতির অভিযোগ নিয়ে রাজনীতি না করার আহ্বান নুসরাতের

ঢাকা ডেস্ক, ৪ আগস্ট : টালিউডের সুপরিচিত অভিনেত্রী ও পশ্চিমবঙ্গে বিধানসভার সদস্য নুসরাত জাহানের ব্যক্তিগত জীবন নিয়ে কাটাছেঁড়া কম হয়নি। এবার তার বিরুদ্ধে কয়েক কোটি টাকা প্রতারণার অভিযোগ উঠেছে। সেই অভিযোগ নিয়ে বুধবার সংবাদ সম্মেলন করে নিজের অবস্থান ব্যাখ্যা করেন নুসরাত।



কলকাতা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলনে নুসরাত দাবি করেন, তিনি 'সেভেন সেন্সেস' নামে সংস্থা থেকে ঋণ নিয়েছিলেন। পরে তা শোধও করেছেন। পাশাপাশি তিনি বলেন, 'দয়া করে এ ঘটনা নিয়ে রাজনৈতিক রঙ চড়াবেন না। কারণ এটার সঙ্গে রাজনীতির কোনো যোগ নেই।'

এদিকে নুসরাতের সংবাদ সম্মেলনের পর শঙ্কুদেব ফের অভিযোগ করেন, ওই সংস্থা থেকে নুসরাত কোটি কোটি টাকা নিয়েছিলেন। সেই টাকা দিয়ে সম্পত্তি কিনেছেন। নুসরাত যখন ওই সংস্থার পরিচালক পদে ছিলেন, তখনই যাবতীয় দুর্নীতি হয়েছিল।

নুসরাতের দাবি, বাড়ি কিনতে সংস্থা থেকে ১ কোটি ১৬ লাখ টাকা ঋণ নিয়েছিলেন তিনি। ব্যাংকের লেনদেনে কোনো অসচ্ছতা নেই। যদিও শঙ্কুদেবের দাবি, ওই সংস্থা থেকে ১ কোটি ৯৮ লাখ টাকা নিয়েছেন অভিনেত্রী। সাংবাদিকদের সামনে চেক নম্বর ও তারিখ উল্লেখ করে এই দাবি করেন বিজেপি নেতা। তার আরও দাবি, কখনো ৫ লাখ, কখনো ২৫ লাখ, কখনো ৩৭ লাখ টাকা করে কোম্পানি থেকে একাধিকবার টাকা তুলেছিলেন নুসরাত।

শঙ্কুদেব অভিযোগ করেন, নুসরাতের সংস্থা বয়স্ক নাগরিকদের ফ্ল্যাট দেওয়ার নামে প্রতারণা করেছে। ২০১৪ সালে মোট ৪২৯ জনের কাছ থেকে টাকা নিয়েছিল। ৫ লাখ ৫৫ হাজার টাকা করে নেওয়া হয়েছিল প্রত্যেকের থেকে। প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, রাজারহাটে হিডকোর দপ্তরের কাছে তাদের প্রত্যেককে ৩ কামরার (৩ বিএইচকে) ফ্ল্যাট দেওয়া হবে। তিন বছরের মধ্যে ওই ফ্ল্যাট দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিন্তু তারপর ৯ বছর পেরিয়ে গেলেও তারা কোনো ফ্ল্যাট পাননি। এদিকে নুসরাতের বিষয়ে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, 'টাকা-পয়সা সংক্রান্ত অভিযোগের দায়িত্ব দল নেবে না। এটা ওদের নিজেদের বিষয়, সেটা ওরা নিজেরাই বলবে। কিন্তু প্রমাণের আগেই দোষী সাব্যস্ত করে দেওয়া হচ্ছে। ডিরেক্টর তো অনেকেই থাকে, নুসরাত যদি কোনো জায়গার ডিরেক্টর থেকেও থাকে, তাহলে এরকম ডিরেক্টর তো অনেক আছে। ওদেরও তো (বিজেপির) কে একজন সংসদ সদস্য আছেন, যার বিরুদ্ধে ইডিতে কমপ্লেন আছে। তিনি বিদেশেও গিয়েছিলেন চিটফান্ডের মালিকের সঙ্গে। আমি নাম বলব না।'

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন



নিউইয়র্কঃ আজ নিউইয়র্কস্থ জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জ্যেষ্ঠপত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪তম জন্মবার্ষিকী উদ্ যাপন করা হয় ।

অনুষ্ঠানের শুরুতেই বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকের নির্মম বুলেটে জাতির পিতার পরিবারের সকল শহীদ সদস্যগণের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয় । এরপর রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পাঠ এবং শেখ কামালের জীবন ও কর্মের উপর একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয় ।

অনুষ্ঠানটিতে মুল বক্তব্য প্রদান করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত । তিনি বলেন, "শেখ কামাল ছিলেন একজন ক্ষণজন্মা কিংবদন্তী । মাত্র ২৬ বছর আয়ুকালে তিনি দেশ ও দেশের মানুষের জন্য অসংখ্য অবদান রেখে গেছেন । একজন নিবেদিত, সংগ্রামী ও আদর্শবাদী রাজনৈতিক কর্মী হিসেবে '৬৯-এর গণঅভ্যুত্থান ও ১৯৭১-এর মহান মুক্তিযুদ্ধে বীরোচিত ভূমিকা পালন করেন শহীদ শেখ কামাল । জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সরাসরি মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন । বাংলাদেশের ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনের উন্নয়নে নিরলস কাজ করে গেছেন । তিনি ছিলেন আবাহনী ক্রীড়াচক্রের প্রতিষ্ঠা, ঢাকা থিয়েটারের অন্যতম প্রতিষ্ঠাতা, স্বাধীন বাংলাদেশে গ্রুপ থিয়েটার ফেডারেশন আন্দোলনের একজন পুরোধা । তিনি প্রতিষ্ঠা করেছিলেন স্পন্দন শিল্পীগোষ্ঠী ।

স্থায়ী প্রতিনিধি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে বাংলাদেশে যে অসামান্য অগ্রগতি সাধন করেছে, তার মধ্য দিয়েই বাস্তবায়িত হচ্ছে স্বপ্নদর্শী তরুণ শেখ কামালের স্বপ্ন । অবশেষে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জীবন ও কর্মকে অনুকরণ করে দেশের জন্য কাজ করার জন্য বর্তমান তরুণ প্রজন্মকে আহ্বান জানিয়ে রাষ্ট্রদূত মুহিত তাঁর বক্তব্য শেষ করেন ।

উন্মুক্ত আলোচনাপর্বে মিশনের কর্মকর্তা ও কর্মচারিগণ বক্তব্য রাখেন । শহীদ শেখ কামালের জীবন ও কর্মের নানাদিক উঠে আসে উন্মুক্ত আলোচনায় । শেখ কামালের আদর্শ ধারণ করে দেশের যুবসমাজ ক্রীড়া ও সাংস্কৃতিক পরিমন্ডলে বাংলাদেশকে আরো উচ্চতর আসনে তুলে ধরবে মর্মে প্রত্যাশা ব্যক্ত করেন বক্তাগণ । আলোচনাপর্ব শেষে কেক কেটে শেখ কামালের জন্মদিন পালন করার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয় । প্রেস বিজ্ঞপ্তি ।

ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে শহিদ শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী পালন

তিনি ছিলেন দেশের আধুনিক ক্রীড়াঙ্গনের পথিকৃৎ

-রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান







নিউইয়র্কঃ যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনের পাশাপাশি ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের অসামান্য অবদানের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করে আজ (শনিবার) ওয়াশিংটন ডিসি'র বাংলাদেশ দূতাবাসে যথাযোগ্য মর্যাদায় তার ৭৪তম জন্মবার্ষিকী পালিত হয়েছে ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র শহিদ শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষে সকালে দূতাবাস বঙ্গবন্ধু মিলনায়তনে বিভিন্ন কর্মসূচির আয়োজন করে ।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান কর্তৃক জাতির পিতার আবক্ষ মুর্তি এবং শহিদ শেখ কামালের প্রতিকৃর্তিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে এ কর্মসূচি শুরু হয় । এসময় মিশনের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন ।

পরে মহামান্য রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত বাণী পাঠ করে শোনান মিনিস্টার (কনসুলার) মোহাম্মদ হাবিবুর রহমান এবং মিনিস্টার (পলিটিক্যাল) মোঃ রাশেদুজ্জামান ।

এরপর শহিদ শেখ কামালের জীবন ও কর্মের ওপর একটি সংক্ষিপ্ত প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয় এবং এক আলোচনাসভা অনুষ্ঠিত হয় ।

আলোচনায় অংশ নিয়ে রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান শহিদ শেখ কামাল ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্টের হত্যাযজ্ঞের অন্যান্য শহিদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন ।

রাষ্ট্রদূত গভীর শ্রদ্ধার সঙ্গে মহান মুক্তিযুদ্ধ, যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠন এবং স্বাধীনতার পর ক্রীড়া ও সংস্কৃতির উন্নয়নে শহিদ শেখ কামালের মহান অবদানের কথা স্মরণ করেন ।

তিনি বলেন বহুমাত্রিক প্রতিভার অধিকারী শহিদ শেখ কামাল ছিলেন দেশের আধুনিক ক্রীড়াঙ্গনের পথিকৃৎ এবং যুব সমাজের জন্য আদর্শ । মহান মুক্তিযুদ্ধের পর শেখ কামাল বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার পাশাপাশি খেলাধুলা, সংস্কৃতি ও অন্যান্য ক্ষেত্রের উন্নয়নে নিজেকে উৎসর্গ করেন ।

রাষ্ট্রদূত ইমরান আশা প্রকাশ করেন শহিদ শেখ কামালের আদর্শ অনুসরণ করে দেশের তরুণ প্রজন্ম ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনকে সাফল্যের সর্বোচ্চ শিখরে নিয়ে যাবে ।

মিনিস্টার (প্রেস) এ জেড এম সাজ্জাদ হোসেন আলোচনায় অংশ নিয়ে বলেন, দেশের শীর্ষ স্থানীয় ক্লাব আবাহনী ক্রীড়া চক্র প্রতিষ্ঠার মাধ্যমে শহিদ শেখ কামাল এদেশের জনগন, বিশেষ করে ক্রীড়ামোদীদের, হৃদয়ে অমর হয়ে আছেন ।

১৯৭৫ সালের ১৫ আগস্টের কালো রাতে শহিদ শেখ কামাল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিবসহ অন্যান্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাতের মাধ্যমে দিনের কর্মসূচি শেষ হয় ।

কর্মসূচি পরিচালনা করেন হেড অব চ্যান্সারি ও কাউন্সেলর (পলিটিক্যাল) মোঃ মনিরুজ্জামান ।



এম এম শাহীনের আগামী সংসদ নির্বাচনে প্রার্থীতা ঘোষণা



নিউইয়র্ক : যুক্তরাষ্ট্র প্রবাসী সাবেক সংসদ সদস্য ও নিউইয়র্ক থেকে প্রকাশিত সাপ্তাহিক ঠিকানা'র সম্পাদকমন্ডলীর সভাপতি এম এম শাহীন বাংলাদেশ জাতীয় সংসদে প্রবাসীদের জন্য ৩০টি আসন সংরক্ষণের দাবীর পাশাপাশি প্রবাসীদের প্রবাসীদের অধিকার আদায়ে ১৫টি দাবী জানিয়েছেন। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে তিনি মৌলভীবাজার-২ (কুলাউড়া) আসন থেকে প্রতিদ্বন্দ্বিতার ঘোষণাও দেন।

এম এম শাহীন বলেন, প্রবাসীরা বাংলাদেশের উন্নয়ন ও সমৃদ্ধির প্রতীক। অতীতে জাতীয় সংসদে প্রবাসীদের অধিকার আদায়ে সোচ্চার ছিলাম, আগামীতে নির্বাচিত হলে আরো ব্যাপক ভূমিকা রাখার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বলেন, দেশে প্রবাসীদের জনপ্রতিনিধি যত বাড়বে, সার্বিক মানোন্নয়নে দেশ তত দ্রুত পাল্টে যাবে। পাশাপাশি প্রবাসীদের সম্মান ও মর্যাদার ন্যায্য হিস্যা আদায় করা ততটাই সহজ হবে। তিনি বলেন, আমাদের নিজেদের সম্মান নিজেদেরই আদায় করে নিতে হবে। বলেন, প্রবাসীরা বিজয়ী হলে দেশ বিজয়ী হবে। খবর ইউএনএ'র।

নিউইয়র্কের জ্যাকসন হাইটসে সোমবার (৩১ জুলাই) সন্ধ্যায় আয়োজিত সংবাদ সম্মেলনে এম এম শাহীন উপরোক্ত ঘোষণা দেন। সংবাদ সম্মেলনে সাপ্তাহিক ঠিকানা'র প্রধান সম্পাদক মুহম্মদ ফজলুর রহমান, নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের সভাপতি শাহ নেওয়াজ, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম ও কুলাউড়া প্রবাসী প্রবীণ ব্যক্তিত্ব গিয়াস উদ্দিন উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে এম এম শাহীন তার দীর্ঘ লিখিত বক্তব্যে প্রবাস জীবনের কর্মকান্ড ছাড়াও ইতিপূর্বে দুইবার সংসদ সদস্য নির্বাচিত হয়ে তার নির্বাচনী এলাকা ও দেশের জন্য খেদমত করার কর্মকান্ড তুলে ধরে বলেন, আবার সুযোগ পেলে আমি প্রবাসী ও দেশের জন্য কাজ করতে চাই। এজন্য তিনি সকল মহলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

সংবাদ সম্মেলনে এম এম শাহীন জাতীয় সংসদে প্রবাসীদের জন্য ৩০টি আসন সংরক্ষণ ছাড়াও প্রবাসীদের অধিকার আদায়ে ১৫টি দাবী তুলে ধরেন। অন্যান্য দাবিগুলো হচ্ছে: প্রবাসীদের মধ্য থেকেই সব সময় প্রবাসী কল্যাণমন্ত্রী নিয়োগ, যত দ্রুত সম্ভব ঢাকা-নিউইয়র্ক রুটে পুনরায় বিমান ফ্লাইট চালু, বিমানবন্দরে প্রবাসীদের বিশেষ মর্যাদা প্রদান এবং হয়রানি বন্ধে সার্বক্ষণিক তদারকি ও সরাসরি হটলাইন চালু, দেশে বিমান ও রেলযাত্রী হিসেবে প্রবাসীদের জন্য কোটা সংরক্ষণ, জাতীয় পতাকাবাহী বিমানকে দেশে দেশে ব্র্যান্ডিং করা, প্রবাসীদের রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক কর্মকান্ডে আরও ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করা, প্রবাসীদের পাসপোর্ট, জন্ম সনদ ও এনআইডি দ্রুত পাওয়ার ব্যবস্থা নিশ্চিত করা, প্রবাসীদের স্থাবর-অস্থাবর সম্পত্তি রক্ষায় অভিযোগ নিষ্পত্তির জন্য আইনশৃঙ্খলা বাহিনীর বিশেষ সেল গঠন, পাওয়ার অব অ্যাটর্নির দীর্ঘসূত্রতা ও জটিলতা নিরসন, রাজউকের হাউজিং প্রকল্পে প্রবাসীদের জন্য পট ও ফ্ল্যাট বরাদ্দের সংখ্যা বাড়ানো, দেশে কোনো প্রবাসী হত্যাকান্ডের শিকার হলে দ্রুত বিচার ট্রাইব্যুনালে বিচার কার্যক্রম নিষ্পত্তি করা, দেশে রেমিট্যান্স বাড়ানোর জন্য স্থায়ীভাবে প্রণোদনা দেওয়া এবং প্রণোদনা আড়াই শতাংশ থেকে বাড়িয়ে ৫ শতাংশ করা, প্রবাসীদের জন্য বিভিন্ন দেশে বাংলাদেশের প্রবাসী ব্যাংক স্থাপন করা এবং ঢাকাসহ বিভিন্ন বিভাগীয় ও জেলা শহরে প্রবাসীদের জন্য আলাদা পলী গড়ে তোলা, যাতে অবসরজীবনে যেসব প্রবাসী দেশে থাকতে চান এবং তারা সেখানে নিরাপদে থাকতে পারেন।

সংবাদ সম্মেলনে এম এম শাহীন বলেন, দেশের উন্নতি ও অগ্রগতির প্রধান সোপান রেমিট্যান্স। দেশের অর্থনীতিতে এই রেমিট্যান্স অক্সিজেনের মতো ভূমিকা পালন করছে। ২০০৮ সালের বিশ্বমন্দা পরিস্থিতিতে বাংলাদেশকে সংকটমুক্ত করতে ভূমিকা রেখেছিল এই রেমিট্যান্স। ২০২১-২২ সময়ে কোভিড-১৯ পরিস্থিতি আমাদের অর্থনীতিকে নতুন এক পরীক্ষার সম্মুখীন করে। কিন্তু এই সংকটময় সময়েও দেশের অর্থনীতির ওপর কোনো আঁচ লাগতে দেননি দেশপ্রেমিক প্রবাসীরা। বাংলাদেশ যতগুলো বৈশ্বিক সংকটের মুখোমুখি হয়েছে, প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সের কারণে সেখান থেকে রক্ষা পেয়েছে। গত পাঁচ দশকে দেশের অর্থনীতিতে এই রেমিট্যান্স গুরুত্বপূর্ণ অবদান রাখছে। আজকের যে বদলে যাওয়া বাংলাদেশ, এর পেছনে প্রবাসীদের অবদান অনস্বীকার্য। এসব কারণে প্রবাসীদের এসব দাগুলো এখন সময়ের দাবিতে পরিণত হয়েছে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে এম এম শাহীন বলেন, প্রবাসীরা রেমিট্যান্স পাঠানোর পাশাপাশি দেশে আধুনিক শিক্ষা, চিকিৎসা ও তথ্যপ্রযুক্তির জোগান দিচ্ছেন। কিন্তু দুঃখজনক হলো প্রবাসীরা প্রতিনিয়ত সংসার, সমাজ তথা দেশের ঘানি টেনে ক্লান্ত হয়ে একটু সুখের পরশ লাভের প্রত্যাশায় যখন দেশে ফেরেন, তখন তাদের জন্য অপেক্ষা করে সীমাহীন লাঞ্ছনা-বঞ্চনা, অবহেলা ও পদে পদে হয়রানি। বিমানবন্দর থেকে পরিবার সর্বত্রই যেন প্রবাসীদের জন্য ফাঁদ পাতা। দেশের বিমানবন্দরে কন্ট্রাক্ট বাণিজ্য, ইমিগ্রেশনে হয়রানি, লাগেজ সমস্যা, দেশের বাসস্ট্যান্ড, রেল স্টেশন ও লঞ্চ টার্মিনালে হয়রানি। এত ঝক্কি পেরিয়ে বাড়ি ফিরেও নেই স্বস্তি। এলাকার মাস্তানদের চাঁদাবাজির শিকার। চাঁদা না দিলে হুমকি-ধমকি। শারীরিকভাবেও অনেকে লাঞ্ছিত হন। দীর্ঘদিন প্রবাসে অবস্থান করায় অনেক প্রবাসীর জমিজমা, সহায়-সম্পদও প্রভাবশালীরা এমনকি নিকটাত্মীয়রাও দখল করে বসে থাকে। এসব নিয়ে মুখ খুললে সংশিষ্ট প্রবাসীর ওপর নেমে আসে মানসিক ও শারীরিক অত্যাচারের খড়গ। শুধু তা-ই নয়, এ নিয়ে হামলা-মামলারও শিকার হন প্রবাসীরা। ভয়ে বিচার চাইতেও পারেন না। প্রবাসীকে এমনভাবে হয়রানি করা হয়, যাতে তিনি সব ছেড়ে দেশ থেকে আবার প্রবাসে ফিরে যেতে বাধ্য হন। এমন অনেক ঘটনাও আছে, সম্পত্তির দখল বুঝে পাওয়া তো দূরের কথা, কেবল প্রাণ নিয়ে অ্যাম্বুলেন্সে করে বিমানবন্দরে এসে বিদেশে ফেরত এসেছেন। এসবের অবসান হওয়া দরকার। আর এসব কারণেই প্রবাসীদের পক্ষে কথা বলতে সংসদে প্রতিনিধিত্ব করতে চাই। প্রবাসীদের সহযোগিতা কামনা করে তিনি বলেন, প্রবাসীরা বিজয়ী হলে দেশ বিজয়ী হবে।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.



বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর
MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
MLS
যোগাযোগ
Cell: 917-502-6445



গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮



ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়

বাংলাদেশের জনগণ ও সরকার ঠিক করবে নির্বাচনের পদ্ধতি

ঢাকা ডেস্ক, ৪ আগস্ট : ভারত মনে করে বাংলাদেশের জনগণ ও সরকারই আসন্ন নির্বাচনের পদ্ধতি বিষয়ে সিদ্ধান্ত নিবে। তবে বিরোধী পক্ষের তত্ত্বাবধায়ক সরকার বিষয়ে ভারতের কোনো মতামত নেই বলে জানিয়েছেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র অরিন্দম বাগচী। গতকাল নয়াদিল্লিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক ব্রিফিংয়ে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। বাংলাদেশের নির্বাচন নিয়ে বিভিন্ন দেশের পক্ষ থেকে বিবৃতি ও প্রতিক্রিয়া জানানো হলেও এই প্রথম ভারতের পক্ষ থেকে কোনো প্রতিক্রিয়া জানানো হলো।

ব্রিফিংয়ে প্রশ্ন করা হয় বিশ্বের বিভিন্ন দেশ বাংলাদেশের নির্বাচন প্রসঙ্গে মন্তব্য করেছে, ভারত করেনি। উত্তরে মুখপাত্র বলেন, বিশ্ব করতেই পারে। ভারত হলো ভারত। বাংলাদেশ আমাদের ঘনিষ্ঠ প্রতিবেশী। সেখানে কিছু ঘটলে ভারতে প্রভাব পড়ে। আমরা চাই অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন।

দীর্ঘদিন পর বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা সম্প্রতি বিরোধী বিএনপি নেতাদের সঙ্গে নৈশভোজ করেছেন। তারপর বিএনপি নেতারা জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে নির্বাচনকালীন সরকার গঠন করলেই তারা নির্বাচনে অংশগ্রহণ করবেন। জবাবে মুখপাত্র বলেন, নির্বাচনকালীন সরকারের বিষয়ে কোনো মন্তব্য করব না। অন্য একটি প্রশ্নের উত্তরে ব্রিকস রাষ্ট্রগুলোর নতুন সদস্য সম্পর্কে মুখপাত্র বলেন, ভারত অন্য দেশের বিষয়ে আপত্তি করছে বলে যে সংবাদ প্রকাশিত হয়েছে তা অসত্য। নিয়ম অনুযায়ী ব্রিকস সদস্য রাষ্ট্রের সর্বসম্মতিক্রমে সদস্য করা হয়। আগস্টে দক্ষিণ আফ্রিকায় ব্রিকস শীর্ষ সম্মেলন হচ্ছে। ভারতীয় সংবাদমাধ্যমে প্রকাশিত হয়েছে প্রধানমন্ত্রী মোদি সম্মেলনে যাবেন না। তিনি ভার্চুয়াল যোগ দেবেন। দক্ষিণ আফ্রিকা ইতোমধ্যে বাংলাদেশকে সদস্য হওয়ার আমন্ত্রণ জানিয়েছে। বাংলাদেশ সেই প্রস্তাব গ্রহণ করেছে। এ ছাড়া আর্জেন্টিনা ও সংযুক্ত আরব আমিরাতকেও আমন্ত্রণ জানানো হয়েছে।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)



একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্ভার
- কাজের সময় দুর্ঘটনা
- মিসিনারি ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।



37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD
KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SE CI
সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F and MD OCFR



বাংলাদেশের প্রতিটি মানুষের স্পন্দনে
হে জাতির পিতা, তুমি আছো, তুমি রবে চিরকাল

শোকাবহ আগস্ট

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদগণ সহ ১৫ই আগস্টের সকল শহীদদের প্রতি

বিনম্র শ্রদ্ধা

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

ল'অফিস অব
রুমা জান্নাতুল
ইমিগ্রেশন ল' অফিস
কানুন কার্যালয়

- ইমিগ্রেশন
  * গ্রীন কার্ড * সিটিজেনশিপ
  * এসাইলাম * আপিল
  * I-130 * বিজনেস ইমিগ্রেশন
- ডিভোর্স / ম্যাট্রিমনিয়াল
  * চাইল্ড সাপোর্ট * কাস্টডি
- এক্সিডেন্ট এন্ড ইনজুরি
- রিয়েল স্টেট ক্লোজিং
- ল্যান্ডলর্ড এন্ড ট্যানেন্ট
  * ইভেকসান
- সিভিল কোর্ট প্রসিডিংস



৬ দিনই খোলা

এটর্নী জান্নাতুল রুমা
জুরিস ডক্টর
এটর্নী এ্যাট ল' (নিউইয়র্ক)

বিশ্বস্ততার সাথে বাংলাদেশী কমিউনিটিকে আইনি সহায়তা প্রদান

(516) 549-6707
(718) 427-1233
37 11 74th Street,Suite # F2
Jackson Heights, NY 11372
rumalawny@gmail.com
www.rumalawny.com



পশ্চিমবঙ্গে পিকে হালদারের ভাই প্রাণেশের কয়েক কোটি রুপির সম্পত্তি জব্দ

ঢাকা ডেস্ক, ৪ আগস্ট : পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার অশোকনগরের কয়েকটি জায়গায় তল্লাশি অভিযান চালিয়ে বাংলাদেশ থেকে কয়েক হাজার কোটি টাকা আত্মসাৎ ও পাচারের অভিযোগে অভিযুক্ত পি কে হালদারের ভাই প্রাণেশ হালদারের একাধিক সম্পত্তির হদিস পাওয়া গেছে। বৃহস্পতিবার বিকেলের পর এই অভিযান চালায় বহু আলোচিত এই মামলার তদন্তকারী সংস্থা 'এনফোর্সমেন্ট ডিরেক্টরেট' (ইডি)। ইডি সূত্রের খবর, আনুমানিক ১২ কোটি রুপিরও বেশি সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে।

এদিন অশোকনগরের দক্ষিণ পল্লী ও আদর্শ পল্লী-এ দুইটি এলাকায় বাড়ি, বাগানে (প্রায় আট বিঘা জায়গা) নোটিশ টাঙিয়ে যায় ইডির কর্মকর্তারা। সেইসঙ্গে ওই বাড়িগুলোকে সিলগালা করে দিয়ে যায়। সেক্ষেত্রে আপাতত এই সম্পত্তিগুলো ইডির হেফাজতে রইলো। দুটি জায়গাই পিকের ভাই প্রাণেশ হালদারের নামে রয়েছে বলে জানা গেছে। যদিও পরবর্তী সময়ে অন্য এক ব্যক্তির উপর ওই সম্পত্তির দায়িত্ব দিয়ে বর্ধমানে চলে যান প্রাণেশ।

ইডির অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (কলকাতা আঞ্চলিক অফিস-২) নীরজ কুমার সিংয়ের স্বাক্ষর করা ওই নোটিশে বলা হয়েছে, 'পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত ওই সম্পত্তি হস্তান্তর, বিক্রি, দান বা মর্টগেজ হিসেবে ব্যবহার করা যাবে না।'

উল্লেখ্য, ২০২২ সালের ১৪ মে পশ্চিমবঙ্গের রাজারহাটের বৈদিক ভিলেজ, বোর্ড হাউস ১৫, গ্রিনটেক সিটি থেকে গ্রেফতার করা হয় পিকে হালদার ওরফে প্রশান্ত কুমার হালদার ওরফে শিবশঙ্কর হালদারকে। এছাড়াও অশোকনগর, বর্ধমানসহ একাধিক জায়গায় অভিযান চালিয়ে গ্রেফতার করা হয় পিকে হালদারের আরও ৫ সহযোগীকে। তারা হলেন-পিকের ভাই প্রাণেশ হালদার, স্বপন মিস্ত্রি ওরফে স্বপন মৈত্র, উত্তম মিস্ত্রি ওরফে উত্তম মৈত্র, ইমাম হোসেন ওরফে ইমন হালদার এবং আমানা সুলতানা ওরফে শর্মী হালদার। এরপর ওই বছরের ২১ মে 'অর্থ পাচার সংক্রান্ত আইন-২০০২' (চগখঅ)-এ তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়।

ইতিমধ্যে কলকাতার নগর দায়রা আদালতে অভিযুক্তদের বিরুদ্ধে চার্জ গঠন করা হয়েছে। আদালতের নির্দেশে বিচার বিভাগীয় হেফাজতে রয়েছে ছয় অভিযুক্ত। বর্তমানে অভিযুক্ত পিকে হালদারসহ ৫ পুরুষ অভিযুক্ত রয়েছে কলকাতার প্রেসিডেন্সি কারাগারে। অন্যদিকে একমাত্র নারী অভিযুক্ত রয়েছেন আলিপুর কেন্দ্রীয় কারাগারে।

যদিও নতুন নতুন তথ্য সন্ধানে এখনো তদন্ত চালিয়ে যাচ্ছে ইডির কর্মকর্তারা। প্রয়োজনে কারাগারে গিয়েই অভিযুক্তদের জিজ্ঞাসাবাদের পর্বও জারি রয়েছে। অভিযুক্তরাও তদন্তে সহায়তা করছেন।

ইতিমধ্যেই পি কে হালদারের থেকে ভারতীয় মুদ্রায় ১৫০ কোটি রুপির বেশি অর্থ উদ্ধার করা হয়েছে। এছাড়াও তাকে জেরা করে প্রায় একাধিক বাড়ি, ফ্ল্যাট, বোট হাউস, অসংখ্য জমি, ব্যাংক অ্যাকাউন্টের হদিস পাওয়া গেছে। সেগুলো কোনোটা পিকে হালদার বা তার সহযোগীদের নামে, কোনোটা আবার বেনামে। উদ্ধার হয়েছে বেশকিছু ইলেক্ট্রনিক গ্যাজেট। পাশাপাশি আধার কার্ডসহ ভারতের বিভিন্ন সচিত্র পরিচয়পত্র পাওয়া গেছে। বাংলাদেশ, ভারত, ও গ্রানাডার পাসপোর্টের অধিকারী ছিলেন পি কে হালদার।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Realty Inc.

আমাদের সেবা সমূহঃ
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price বিশাল মূল্যহ্রাস

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)

প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেওলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb

বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল

লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

শাইক কার্টকিস, স্নালবন, স্ট্রাইপ বাস, সীবাস, স্নেপার, হ্যাডক, ফ্লাউন্ডার, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমনহেলপস ফ্রাইস	$ 9.99
ফ্রোজেন স্যালমন ফ্রাইস	$ 18.99
স্যাম্বার স্যালমন ফ্রাইস	$ 13.99
সুলতানা স্যালমন ফ্রাইস	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com



ট্রুডোকে নিয়ে জোর গুঞ্জন

পররাষ্ট্রমন্ত্রীর প্রেমে পুড়ল প্রধানমন্ত্রীর ঘর!

ঢাকা ডেস্ক, ৪ আগস্ট : কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো (৫১) এবং স্ত্রী সোফির (৪৮) বিচ্ছেদের খবর এখন 'টক অব দ্য টাউন'। দীর্ঘ ১৮ বছরের সম্পর্কের ইতি টেনেছে জনপ্রিয় এ দম্পতি।

বিচ্ছেদের পরপরই ট্রুডোকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমজুড়ে শুরু হয়েছে জোর গুঞ্জন। নানান ধরনের জল্পনা-কল্পনায় নিজেদের মতামত জানাচ্ছেন নেটিজেনরা।

অনেকের ধারণা, দেশটির পররাষ্ট্রমন্ত্রী মেলানিয়া জলির সঙ্গে সম্পর্কের জেরেই পুড়ল প্রধানমন্ত্রীর ঘর। তবে মেলানিয়া জোলি ও ট্রুডোকে নিয়ে এর আগেও অনেকবার মুখরোচক গল্প রটলেও এবার সেই গুঞ্জন যেন আরও জোরালো হয়ে উঠল। তবে পরকীয়া দোষেই শুধু নয়, ট্রুডোর 'সমকামী' কেচ্ছাও ঘুরছে সামাজিকমাধ্যমে। এপি।

বুধবার সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে আনুষ্ঠানিকভাবে ট্রুডো দম্পতি বিচ্ছেদের ঘোষণা দেয়। সব অভিযোগের উর্ধ্বে মেলানিয়া জোলির সঙ্গে ট্রুডোর ঘনিষ্ঠ সম্পর্ককেই সবাই দায়ী করছে সম্পর্ক ভাঙার পেছনে।

২০২০ সালে মেলানিয়া জোলির সঙ্গে পরিচয় হয় জাস্টিন ট্রুডোর। ঠিক এক বছর পর, ২০২১ সালেই কানাডার পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্বে আসেন মেলানিয়া জলি। এরপর দুজনকে একসঙ্গে মধ্যাহ্নভোজে দেখা গেছে।

কারও কারও দাবি, ট্রুডোকে গভীর রাতে জোলির অ্যাপার্টমেন্ট ছেড়ে যেতে দেখা গেছে। তবে কথিত এসব ব্যাপারগুলো নিয়ে রয়েছে ধোঁয়াশা। কেননা বিচ্ছেদের কারণ নিয়ে ট্রুডো দম্পতি কোনো মন্তব্য করেননি।

মেলানিয়া জোলি ১৬ জানুয়ারি, ১৯৭৯ সালে মন্ট্রিল, কুইবেকে জন্মগ্রহণ করেছিলেন। বর্তমানে তার বয়স ৪৪ বছর। ট্রুডোর লিবারেল পার্টি অব কানাডার একজন সদস্য। ২০১৫ সালের ফেডারেল নির্বাচনে তিনি এমপি নির্বাচিত হন।

২০১৩ সালের মন্ট্রিল পৌরসভা নির্বাচনে, জোলি মেয়র পদে দাঁড়িয়েছিলেন এবং চূড়ান্ত বিজয়ী ডেনিস কোডেরের থেকে দ্বিতীয় স্থানে ছিলেন।

২০১০ সালে কানাডিয়ান সাংস্কৃতিক সম্প্রদায়ের মানবিক কার্যকলাপের জন্য তিনি আর্নল্ড এডিনবরো পুরস্কার জিতেছিলেন। এরপর তাকে ২০১৩ সালে জাস্টিন ট্রুডোর লিবারেল পার্টি অব কানাডার নেতৃত্বের প্রার্থিতা নির্বাচিত করা হয়েছিল।




বাংলাদেশে শান্তিপূর্ণ নির্বাচন প্রত্যাশা ভারতের

ঢাকা ডেস্ক, ৫ আগস্ট : ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র অরিন্দম বাগচী বলেছেন, বাংলাদেশের জনগণের আকাঙ্ক্ষা অনুযায়ী নির্বাচন হবে। তারাই সবকিছু নির্ধারণ করবেন। বৃহস্পতিবার নয়াদিল্লিতে সাপ্তাহিক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বলেন, পুরো বিশ্ব এতে মন্তব্য করতে পারে, কিন্তু ভারত ভারতের মতোই। বাংলাদেশের সঙ্গে আমাদের একটি বিশেষ সম্পর্ক রয়েছে। আমি মনে করি, সেখানে অনেক ধরনের কার্যক্রম চলছে। লোকজন সম্ভবত সেগুলোর সম্পর্কে মন্তব্যও করছে। তিনি আরও বলেন, অবশ্যই ভারত ঘনিষ্ঠভাবে পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। আমরা আশা করি, সেখানে শান্তিপূর্ণ নির্বাচন হবে। কোনো সহিংসতা হবে না। নির্বাচন পরিকল্পনা অনুযায়ী অনুষ্ঠিত হবে।

নিজেকে নির্দোষ দাবি ট্রাম্পের



ঢাকা ডেস্ক, ৫ আগস্ট : ভোটের ফল পাল্টে দেওয়ার ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে দায়ের হওয়া মামলায় নিজেকে আবারও নির্দোষ দাবি করেছেন মার্কিন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

বৃহস্পতিবার রাজধানী ওয়াশিংটন ডিসির একটি আদালতের শুনানিতে হাজির হয়ে তিনি এ দাবি করেন। ২০২০ সালে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের ফল পাল্টে দেওয়ার ষড়যন্ত্রের গুরুতর অভিযোগ রয়েছে তৎকালীন এই প্রেসিডেন্টের বিরুদ্ধে। ওই ভোটকে কেন্দ্র করে ২০২১ সালের ৬ জানুয়ারি হামলা হয় ক্যাপিটল হিলে, যেখানে দেশটির আইনসভা বা কংগ্রেস ভবন অবস্থিত।

নিউ ইয়র্কের হাসপাতালে বাংলাদেশি চিত্রশিল্পী জিহানের আঁকা ম্যুরালের আসর




ঢাকা ডেস্ক, ৫ আগস্ট : যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বাংলাদেশি আমেরিকান তরুণ চিত্রশিল্পী জিহান ওয়াজেদের আঁকা ম্যুরাল উপলক্ষে জমাজমাট আসর অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২ আগস্ট) জিহানের আঁকা ম্যুরাল নিয়ে কমিউনিটি ম্যুরাল পেইন্ট পার্টির আয়োজন করে কুইন্স হাসপাতাল কর্তৃপক্ষ। হাসপাতালের মূল ভবন চত্বরে দুপুর ১২টা থেকে বেলা ৩টা পর্যন্ত অনুষ্ঠিত এই আসর সবার জন্য উন্মুক্ত ছিল। এতে শিল্পী জিহান ওয়াজেদসহ হাসপাতালের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, চিকিৎসক, নার্স এবং স্বাস্থ্যকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে গত এপ্রিল মাসে নিউইয়র্ক সিটির হেলথ অ্যান্ড হাসপাতাল বিভাগ তাদের নিয়ন্ত্রণাধীন কুইন্স জেনারেল হাসপাতালের ম্যুরাল আঁকার জন্য মনোনীত করে জিহানকে। বাংলাদেশি অধ্যুষিত জ্যামাইকার এই হাসপাতালে দু'টি দেয়ালে বিশালকায় দু'টি ম্যুরাল আঁকবেন জিহান ওয়াজেদ। এজন্য প্রাথমিক চুক্তিপত্র সম্পন্ন হয়েছে এবং প্রস্তাবিত ডিজাইন দেওয়া হয়েছে হাসপাতাল কর্তৃপক্ষকে। এ সপ্তাহেই শুরু হবে ম্যুরাল আঁকার কাজ।

শিল্পী জিহান ওয়াজেদের স্টুডিও ম্যানহাটানের ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে। তার অন্যতম শিল্পকর্মের মধ্যে রয়েছে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ভবন, নিউইয়র্ক আন্তর্জাতিক স্পোর্টস কমপ্লেক্স বিলি জিন কিং ন্যাশনাল টেনিস সেন্টার ও ওয়েলকাম এস্টোরিয়া।

সম্প্রতি বাংলাদেশী আমেরিকান ব্যবসায়ীদের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় জিহানের আঁকা বাংলাদেশ ম্যুরাল ব্যাপক সাড়া জাগিয়েছে কমিউনিটিতে।

FAMILY DENTAL



We Do Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংড়ভরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝাবরহধি ঝাংববঃ,
অংড়ভরধ, ঘঢ
ঘ রংধরহ ড়ভ ৩০ অব, ঝাধঃরড়হ
ঞবঃ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CPA
ARMAN CHOWDHURY, CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686

87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET



মৃত্যুর পরের জীবনের প্রস্তুতি নিতে হবে

(শেষের পাতার পর)

আগমন এবং তারপর মৃত্যুবরণ–এই সময়টুকু দুনিয়ার জীবন। দুনিয়ার জীবনের সমাপ্তি মৃত্যুতে। এর মাধ্যমে আমরা দুনিয়ার জীবনের নির্ধারিত আয়ু শেষ করে বারজাখ-জীবনে প্রবেশ করি। একেই বলা হয় মৃত্যু বা মরণ। জীবমাত্রই মরণশীল। কোরআন মাজিদে রয়েছে, 'প্রত্যেক সত্তাই মৃত্যুর স্বাদ আস্বাদন করবে' (সুরা-৩ আল-ইমরান, আয়াত: ১৮৫)। মৃত্যুর পর থেকে কিয়ামত তথা হাশর-নশর ও বিচার ফয়সালার পূর্ব পর্যন্ত সময়কে বারজাখ বা অন্তর্বর্তীকালীন সময় বলা হয়। বারজাখ-জীবনকে সাধারণভাবে কবরজীবন বলা হয়ে থাকে। কারণ, স্বাভাবিক অবস্থায় মৃতদেহ বা লাশ কবর দেওয়া হয়ে থাকে।

যাদের বিশেষ কোনো কারণে কবর বা দাফন হবে না, তাদেরও বারজাখ-জীবন একই রকম হবে। যদিও কবর বারজাখের সমার্থক নয়, তবুও বারজাখ-জীবন বোঝাতে কবর শব্দটি ব্যবহৃত হয়ে আসছে। বারজাখ-জীবন বা কবরে প্রত্যেক মানুষকে তিনটি প্রশ্ন করা হবে। এই প্রশ্ন করার জন্য যে ফেরেশতাগণ আসবেন, তাঁদের উপাধি বা পরিচয় হলো 'মুনকার-নাকির'।

পরকালের চিরস্থায়ী ও অনন্ত জীবনের সুখের জন্য ক্ষণস্থায়ী দুনিয়াতে নেক আমলের মাধ্যমে প্রস্তুতি গ্রহণ করা উচিত

মুনকার-নাকির অর্থ হলো অপছন্দের বা অবাঞ্ছিত এবং অযাচিত। যেহেতু বারজাখবাসী ব্যক্তি প্রশ্নকারী ফেরেশতাদের বিষয়ে অনাগ্রহী থাকবেন, তাই তাঁদের এরূপ পরিচিতিমূলক পদবি ব্যবহার করা হয়েছে।

প্রশ্ন তিনটি হলো, 'তোমার রব কে? তোমার দ্বিন বা ধর্ম কী? তোমার নবী (আদর্শ বা অনুকরণীয়) কে?' প্রশ্নের শেষাংশটি বিভিন্ন বর্ণনায় বিভিন্নভাবে রয়েছে। যেমন প্রিয় নবী হজরত মুহাম্মদ (সা.)-এর প্রতি ইঙ্গিত করে বলা হবে, 'এই ব্যক্তি কে?' বিশ্বাসী ও সৎ কর্মশীলগণ উত্তর দেবেন–'আমার রব আল্লাহ, আমার ধর্ম ইসলাম, আমার নবী হজরত মুহাম্মদ (সা.) অথবা 'ইনি হলেন প্রিয় নবী হজরত মুহাম্মদ (সা.)।'

কাফের বা অবিশ্বাসী পাপাচারীরা বলবেন, 'হা! লা আদরি।' 'হায়! আমি কিছুই জানি না।' মুমিনদের সঠিক উত্তর শোনার পর বলা হবে, 'তাকে জান্নাতি পোশাক পরিয়ে জান্নাতি বিছানা সাজিয়ে দাও এবং জান্নাতের সঙ্গে সংযোগ দিয়ে দাও।' তাদের উদ্দেশ্য করে আরও বলা হবে, 'নবদম্পতির মতো সুখে-শান্তিতে আরামে ঘুমাও।' আর অবিশ্বাসী পাপী যাঁরা উত্তর দিতে ব্যর্থ হবে, তাদের জাহান্নামের আজাব শুরু হয়ে যাবে।

দুনিয়ার জীবন আখিরাতের শস্যক্ষেত্র। তাই প্রতিটি মুহূর্তে সব চিন্তাচেতনায় ও কর্মসাধনায় আখিরাত বা পরকাল এবং বারজাখ বা কবরজীবনকে স্মরণ করে চলতে হবে। মুনকার-নাকিরের প্রশ্নের উত্তর সহজ করতে প্রিয় নবীজি (সা.) বলেছেন, 'তোমরা সকাল ও সন্ধ্যায় সাতবার করে বলবে, আমি সন্তুষ্ট হলাম আল্লাহকে রব হিসেবে গ্রহণ করে, ইসলামকে দ্বিন-ধর্ম তথা জীবনবিধানরূপে পালন করে এবং হজরত মুহাম্মদকে (সা.) নবী হিসেবে বরণ করে।'

এটি এমন একটি ঘোষণা, যার মাধ্যমে আমরা পরকালের স্মরণ এবং সে মর্মে কর্মসাধনের প্রত্যয় ব্যক্ত করি ও উদ্দীপনা লাভ করি। আমাদের বিশ্বাসে, আচার-আচরণে, কাজে-কর্মে যদি উক্ত বিশ্বাসের প্রতিফলন থাকে, তবেই ওই তিন প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব হবে, অন্যথায় নয়। বারজাখ-জীবনের পর রোজ কিয়ামতে হাশরের দিনে পাপ-পুণ্যের বিচার হবে। অপরাধীরা শাস্তি পাবে, অবিশ্বাসীরা জাহান্নামে চলে যাবে। কোরআন মাজিদে রয়েছে, 'অতঃপর তারা সেখানে আর মৃত্যুবরণ করবে না এবং সুখের জীবনও পাবে না।' (সুরা-৮৭ আলা, আয়াত: ১৩)।

'আর অবিশ্বাসী কাফেররা বলবে–হায়! আমরা যদি মাটিতে মিশে যেতে পারতাম।' (সুরা-৭৮ নাবা, আয়াত: ৪০) নেককারগণ পুরস্কৃত হবেন, বিশ্বাসীগণ জান্নাতে চিরসুখের স্থায়ী নিবাস লাভ করবেন।

আল্লাহ তাআলা প্রিয় নবীজি (সা.)-এর উদ্দেশে বলেন, 'আর অবশ্যই আপনার জন্য প্রথম জগৎ দুনিয়া অপেক্ষা আখেরাতই উত্তম বা শ্রেয়। অচিরেই আপনার রব আপনাকে দান করবেন, যাতে আপনি সন্তুষ্ট হয়ে যাবেন।' (সুরা-৯৩, ওয়াদ-দুহা, আয়াত: ৪-৫) পরকাল অনন্ত জীবনের পুরস্কার সম্পর্কে আল্লাহ রাব্বুল আলামিন আরও বলেন, 'যারা ঈমান আনে ও সৎকর্ম করে, তাদের সুসংবাদ দাও যে তাদের জন্য রয়েছে জান্নাত–যার নিম্নদেশে ঝরনা প্রবাহিত।...এবং সেখানে তাদের জন্য পবিত্র সঙ্গী রয়েছে। তারা সেখানে অনন্তকাল স্থায়ী হবে।' (সুরা-২ বাকারা, আয়াত: ২৫)

তাই পরকালের চিরস্থায়ী ও অনন্ত জীবনের সুখের জন্য ক্ষণস্থায়ী দুনিয়াতে নেক আমলের মাধ্যমে প্রস্তুতি গ্রহণ করা উচিত।

মুফতি মাওলানা শাঈখ মুহাম্মাদ উছমান গনী
যুগ্ম মহাসচিব, বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি; সহকারী অধ্যাপক, আহ্ছানিয়া ইনস্টিটিউট অব সুফিজম

চুলের যত্নে রিঠা

(শেষের পাতার পর)

ফেরায় চুলের ঝলমলে ভাব। তবে আগেকার দিনে তো এত বিকল্প ছিল না। তখন কিভাবে মাথার ত্বক পরিষ্কার করা হতো? সে সময় চুলের যত্নে ভরসা রাখা হতো রিঠার ওপর। চুলের সব সমস্যাই সমাধান করার ক্ষমতা রয়েছে এই উপাদানটি। মূলত রিঠা একটি ফল। এটি নিষ্প্রাণ চুলে প্রাণ ফেরাতে দারুণ কার্যকর। কেন ব্যবহার করবেন রিঠা? চলুন জানা যাক-

মাথার ত্বক পরিষ্কার রাখে : শরীরের নির্দিষ্ট কিছু অঙ্গের মতো মাথার ত্বকও স্পর্শকাতর। তাই ক্ষারযুক্ত শ্যাম্পু ব্যবহারে ত্বকের ক্ষতি হওয়ার আশঙ্কা থাকে। এ দিক বিবেচনায় রিঠা নিরাপদ একটি উপাদান। এটি কোনো ক্ষতি না করেই মাথার ত্বক পরিষ্কার রাখে।

নেই কোনো রাসায়নিক : কেবল ক্ষার নয়, রাসায়নিকের দিক থেকেও রিঠা নিশ্চিন্তে ব্যবহার করতে পারেন। বাজারের বিভিন্ন শ্যাম্পুতে অতিরিক্ত ফেনা হওয়ার জন্য, খুশকি নিয়ন্ত্রণে রাখার জন্য নানা রাসায়নিক মেশানো হয়। অন্য দিকে কোনো ধরনের রাসায়নিক ছাড়াই রিঠা খুশকি কমায়। রয়েছে প্রাকৃতিক রঙ : রিঠার নিজস্ব একটি রঙ রয়েছে। এটি পাকা চুল ঢাকতেও সাহায্য করে। তবে এর জন্য শুধু রিঠা ব্যবহার করে, সাথে মেহেন্দির গুঁড়ো মেশাতে হবে। তাহলে রঙ ভালোভাবে বোঝা যাবে।

চুলের যত্নে কিভাবে রিঠা ব্যবহার করবেন? : রিঠা সাধারণত শ্যাম্পু হিসেবেই ব্যবহার করা হয়। একটি বড় পাত্রে পানি নিয়ে তার মধ্যে এক মুঠো রিঠা দিয়ে ভালো করে ফুটিয়ে নিন। এই মিশ্রণ ঠাণ্ডা হলে হাত দিয়ে চটকে রিঠার রস বের করে নিন। এবার পরিষ্কার একটি কাপড়ে ছেঁকে নিয়ে রিঠার অবশিষ্ট অংশ ফেলে দিন। ব্যাস, প্রাকৃতিক শ্যাম্পু তৈরি। এবার মাথার ত্বকে ও চুলে এই মিশ্রণ লাগান। কিছুক্ষণ পর ধুয়ে ফেলুন।

















ব্রাহ্মণবাড়ীয়া সোসাইটি অব ইউএসএ ইনক এর বার্ষিক বনভোন

প্রবাসের অন্যতম সংগঠন ব্রাহ্মণবাড়ীয়া সোসাইটি অব ইউএসএ ইন্ক'র বার্ষিক বনভোজন-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। ৩০ জুলাই হ্যাকশেয়ার স্টেট পার্কের টেইলর প্যাভিলিয়নে আয়োজিত এই বনভোজন ও মিলন মেলায় সমবেত হয় বিপুল সংখ্যক প্রবাসী ব্রাহ্মণবাড়ী-য়াবাসী সহ কমিউনিটির অনেক গুরুত্বপূর্ণ নেতৃবৃন্দ ও ব্যক্তিবর্গ। আগতরা সকাল থেকেই বাস ও নিজস্ব পরিবহণযোগে একে একে উপস্থিত হতে থাকেন। বনভোজন আহ্বায়ক কমিটির আহ্বায়ক শফিউদ্দিন কামাল, প্রধান সময়ন্বকারী সিরাজ উদ্দীন মোর্শেদ, সমন্বয়কারী গোলাম মোস্তফা , সদস্য সচিব আল মামুন সরকার এবং সংগঠনের সভাপতি এইচ এম ইকবাল, উপদেষ্টা কাজী হেলাল আহমেদ, উপদেষ্টা নাছির উদ্দীন সরকার, উপদেষ্টা রেজাউল রাব্বানী স্বপন, সি-নিয়র সহ-সভাপতি রানা মো: আয়াজ, সাবেক সভাপতি এবং বাংলাদেশ সোসাইটির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সৈয়দ এম কে জামান, সাবেক সভাপতি সেলিম রেজা পাঠান, সাবেক সভাপতি বাহার উদ্দীন খান, সাবেক সভাপতি এম এ হাকিম খান এবং সম্মানিত অথিতিবৃন্দ ও কমিটির অন্যান্য সদস্যদের সাথে নিয়ে বনভোজনের শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক শাহ মোফাচ্ছের আহমেদ। সম্মানিত অথিতিবৃন্দ যারা উপস্থিত ছিলেন ব্রাহ্মনবাড়ীয়ার কৃতি সন্তান জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের সামরিক উপদেষ্টা বিগ্রেডিয়ার জেনারেল সাদেকুজ্জামান, ব্রাহ্মনবাড়ীয়া সোসাইটির প্রতিষ্টাতা সভাপতি সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা শহিদুর রহমান, ব্রাহ্মনবাড়ীয়ার কৃতিসন্তান অবসরপ্রাপ্ত কাষ্টম কমিশনার বিশিষ্ট ব্যাবসায়ীক সমাজ সেবক বীর মুক্তিযোদ্ধা আব্দুল হক, ব্রাহ্মণবাড়ীয়ার কৃতি সন্তান সাউথ ইস্ট ইউএসএ গ্রুপ এর সিএও প্রফেসার এহেতাশামুল হক, প্রগ্রেস রিয়েল্টির সিএও প্রিন্স রহমান, কমিউনিটির অত্যন্ত পরিচিত মুখ যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা ডা: মাসুদুল হাসান, কমিউনিটির অত্যন্ত পরিচিত মুখ যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা সরাফ সরকার, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী কণ্ঠযোদ্ধা বীর মুক্তিযোদ্ধা রথীন্দ্রনাথ রায়, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কার্ত্রকার্যনির্বাহী কমিটির কার্যকরী সদস্য কামাল হোসেন রাকিব, কুমিল্লা সমিতির সাবেক সিনিয়র সহ-সভাপতি খবির উদ্দীন ভূইয়া, বৃহত্তর কু-মিল্লা সমিতির অন্যতম নেতা সিরাজুল ইসলাম সরকার, বৃহত্তর কুমিল্লা সমিতির অন্যতম সহ-সভাপতি তৈমুর রাজা, বৃহত্তর কুষ্টিয়ায় সোসাইটির সভাপতি খন্দকার জমিরউদ্দীন, জ্যামাইকা ফ্রেন্ড সোসাইটির সভাপতি ফকরুল ইসলাম দেলোয়ার, বাংলাদেশ সোসাইটির কার্যকরী সদস্য মো: আকতার বাবুল, অবসরপ্রাপ্ত অতিরিক্ত পুলিশ সুপার মো: শাহজাহান মিয়া, পুলিশ অফিসার ইনসার্জ সাইদুর রাহমান প্রমুখ।

এবারের বনভোজনে দিনব্যাপী অনুষ্ঠানসূচীতে ছিল খেলা-ধূলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‍্যাফেল ড্র। বনভোজনকে সফল করে তুলতে আহ্বায়ক শফিউদ্দিন কামাল বনভোজন ,কমিটির প্রধান সমন্বয়কারী ছিলেন সিরাজউদ্দিন মোর্শেদ এবং সদস্য সচিব ছিলেন আল মামুন সরকার, যুগ্ম আহ্বায়ক রাশেদ আল হাসান, শফিকুল ইসলাম ও ছবুর আহমেদ। সমন্বয়কারী ছিলেন গোলাম মোস্তফা এবং যুগ্ম সদস্য সচিব ছিলেন বছির আহমেদ।

খেলাধুলায় শিশু-কিশোর ও যুবকদের বিভিন্ন ইভেন্ট ছাড়াও ছিল মহিলাদের ও পুরুষদের বিভিন্ন ইভেন্ট। দিন শেষে খেলাধূলায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। দুপুরে ছিল নানা স্বাদের খাবারের সুব্যবস্থা। উপস্থিত ব্রাহ্মণবাড়ীয়াবাসী দিনভর গল্প-গুজব, আড্ডা আর কুশল বিনিময় করে কাটিয়েছে।

বনভোজনের সার্বিক সহযোগিতায় ছিলেন রফিকুল ইসলাম হেলাল, মো: মোর্শেদুর রহমান, আনোয়ারুল ইসলাম, জালাল উদ্দীন, মতিউর রহমান খান, হেলাল মিয়া, দেওয়ান মো: হাসান, মো: ইয়াসিন আরাফাত, আনোয়ারুল হক সুজন, সেলিনা আক্তার, আনিছুর রহমান ও শাকিল।

সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন বাহার উদ্দীন খান, সৈয়দ এম কে জামান, এম এ হাকিম খান, রানা মো: আয়াজ, হাবিবুর রহমান, একেএম নাছির উদ্দীন, আবু হেনা দীপন, খলিলুর রহমান কাজল, আকতার হোসেন, জহিরুল ইসলাম ও আবুল বাশার।

এছাড়াও সার্বিক তত্ত্বাবধানে ছিলেন হাসেন মাহমুদ খান, কাজী জাহাঙ্গীর আলম, কাজী হেলাল আহমেদ, মো: শহিদুল হক, নাছির উদ্দীন সরকার, এসএম আব্দুর রউফ, রেজাউল রাব্বানী স্বপন, গোলাম কিবরিয়া, মো: আলী বাবু, আবুল হোসেন, একেএম শফিকুল ইসলাম, মোয়াজ্জেম হোসেন মাসুদ, দেওয়ান আশরাফ আলম, সামছুজ্জামান, সাঈদ এ ইসলাম, আশরাফুল বাসার, মো: মোর্শেদ মিয়া, সুরাইয়া আক্তার প্রমুখ। বনভোজনে দেশ ও প্রবাসের জনপ্রিয় শিল্পীবৃন্দ সঙ্গীত পরিবেশন করে সবাইকে মাতিয়ে তুলেন।

সব শেষে ছিল আকর্ষণীয় র‍্যাফেল ড্র। পুরস্কারের তালিকায় ছিল এয়ার টিকেট, স্বর্নের চেইন, , ল্যাপটপসহ আকর্ষণীয় ১০টি পুরস্কার। এবারের বনভোজনকে ঘিরে সংগঠনের পক্ষ থেকে সেলিম রেজা পাঠান এর সম্পাদনায় 'আবহমান তিতাস' নামে একটি স্মরণিকা প্রকাশ করা হয়। বেলা শেষে সংগঠনের সভাপতি এইচ এম ইকবাল বনভোজনে আগত সকলকে ধন্যবাদ জানান এবং সমাপ্তি ঘোষণা করেন।

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorized e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিপু ভাভাত
ফারহানা আমিরান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের

(শেষের পাতার পর)

দায়িত্ব হল তা নিশ্চিত করা । যে কোন গোষ্ঠী যারা হতে পারে কোন ভিন্ন ধর্মাবলম্বী, জাতিগোষ্ঠী অথবা রাজনৈতিক আদর্শের বিশ্বাসী তাদের প্রত্যেকের সংবিধানসম্মত উপায়ে প্রতিবাদ এবং তাদের মতামত প্রকাশের অধিকার রয়েছে ।

অতীতে কোন রাজনৈতিক দল কি আচরণ করেছে তার অজুহাতে বর্তমানে তাদের উপরে অত্যাচার ও নৃশংসতা গণতান্ত্রিক মূল্যবোধের পরিপন্থী । যে কারণে পূর্ববর্তী সরকার বা দল যে সব ভুল করেছে তাদের করা অত্যাচার অথবা ভুলের অজুহাত তুলে বর্তমানে তাদের উপরে সেই একই রকম অত্যাচার ও নৃশংসতা মূলত তাদের গৃহীত পদক্ষেপ গুলোকেই সমর্থন ও সিলমোহর প্রদান করা হয় ।

বর্তমান বাংলাদেশ সরকার ও তাদের উপর যে দায়িত্ব আছে তা যেন তারা গণতান্ত্রিকভাবে প্রয়োগ করে, ধর্ম-বর্ণ-গোত্র নির্বিশেষে যেন রাজনৈতিক বিশ্বাসের কারণে যেন কেউ কোন ভাবে বৈষম্যের শিকার না হয় তা দেখা সরকারের সাংবিধানিক দায়িত্বের মধ্যে পড়ে ।

তাই সরকারের কাছে আমাদের প্রত্যাশা যেন সরকার কোন অজুহাতেই বা কোনো কারণেই কোন সংখ্যালঘু সম্প্রদায়, সংখ্যালঘু জনগোষ্ঠী যা কিনা হতে পারে ধর্মীয়, বর্ণীয়, ভাষাগত অথবা রাজনৈতিক বিশ্বাসের প্রেক্ষিতে- তাদের উপরে কোন অন্যায় আচরণ না করে ।

সেই সাথে বিগত সাতাশে জুলাই বিএনপির সভা সভা সমাবেশ কে কেন্দ্র করে যে নৃ অত্যাচার করা হয়েছে তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি ।

নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের ভোটার

(শেষের পাতার পর)

ফলে প্রশ্নবিদ্ধ হয়ে পড়েছে সংগঠনের নেতৃত্ব, অনিশ্চয়তার মুখে দাঁড়িয়েছে আসন্ন নির্বাচন, দেখা দিয়েছে ভাঙ্গন আর বিভক্তি । পাশাপাশি এনিয়ে সংগঠনের কোন কোন সদস্য ও সাবেক কর্মকর্তা ক্ষোভ প্রকাশ করেছেন । সচেতন সদস্যরা সংগঠনের বৃহত্তর স্বার্থে বিভ্রান্তি সৃষ্টি না করে সকলকে নিয়ে পূর্ব ঘোষিত ৪১৭জন সদস্য/ভোটার নিয়েই নির্বাচন অনুষ্ঠানের দাবী জানিয়েছেন ।

জানা গেছে, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের ভোটার হওয়ার সর্বশেষ তারিখ ছিল চলতি বছরের গত ৩০ জুন । ঐদিন সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি হাসানুজ্জামান ও প্রতিষ্ঠাতা প্রধান উপদেষ্টা নাসির আলী খান পল সহ সংগঠনের বিশিষ্ট ব্যক্তিবর্গের নেতৃত্বে ২৫১ জন ভোটার জমা হয় । আর বর্তমান সভাপতি ডা. মোঃ আব্দুল লতিফ-এর কাছে সর্বোচ্চ ১৫০ জন মেম্বার জমা হয় বলে ডা. লতিফ সবার সামনে ঘোষণা দেন । এছাড়া আরো ১৬ জন সদস্যের তালিকা, তার অফিসে তার অনুপস্থিতিতে জমা দেওয়া হয় বলে ডা. লতিফ জানান । সব মিলিয়ে ২০২৩ এর নির্বাচনের জন্য সর্বোচ্চ ৪১৭ জন ভোটার আছে বলে ডা. লতিফ সকল পক্ষের উপস্থিতিতে একটি লিখিত প্রত্যয়ন পত্র দেন । যার খবর নিউইয়র্কের বিভিন্ন মিডিয়ায় প্রকাশিত হয় ।

কিন্তু ফাউন্ডেশনের বিভিন্ন পক্ষ এই মেম্বারশীপের চূড়ান্ত তালিকাটি জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে প্রকাশের দাবী জানালেও নানা অজুহাতে সদস্য/ভোটার তালিকা প্রায় চার সপ্তাহ পর গত ২৮ জুলাই শুক্রবার সভাপতি ডা. লতিফ একটি গড়মিলের তালিকা প্রকাশের অপচেষ্টা করেন বলে জানা যায় । হঠাৎ করেই গেলো শুক্রবার ডা. লতিফ তার কাছে জমা থাকা ১৫০জন ভোটারের তালিকাটিকে দুই শতাধিক বলে দাবি করেন । ঐদিন নির্বাচন কমিশনের কাছে চূড়ান্ত ভোটার তালিকা দেওয়ার কথা থাকলেও সংশিষ্ট অনেকের অভিযোগের পরিপ্রেক্ষিতে চূড়ান্ত তালিকা প্রকাশ আরো এক সপ্তাহ সময় বাড়িয়ে দেয়া হয় ।

গত শুক্রবার অনুষ্ঠিত বিশেষ সভায় প্রধান নির্বাচন কমিশনার ডা. মাসুদুল হাসান, কমিশনের অন্যতম সদস্য ডা. রুহুল কুদ্দুস এবং মোহাম্মদ দবিরুল ইসলাম উপস্থিত ছিলেন ।

এছাড়াও সংগঠনের বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে প্রাক্তন প্রধান উপদেষ্টা নাসির আলী খান পল, বর্তমান প্রধান উপদেষ্টা ও সভাপতি প্রার্থী ডা. চৌধুরী সারোয়ার হাসান, উপদেষ্টা জহিরুল ইসলাম টুকু, সহ-সভাপতি ডা. নার্গিস রহমান, সহ-সম্পাদক মোঃ মিল্টন, প্রাক্তন কোষাধ্যক্ষ ও সহ-সভাপতি আবু তাহের, রাজশাহী জেলার প্রাক্তন সভাপতি মোঃ মোতাহার হোসেন, চাঁপাইনবাবগঞ্জ জেলার প্রাক্তন সভাপতি মনিরুল বাচ্চু, রাজশাহী জেলা সমিতির সভাপতি শমসের আলম, রংপুরের সভাপতি মিজানুল হাসান, প্রাক্তন অধ্যক্ষ আবুল কালাম আজাদ, শাহাবুদ্দিন বাচ্চু, রাহিমুল হুদা ও শরিফুল ইসলাম প্রমুখ সভায় উপস্থিত ছিলেন বলে ফাউন্ডেশন সূত্র জানায় । সূত্র মতে, সভায় উপস্থিত প্রায় সকলেই ভোটার তালিকা চূড়ান্তকরণের গড়িমসির সমালোচনা এবং বর্তমান সভাপতি ডা. লতিফ যেন তার ৩০ জুনের ঘোষণা মোতাবেক অতি দ্রুত সর্বোচ্চ ৪১৭ জনের তালিকা প্রকাশ করেন । যাতে করে নির্বাচন কমিশন আগামী কার্যকরী কমিটির নির্বাচন সম্পন্ন করতে পারেন । এব্যাপারে ডা. আব্দুল লতিফের সাথে ফোনে যোগাযোগ করা হলে তাকে পাওয়া যায়নি ।

অপরদিকে প্রধান নির্বাচন কমিশনার ডা. মাসুদুল হাসান জানান, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সবকিছুই ঠিকঠাক আছে । সবমিলিয়ে আমাদের কাছে ৪৪২জন সদস্য/ভোটারের তালিকা রয়েছে । আমরা এনিয়ে কাজ করছি ।



ATTORNEY
M. MUSTAFA
(A full service Law Firm)
LLB Honors (1st Class)
LLM (1st Class). Bangladesh
Barrister-At-Law, London
Attorney-At-Law. NY
718-487-4873

PERSO AL INJURY & DEATH DAMAGES CLAIMS
- Lead Poisoning
- Construction Work
- Slip and Fall
- Medical & dental Malpractice
- Hospital Negligence
- Delayed Treatment
- Failure to Diagnose
- Cancer & other fatal diseases
- Anesthesia & Gynecologic Surgery Malpractice
- Defective Child Birth
- Nursing Home Neglect and abuse etc.
- Wrongful Death Claim
- Car and Bi-cycle Accident and injury
- Taxi, Bus- Subway, and Train accidents
- Elevator and Escalator Accident
- Explosion and Fire Accident
- Defective product and electrical shock

IMMIGRATION MATTERS
- Green Card through "EB1 TO EB5"
- Political Asylum
- Detention and Bond
- All immigration court issues and cases
- Cancellation of Removal
- Adjustment of Status
- Condition Removal
- Business Immigration HB, L1, E2
- Green Card Replacement /Renew
- Complex Citizenship
- Re-entry permit
- Collection of Immigration Record
- Waiver
- Deportation
- Family Petitions
- Green card through Adoption or Orphan
- Immigration Appeals and Motions
- Canadian Immigration
- Student Visa process for USA, Canada, UK

GENERAL PRACTICE AREAS
- Divorce and Family Matter
- Child Support and Modification
- Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure
- Bankruptcy
- All civil Matters
- Landlord-Tenant
- Incorporation
- Power of Attorney
- Wills, Trust, and Estate Planning
- Overtime and Wages Issue
- All Criminal Matters

148-45 Hillside Ave, Suite 203, Jamaica, NY 11435
Phone : 718-487-4873 Text : 917-285-6247 Email : abmostofa1@gmail.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি ।

Appointment:
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয় ।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com





বেঙ্গলি ইন্টারন্যাশনাল লিটারারী সোসাইটির রকল্যান্ড রিট্রিট এন্ড বুক ফেয়ার

নিউইয়র্কঃ নিউইয়র্কে চেস্টনাট রিজে প্রথমবারের মত অনুষ্ঠিত হয়েছে বেঙ্গলি ইন্টারন্যাশনাল লিটারারী সোসাইটির রকল্যান্ড রিট্রিট অ্যান্ড বুক ফেয়ার। মেলাকে ঘিরে লেখক-প্রকাশক-কবি-সাহিত্যিকের পদভারে মুখরিত ছিল সবুজে ঘেরা মনোরম পরিবেশের চেস্টনাট রিজ। উৎসবমুখর পরিবেশে 'বনের মাঝে লেখার খোঁজে' স্লোগানে রকল্যান্ড রিট্রিট অ্যান্ড বুক ফেয়ার শুরু হয় গত ২৯ জুলাই শনিবার। প্রবাস প্রজন্মে বাংলা সংস্কৃতির ফল্গুধারা প্রবাহিত করতে সকলে একযোগে কাজের সংকল্প ব্যক্ত করার মধ্য দিয়ে দু'দিনব্যাপী সফল সাহিত্যানুষ্ঠান ও বইমেলা শেষ হয় ৩০ জুলাই রোববার রাতে।

৩০ জুলাই ১ম দিন আনুষ্ঠানিক উদ্বোধনের আগে সকালে ছিল বনের মাঝে হাঁটা, ইয়োগা এবং সাঁতারকাঁটা। এখানে ছিলো ক্যাম্পিংয়ের ব্যবস্থাও।

সুবিশাল তাবুর নিচে সুসজ্জিত মিলনায়তনে বিপুল সংখ্যক লোকের উপস্থিতিতে উদ্বোধনী অনুষ্ঠানে আমেরিকান ইংরেজী ভাষার সঙ্গীত শিল্পীরা বাংলায় "আমার সোনার বাংলা"- জাতীয় সঙ্গীত গেয়ে দর্শকদের মুগ্ধ করেন দারুণভাবে।

অনুষ্ঠানের আয়োজক বেঙ্গলি ইন্টারন্যাশনাল লিটারেরি সোসাইটি'র প্রতিষ্ঠা সভাপতি বিজ্ঞানী ও ছড়াকার ড. ধনঞ্জয় সাহা এবং ইভেন্ট কমিটির আহবায়ক বাংলাদেশ রাইটার্স ক্লাব কানাডা'র সভাপতি কবি, আবৃত্তিশিল্পী ও সংগঠক মৌ মধুবন্তী স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বাংলাদেশ রাইটার্স ক্লাব কানাডা'র সচিব, শিক্ষক ও লেখক মানসী সাহা।

রিবন কেটে অনুষ্ঠান উদ্বোধন করেন প্রতিবন্ধী স্কুল অটো স্পীচট স্কুল এর প্রতিষ্ঠাতা এবং ডাইরেক্টর জ্যানেট রড্রিগেজ।

অনুষ্ঠানের প্রধান অতিথি বাংলাদেশের জাতিসত্তার কবি বাংলা একাডেমির মহাপরিচালক মুহম্মদ নূরুল হুদা এবং বিশেষ অতিথি ভারত থেকে সমাজ সচেতন নারীবাদী কবি সুবোধ সরকার যুক্ত হয়েছিলেন অনলাইনে।

জুমে রাইটিং ফ্রম দি রিডার্স পার্সপ্যাক্টিভের উপর বক্তব্য রেখেছিলেন নর্থ ক্যারোলাইনা থেকে প্রফেসর ড. জর্জ গোপেন।

অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন সাউথ ক্যারোলাইনা থেকে নিউরোসাইকোলজিস্ট, অথার ও পাবলিশার ড. হাওয়ার্ড র‍্যানকিন। তার বিষয় ছিল হাউ নট টু থিঙ্ক অ্যান্ড রাইট ইফেক্টিভলী।

